1973

CA-41

093.7
P.926

ID=589N12_CA-41

41

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

কর্মসচিব
স্বপন চক্রবর্তী

সম্পাদক
রুদ্রাংশু মুখোপাধ্যায়

ভারপ্রাপ্ত অধ্যাপক
অরুণকুমার দাশগুপ্ত

পৌষ ১৩৭০

ডিসেম্বর ১৯৭৩

093.7
P.926

প্রচ্ছদপট ও নামপত্র

সত্যজিত রায়

সূচী

না পড়লেও চলবে ॥	৫	॥ রুদ্রাংশু মুখোপাধ্যায় ॥
নির্বাহ ॥	৭	॥ হারুণ তাজিয়েফ ; অনুবাদ : বিষ্ণু দে ॥
খরা—১৯৭২ ॥	১০	॥ দেবাশিস গঙ্গোপাধ্যায় ॥
রবীন্দ্রনাথের রাজনৈতিক ভাবনা : দুটি সূত্র ॥	১২	॥ স্বপন চক্রবর্তী ॥
শরৎচন্দ্র : ব্যক্তি ও সমাজের দ্বন্দ্ব ॥	১৮	॥ তপোব্রত ঘোষ ॥
হিন্দু নবজাগরণ ও বঙ্কিমচন্দ্র ॥	২৩	॥ কমলকুমার ঘটক ॥
প্রাজ্ঞতা ॥	২৯	॥ বার্ণিক রায় ॥
৪ঠা মার্চ, ১৯৬৯ ॥	৩০	॥ জিষ্ণু দে ॥

CONTENTS

Yours Affectionately	1	K. Zachariah.
Rabindranath	10	Amal Bhattacharji.
The Statistics of Death	13	Atindra Mohon Goon.
A Criticism of the Age	21	Supriya Das Gupta.
The Role of Death in *Antony & Cleopatra*	25	Shirshendu Chakrabarti.
Science : illusion and reality	31	Sumit Ranjan Das.
Civilisation—its Origins and Constituents	41	Sipra Ganguly.
The Report of the Publication Secretary	47	Swapan Chakravorty.
Notes on Yours Affectionately, K. Zachariah	50	Nilmoni Mukherjee/Hiren Chakrabarti.
Prof. S. N. Bose : A Personal Tribute	55	Jishnu Dey.

Published by the Principal, Presidency College, Calcutta 700012 and Printed by P. C. Ray
at Sri Gouranga Press P. Ltd., 5 Chintamani Das Lane, Calcutta 700009.

না পড়লেও চলবে

"Words whose utter inanity proved his insanity"
Lewis Carrol; *The Hunting of the Snark.*

প্রেসিডেন্সি কলেজের একটা পত্রিকা আছে; সেটাকে নিয়মিত প্রকাশ করার একটা দুশ্চেষ্টা চলেছে। গত বছরের সংখ্যা হয়ত আপনাদের অনেকেরই চোখে পড়ে থাকবে। শুভার্থীদের সব আশা ধূলিসাৎ করে এই যে আবার একটা সংখ্যা আপনাদের কাছে পৌঁছে দেওয়া গেল সেটা ঐ দুশ্চেষ্টারই পরিণাম। আশ্বাস দিচ্ছি, কাগজের মান এখনো বেশ ভালো—উনোন আগের মতই ধরানো যাবে।

প্রেসিডেন্সি কলেজ পত্রিকার উন্নাসিকতা নিয়ে বাজারে অনেক দিনের দুর্নাম আছে। আমরা দেখে খুশি হয়েছি যে আমাদের এক বন্ধু কলেজের পত্রিকাও আমাদের এই উন্নাসিকতার প্রতি নজর দিয়েছেন। আমরা আশা করছি যে গত বছরের মত, এই বারের পত্রিকাও উন্নাসিকতার দুর্নাম বজায় রাখতে পারবে। কলেজের কিছু ছাত্রছাত্রীও এই উন্নাসিকতার প্রতি গতবার নাক সিটকিয়েছিলেন। তাঁরা অবশ্য একটা ছোট কথা ভুলে গিয়েছিলেন : কলেজের ছাত্রছাত্রীরা যেভাবে কলেজ পত্রিকা গড়ে তুলতে চান, কলেজ পত্রিকা ঠিক সেই ভাবেই গড়ে ওঠে। মনে রাখবেন সম্পাদক লেখা নির্বাচন করেন মাত্র, লেখার ভার কিন্তু আপনাদের ওপর। অতএব যখন দেখা যায় যে এই রসরঙ্গপিপাসু ছাত্রবৃন্দ রসসৃষ্টি করতে নারাজ তখন যে কটি গুরুগম্ভীর প্রবন্ধ ছাত্র ও প্রাক্তন ছাত্রদের কাছ থেকে পাওয়া যায় তাই দিয়েই পত্রিকার পাতা ভরাতে হয়। ভালো গল্প বা হাল্কা প্রবন্ধ ছাপাবার জন্য আমরা উদ্‌গ্রীব, আপনারা লিখুন তাহলেই আমরা ছাপাবো।

যাঁরা নাক সিটকিয়েছিলেন তাঁরা এক দিক থেকে ভালো। কারণ তাঁরা পত্রিকা সম্বন্ধে সচেতন। আরো এক দলকে কলেজে দেখা যাচ্ছে যাঁরা পত্রিকা বেরুলো কি না বেরুলো, ভালো হল কি খারাপ হল তা সম্পর্কে একেবারেই উদাসীন। দুঃখে অনুদ্বিগ্ন ও সুখে বিগতস্পৃহ এই পাশবালিশের দল ভগবদ্‌গীতার আদর্শ মানুষ হতে পারেন, আজকের দিনে বিপদ ঘটান। এঁদের যত তাড়াতাড়ি কলেজ থেকে অগস্ত্য যাত্রা হয় ততই মঙ্গল।

পত্রিকাটি একবার উল্টে দেখবেন—এই অনুরোধ সকলকে করবো। এই শক্ত কাজটা যদি একবার করে ফেলেন, তাহলেই বুঝতে পারবেন যে অর্থনীতি, বাংলা, দর্শন ও বিজ্ঞানের ছাত্ররা আগের থেকে অনেক বেশী পড়াশুনো করছেন, আজকাল তারা বেশী করে কম লিখছেন। স্নাতকোত্তর ছাত্রছাত্রীদের কাছ থেকে এবারও লেখা কম এসেছে। ধন্যবাদ।

রুদ্রাংশু মুখোপাধ্যায়

নির্বাহ

হারুণ তাজিয়েফ
অনুবাদ/বিষ্ণু দে

সেই দিনই, আমরা, বাইকে চেপে চলেছি, লিএজ্ থেকে সের‍্যাঁয়, ম্যাকাডামে, ডান দিক ঘেঁষে। অর্নেস্ট্ আর জাঁ-পিএর গাইড হিসাবে, আর প্রায় পঞ্চাশ মিটার পিছনে পিছনে আর্সেন্ আর আমি, দুটো জি, পি, নয় নম্বর পকেটে। আমরা সের‍্যাঁয় যাচ্ছিলুম এক বেইমানের ওপর চড়াও করতে, সে আমাদের চারজন কমরেড্কে বেচে দিয়েছে। কিন্তু সে আরেকটা ইতিহাস। এখন তোমাকে যেটা বলতে চাই সেটা হচ্ছে আরসেন্ কি রকমে কমিশের্ জোবাকে ঘায়েল করেছিল। পেড্ল করতে করতে সে-ই আমাকে বলেছিল।

আর্সেন্ ছেলেটা শান্ত প্রকৃতির, সহজে রক্ত গরম করে না। তার মাথাটা সুন্দর বল্ব না জোরালো বল্ব, জানি না। বেঁটেই বলা চলে, ঘন লম্বা বাদামী চুল। আমার বেশ মনে আছে তার ধূসর চোখের দৃঢ় শান্ত দৃষ্টি এক গোছা হাল্কা ভুরুর তলায়। চোয়াল উঁচু আর তখন (সে দুঃসময়ে প্রায়ই চেহারা বদলাতে হত তো) খুব হাল্কা সরু গোঁফ ছিল তার।

সে জনগণেরই সন্তান ছিল কিন্তু বেআইনী যুগের আগে তার কি পেশা ছিল তা ঠিক আমার জানা নেই। সে আমাদের "স্পেশ্যাল্ ব্রিগেড্"-এ ছিল! গুটি বারো দৃঢ়প্রতিজ্ঞ ছেলে ছিল আমাদের দলে। তাদের ওপর একান্ত প্রয়োজনভার ছিল বিশ্বাসঘাতক, খয়ের খাঁ, গেস্টাপিস্ট বা যেসব বেল্জীয়ান্ শত্রুপক্ষে চলে গেছে, তাদের শেষ শাস্তি দেওয়া। চুয়াল্লিশের মে মাসে একটা বিশ্বাস-ঘাতকতায় তারা সবাই ধরা পড়ে, লিএজে তাদের বিচার হবার কথা এবং কেল্লায় গুলিতে শেষ করা হবে ঠিক ছিল, আরসেন্ ও বাকি সবাই।

সেদিনই তো এইভাবে সের‍্যাঁর দিকে চললুম। আমাদের আলাপ হচ্ছিল অস্ত্রশস্ত্র নিয়ে। আমি ওকে জিজ্ঞাসা করলুম ও ৭·৬৫ এম্. এম্.-এর চেয়ে ৯ এম্. এম্. বেশি পছন্দ করে কি না।

—"ওঃ, ওসব প্রায় একই জানো। অবশ্য নয় নম্বরে একটু সুবিধা আছে। তবে আমার পক্ষে ও একই ব্যাপার। আজকাল যেসব অস্ত্রশস্ত্র হচ্ছে, তার মুস্কিল হল যে ঠিক চলবে কিনা বোঝা যায় না। যদি কিছু বিলেতী মাল প্যারাশুট্ করা যেত,

---

হারুণ তাজিয়েফ্ কুর্দিশ যুবক। বেলজিয়াম্-ফ্রান্সে নাৎসী বিরোধী প্রতিরোধে বীরত্ব প্রমাণ করেন। তাঁর এই ফরাসী গল্পটির জন্য অনুবাদক শ্রীযুক্ত পার্-র নিকট কৃতজ্ঞ।

তাহলে হত ভালো। গত বছরে যে কোল্ট ৯টা পেয়েছিলুম, সেইরকম। সেটা একেবারে খাঁটি জিনিস ছিল। কি বিশ্রীই লাগে যদি সব হারিয়ে যায়, তোমার মনে থাকতে পারে সেবারের লোক-সানটা, জার্মানরা যখন উবেরের গ্রেপ্তারের পরে ডিপার সন্ধান পেয়ে গেল। সেখানে আমাদের ছোটো যে বিলেতী মেশিনগান ছিল, সেগুলোও নামকরা জিনিস, কিন্তু আজকাল কি জিনিসই পাই আমরা।"

আমি বল্লুম—"তা বটে। ঐ বিলেতী চিজ্ সব পাওয়া যায় শুধু উত্তরাধিকারে। জানি না কিভাবে রবেরের মারফৎ পাওয়া যেত। তার এক সংগঠনের সঙ্গে জানাশোনা ছিল, যারা লণ্ডনের সাহায্য পেত। হ্যাঁ, রবেরের কৃপায় আমরা বিলেতী অস্ত্র, বিলেতী বোমা পট্‌কা পেতুম। বল্‌ছ ভালো কিনা? সে সব ভারি সৌখীন বস্তু। গাদবার দরকার নেই, চর্বির মতো নমনীয় আর এমনি জোর—ঐটুকু তোমায় বলতে পারি। আর তেলও পাওয়া যেত, যেটা র‍্যামারের জন্যে লাগে। এর্নেস্ট একবার তিনদিনের এক অভিযানে গেল তার খোঁজে ফ্ল্যান্ডার্সে মুস্ক্রোঁ অঞ্চলে কোথায়। ব্যাপারটা বুঝছ তো? সারা বেলজিয়ম পার হয়ে ব্রুসেলের মধ্যে দিয়ে, ঘাড়ে দুটো বিরাট থলে, নমনীয় বস্তুতে, পাইপে আর গুলি বারুদে ভর্তি? রসিকতা নয়। কিন্তু ওদের ওসব আমাদের দেবার ইচ্ছা হয় না। আমি তো ভাবি কেমন করে এসব লোকই ঐ সব জিনিস পায়। তবু যদি ওরা এসবের আরেকটু সদ্ব্যবহার করত, তো ভাগাভাগি না করার জন্যে না হয় ক্ষমা করা যেত।"

"ঐ—"আর্‌সেন্ বল্লে—"ঐ তো হচ্ছে ক্যাপি-টালিস্টদের রীতি। আমার সন্দেহই হয় ঐ সব যন্ত্রধারীদের বিষয়ে, যারা আর্দেনে গান করে' বেড়ায় মেশিনগান আর পাইপ (রিভলভার) হাতে। ওরা সব যায় গাঁয়ের পথে ওড়াতে ওদের মে...কিন্তু তাছাড়া..."

নীরবতার মধ্যে আমরা চললুম চাকা ঘুরিয়ে ঘুরিয়ে। আর্‌সেন্ আবার তার চিন্তায় ফিরে এল।

—"এইসব অস্ত্রশস্ত্র, যা জাতীয় (ফাব্রিক নাশিওনাল) কারখানা থেকে পাই অতি নিরেশ মাল। নড়বড়ে বুড়োর হাতের কাজ নিশ্চয়ই, মাথা খেয়ে রাখে। কিন্তু তবু কি জোর, যখন ব্যবহারে লাগে আমাদেরই হাতে।"

"শোন, মাসখানেক আগের ব্যাপার। আমাকে পাড়তে হল ঐ বোবা কোটালকে। জানিস্ তো, এই রেক্সিস্ট হতভাগাটা অনেক লোক ধরে রেখেছিল। খুব সহজ ছিল না, কারণ উল্লুকটা আমায় সন্দেহ করত, শালা! সর্বদাই এক চাকা গাড়ীতে ঘুরত আর সময়ের কিছু ঠিক থাকত না। যে সময়টা খরচ হল শুধু বেটাকে চোখে চোখে রাখতে, হালচাল একটু আঁচ করবার জন্যে। আমাদের ছুটোছুটিও করিয়েছে; সে দেমাক বেটা করতে পারে।

"যে রাস্তায় ও থাক্‌ত, প্রত্যেক কোণে কোণে কালোকুর্তি পাহারা বসানো—আফিস ঘাঁটি অবধি। দাঁড়াবার জো ছিল না বেশিক্ষণ ওর অপেক্ষায়, তাহলেই কালোকুর্তিরা রশুন ছাড়ত। তবু যদি খুব চালাক হত—শয়তান শালারা।

"যা হোক্ ওর বাড়ী থেকে বাইরে আনাগোনার ছক্ সব জানা গেল, সব চালাকি সত্ত্বেও—ঐ রাস্তাতেই এক বুড়োর বাড়ী থেকে। কিন্তু জানলা দিয়ে তাকানোটা খুব সোজা ছিল না, কারণ বুড়োর বাড়ীটা জোবার বাড়ী থেকে একশো মিটার টাক্, জানলা খোলাটা নিরাপদ ছিল না ঐ কালোকুর্তির জন্যে। তেরছাভাবে দেখতে হত, আর্শির ভেতর দিয়ে। আর ও বেরোলেই—টেলিফোন আসত। আমি ওর ঘাঁটি থেকে বেশি দূরে থাকতুম না। বাইরে লাফ দিয়ে ছুটতুম কমিশরিয়েটের দিকে। জোবা সেখানে যদি যায়, তো আমার কপাল খোলে। সাত সাতবার আমি সেখানে গিয়ে দেখি লবডঙ্কা: ও আর কোথায় গেছে। চারবার গুলি করবার চেষ্টা করলুম, কিন্তু বেটা যা লাফিয়ে গাড়ী থেকে নামত আর যা ঝাঁপিয়ে পড়া আফিসের ভেতর। আরেক-বার, গুলির পক্ষে আমি বড়ো দূরে ছিলুম। আবার আরেকবার হল কি, সামনে দিয়ে একটা ছ্যাকরা গাড়ী গেল পথটা আটকে। শেষটা তো তুমি জানো! ইস্, দিনের পর দিন কি রকম নষ্ট করেছি...তেরো-বার সেখানে গেছি, জানি না এ যে মনটা কতো

বিষিয়ে দেয় তা তুমি বোঝো কিনা। তারপরে, সেদিন সকালে, কমরেড্‌টি আবার টেলিফোন করলে। তোবা, তোবা, আমি ভাবলুম, যাই আরেক-বার হাওয়া খেয়ে আসি।

"বাইকে বেরোলুম সেই পথে। শেষটায় আমি হিসেব করতে পারতুম কতক্ষণ ওর গাড়ীতে লাগবে ওর বাসা থেকে আপিসে আসতে। তখন আমি নিজের গতি ঠিক করতে শিখে গেছি। আমি তখন স্পেশ্যালিস্ট হয়ে উঠেছি।

"দেখলুম গাড়ীটা থামল, আমার থেকে এই পঁচিশ মিটার টাক্‌ তফাৎ। অভ্যাস মতো তাড়াতাড়ি নামল। আমি বাইক থেকে তাগ্‌ করলুম আমার ন নম্বর ফব্রিক নাশিওনাল। দুত্তোর! প্রথম কার্তুজের পরেই খট্‌! মুণ্ডপাত! থাক, কপাল-জোরে সরে পড়লুম খুব। বোধ হয় আমার পিছু পিছু গুলি করল, ঠিক মনে নেই; এতো জোরে পা চালালুম যে আর ভাবনা চিন্তার ক্ষমতা ছিল না। গাড়ীটা ঘুরিয়ে নেবার আগেই আমি দুটো মোড় ঘুরে সটান বাড়ীতে হাজির।

"আমার আক্ষেপটা, উঃ তুমি বুঝবে না! আমি ভাবলুম ঐ লোকটা আর তো ওর বাড়ী থেকে ঐ পথে আসবে না, আরো অনেক হুঁসিয়ার থাকবে! আর এতোদিন এতো নজর দিয়ে শেষটা গুলি ফেঁসে গেল।...আর সব কিনা একটা রদ্দি পট্‌কার জন্যে, যেটায় দুটো গুলিও চলে না!

"বাড়ীতে তো পেঁছলুম। আমার পিছনে কেউ ছিল না। বেটারা সময়ই পায় নি। আমার ঘরে উঠলুম, দুশমন পাইপটায় কি আটকেছে দেখতে।

"আরে দাদা বন্দুকটা একটা কলার মতো বাঁকা তল্‌তলে। তুমি যদি জানো কি করে তৈরী হয়, একটা কলা...ফাব্রিক্‌ নাশিওনালের গোঁজালি কিনা জানতে হয় নাকি! কিন্তু আমার তো কাজ হাসিল হল না।

"যাক্‌, ব্যাপারটা বড়োই খারাপ হল। একটু ঝোল রুটি খেয়ে নিলুম। মনে হল ফুটো হয়ে গেছি। তারপরে এলুম আরমাঁর বাড়ী, জানো তো, আমার দলের কমাণ্ডাণ্ট্‌। মাগো, তাকেও তো সব বলতে হবে। তারপরেই বা কি করতে হবে তাও জানা তো দরকার।

"তার বাড়ীতে এলুম। সে তখন ছিল না। তোমায় বলা দরকার যে বেআইনীর আগে থেকেই তার সঙ্গে আমার চেনা ছিল। তাই তার স্ত্রী আমায় ভেতরে ডাকল। আবার সে আমায় ঝোল খেতে দিলে। আমার তখনও গলা ঘড়ঘড় করছে। কিন্তু তাকে তো আর সে কথা বলতে পারি না, বুঝছই তো। এক একবার মনে হচ্ছিল সব বলে ফেলি নাম করে করে।

"শেষে আরমাঁ এসে পড়ল। ওর বউ বেরিয়ে গেল।

"'ভালো কাজ করেছ আরসেন্‌!'—আমায় সে বল্লে।

"আমি তার দিকে তাকালুম।

"তুমি আমার দিকে নল চালাতে পারো—আমি বল্লুম—এই তো পাইপ :

"'তোমার নল নিয়ে আমি কি করব'—সে বল্লে—'একবার তো গুলি চলে মোটে।'

"হ্যাঁ—আমি বল্লুম—কিন্তু আবার চালাবার দরকার হলেও যে চলে না।

"সে বল্লে, 'কি, আবার চালাবার?'

"বেন্‌,—আমি বল্লুম—হ্যাঁ যদি আরেকবার ছুঁড়তে না পেরে থাকি, সে শুধু এই পাইপটার জন্যে, আটকে গেল বলে।

"'কি রকম, আরেকবার ছুঁড়বে'—সে বল্লে।

"হ্যাঁ—আমি বল্লুম।

"'হে ভগবান!'—সে বলে উঠল। আর ব্যাঙ্গোর মতো চোখ করে সে আমার দিকে তাকিয়ে রইল।

"আমি বল্লুম—কেন, বেন্‌ কি হল?

"'হে ভগবান!' সে আবার বল্লে আর আবার আমার দিকে তাকিয়ে রইল—'তুমি একটা গুলিই ছুঁড়েছ?'

"জাহান্নম!—আমি বল্লুম।

"বেন্‌ বল্লে—'ওর বুকে ঢুকে গিয়েছিল।'

"আহা তাই বল জিম্‌। আমিই দেখছি কুপোকাৎ হয়েছি।

"ঐ পাইপটা, ওটা খারাপ ইস্পাতে তৈরী বটে, কিন্তু কলটা ভালো।

"যাই হোক্‌, পাইপটা দেখছি এমন কিছু খারাপ নয়।"

খরা—১৯৭২

দেবাশিস গঙ্গোপাধ্যায়

লাভাস্রোতে মহাকাল স্তব্ধ দাঁড়িয়ে
প্রতিবেশী সূর্যলোকে।
জরাগ্রস্ত জীবন
কলঙ্কের ছাপ খোঁজে
তুষারের চোখে।
নষ্টনীড় পাখী আজ
কৃষ্ণচূড়া ফেলে রেখে
খোঁজে শুধু মানুষের হাড়।

চোখ দিয়ে জল পড়ে
বউ ছেলে গেছে মরে,
ওই দূরে গোলাপের ঝাড়।

* * *

বসন্ত আসেনি আর
রৌদ্রের চমকে,
সন্ধ্যার শেষ ধোঁয়া
ঊর্বশী ঠমকে।

বাঁধেনিকো রোদ্দুর
সুতো দিয়ে দোলনা,
মৃত্যুকে বলে শুধু
"দ্বার তুই খোল্ না।"

মনেতে জাহাজ ডোবে
ওঠো ওঠো খোল দ্বার,
যেতে হবে ভিন গাঁয়ে
হতে হবে নদী পার।

এই সেই মেঠো পথ
ধানভাঙা রোদ্দুর
পায়ের শেকল ছেঁড়ে
সেই গাঁ কদ্দুর?

তন্দ্রা ছড়িয়ে যায়
আকাশের চাঁদেতে
নেমে আসে কালো ছায়া
পাখী পড়ে ফাঁদেতে।

* * *

জ্যোৎস্নার হাওয়ায় ওড়ে দূর দিগন্তের নক্ষত্র
সারি সারি।
স্তব্ধ অতীত কথা বলে,
জিঘাংসার কলরোল অন্ধকারে,
সমুদ্রের বুকে
নীল জলে আগুন জ্বলে।
পাথরের দ্বীপে মৃত বক
সাদা পালক
গাঙচিলের শব।

উজ্জ্বল ঝিনুকে ভাসে শতাব্দীর রক্তস্নাত
বেলাভূমি
গ্রামের মাটিতে আজ ঘরে ঘরে জাহাজডুবি।

* * *

"মাঠ ফেটে চৌচির
বীজধান খেয়ে যায়,
মহাজন কড়া নাড়ে
বেঁচে থাকা হবে দায়।"

"আমরা তো মরি ভাই
বছরেতে বারোবার,
মৃতের পাহাড় তাই
মনে হয় ঝোপঝাড়।"

নদীতেও জল নেই
ভরে ওঠে মজা খাল
মানুষের খুলি আর
শিশুদের কঙ্কাল।

"ওই দূরে দেখা যায়
রিলিফের ছাউনি,
হাজার বছর পার
মৃত্যু কি চাওনি?"

"বছর বছর গ্রাম
ঘরদোর ছারখার
এবার জ্বলবে দেশ
মনে রেখো সরকার।"

বারুদের গন্ধ
শিমুলের লাল সাজ
বেনের স্বর্গ নীল
চাবুক মারবে বাজ।

"বুকেতে দারুণ জ্বালা
কোথা জল কোথা জল,
কেন ভাই চোখ আছে
সেখানে তো আছে জল।"

রবীন্দ্রনাথের রাজনৈতিক ভাবনা ঃ দুটি সূত্র

স্বপন চক্রবর্তী

এক/ধর্মনীতি

রবীন্দ্রনাথের রাজনৈতিক ভাবনা ছিল তাঁর জীবনদর্শন তথা ধর্মবোধের অনিবার্য উপসংহার। সূচনায় এ কথা বলে নিলেও তর্ক চলে রবীন্দ্রনাথের সঠিক রাজনৈতিক পরিচয় নিয়ে। তিনি কি বিপ্লবী ছিলেন না সংস্কারবাদী? কেউ বলেন তাঁকে খাঁটি বিপ্লবী বুর্জোয়া গণতন্ত্রী,[১] কেউ বা তাঁকে চিহ্নিত করেন সামাজিক গণতন্ত্রের বিরোধী হিসেবে।[২] সমস্যা এখানে প্রগতির যথার্থ সংজ্ঞা নির্ণয় নিয়ে, নতুবা রবীন্দ্রনাথ যে আগগোড়াই গতিধর্মী ছিলেন, এ সম্পর্কে প্রতর্কের অবকাশ সামান্য।

গোড়ায় যাকে বললাম জীবনদর্শন বা ধর্মবোধ, তার একটা সরলীকৃত ফর্মুলার প্রথমেই প্রয়োজন হয়। প্রত্যেক ক্ষুদ্র মানুষের পক্ষে বৃহৎ বা পূর্ণ বা সর্বকালীন মানবের সঙ্গে নিজের ঐক্য নানা মঙ্গলের দ্বারা নানা আকারে উপলব্ধি করাই রবীন্দ্রনাথের চোখে সেই মানুষের প্রাণ, মনুষ্যত্ব, ধর্ম। রবীন্দ্রনাথ এর মধ্যে বিধাতার এক দুর্লঙ্ঘ্য নিয়ম আবিষ্কার করেছিলেন। এই নিয়ম বা বিশ্ব-বিধানের অনুসরণকেই তিনি বলেছিলেন ধর্মনীতি। এই ধর্ম কেবলমাত্র রিলিজন্ নয়, সামাজিক কর্তব্য-তন্ত্রও বটে। মানুষের যে উপলব্ধিকে বলা হ'ল তার প্রাণ, মনুষ্যত্ব, ধর্ম, সেই লক্ষ্যের পথে ধর্ম-নীতিই ধ্রুব আশ্রয়। এই বোধকে আচ্ছন্ন করে যখন সমাজে ধর্মতন্ত্রই প্রবল হয়, যখন পাণ্ডা-পুরুতরাই সমাজের নৈবেদ্য পায়, অথবা যখন সমাজের এক স্তরে এই ধারণা দৃঢ়মূল হয় যে ধর্ম-নীতি অনাবশ্যক সেণ্টিমেণ্টালিজ্‌ম্ যা রাষ্ট্রচালনার কাজে পরিত্যাজ্য, তখনই সেই সমাজের অন্তর্লীন ধর্মবুদ্ধি বিকৃত হয় এবং সংঘাত অনিবার্য হয়ে ওঠে। এই সংকটের ভিতর দিয়েই মানুষ পুনরায় বুঝতে পারে যে অধর্ম এক পক্ষের বাঁধা গোলামী করে না, সে সবার নিমক খেয়ে সকলেরই ক্ষতি করে। বিপন্ন সমাজে তখন ধর্মরাজের পুনঃপ্রতিষ্ঠার জন্য একটা রফা চলতে থাকে।

এই নিখিলব্যাপী ফর্মুলার অমোঘত্বে নিঃসন্দিগ্ধ দেখি রবীন্দ্রনাথকে। এই বিশ্বাসই রবীন্দ্রনাথের রাজনৈতিক ভাবনা অনুধাবনের প্রথম সূত্র। এই কেন্দ্র ধরেই আবর্তিত হয় তাঁর নানা সময়ের আনুগত্য ও রাজনৈতিক নিবন্ধগুলি। যেমন তিনি সর্বদাই আক্রমণ করছেন প্রচলিত অন্ধ বিশ্বাসগুলিকে, ভেঙে দিতে চাইছেন সেই অচলায়তন যা ধর্মকে দমবন্ধ করে মারছে। এখানে ধর্মনীতি ও ধর্মতন্ত্রের তফাতটি স্মর্তব্য। "ও যেন আগুন আর ছাই। ধর্মতন্ত্রের কাছে ধর্ম যখন খাটো হয়, তখন নদীর বালি নদীর জলের উপর মোড়োলি করিতে থাকে।.....মুক্তির মন্ত্র পড়ে ধর্ম আর দাসত্বের মন্ত্র পড়ে ধর্মতন্ত্র।"[৩] এই পর্যন্ত রবীন্দ্র-

নাথ বড়জোর একজন আইকোনোক্লাস্ট্। এখানে রবীন্দ্রনাথকে 'অপ্রত্যাশিত রকমের নির্মম বিপ্লবী গণতন্ত্রী'[৪] ভাবার কোনো কারণ আমি দেখি না। তবে সংগঠিত ধর্মতন্ত্রের প্রতিক্রিয়াশীল চরিত্রের বিরোধিতা করায় রবীন্দ্রনাথ একজন উদারনৈতিক মানবতাবাদী ও প্রগতিবাদী ছিলেন নিঃসন্দেহে।

এর অপেক্ষা মারাত্মক ধর্মনীতিকে দুর্বলের কল্পনাবিলাস বলে অবজ্ঞা। ডিপ্লোম্যাসিতে ধর্মনীতি 'কার্যহন্তারক দীনতা',[৫] বলনীতির সঙ্গে প্রেমনীতির সম্মিলন হলে নীতির নীতিত্ব বাড়ে কিন্তু বলের বলত্ব কমে যায়, এই ধরনের বিশ্বাসই রবীন্দ্রনাথকে বিচলিত করে বেশি। ধর্মনিয়ম যেহেতু এক অলঙ্ঘনীয় শর্ত, সেহেতু সমাজের এক বিশেষ স্তরে এর অবমাননা হিতকর, এরকম ভাবাটা চিন্তার চরম অসঙ্গতি। "ফললাভ চরম লাভ নহে, ধর্মলাভই লাভ একথা যদি কেবল দেশহিতের বেলাতেই না খাটে তবে দেশহিত মানুষের যথার্থ হিত নহে।"[৬]

পাশ্চাত্ত্য পেট্রিয়াটিজ্মের মধ্যে রবীন্দ্রনাথ দেখেছিলেন ধর্মনীতির সঙ্গে রাষ্ট্রনীতির অনুরূপ দ্বৈরথ। "জোর যার মুলুক তার" নীতির সমর্থনে যে স্বজাতিপূজার মানসিক পটভূমিকা ছিল তার বিরোধিতায় রবীন্দ্রনাথ নিশ্চিতরূপে প্রগতিপন্থী দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন। দেশপ্রেমের সঙ্গে স্বজাতিকতা এই প্রভেদ নির্ণয়ের ব্যপারে এবং ন্যাশান্যালিজ্মের আদর্শকে সামগ্রিক জীবনদর্শনের সঙ্গে মিলিয়ে ধরতে রবীন্দ্রনাথের মত তৎকালীন আর কোনো রাষ্ট্রনেতা সফল হন নি। আমাদের প্রাথমিক ফর্মুলার সেই পূর্ণ মানবের আদর্শের কথা যদি আমরা মনে রাখি তবে এটা সহজেই বুঝব রবীন্দ্রনাথের দেশপ্রেম সর্বজাতিকতার দিকে প্রবাহিত হতে বাধ্য। "যেদিন মানুষ স্পষ্ট করে বুঝবে যে, সর্বজাতীয় রাষ্ট্রিক সমবায়েই প্রত্যেক জাতির প্রকৃত স্বার্থসাধন সম্ভব, কেননা পরস্পরনির্ভরতাই মানুষের ধর্ম, সেই দিনই রাষ্ট্রনীতিও বৃহৎভাবে মানুষের সত্যসাধনার ক্ষেত্র হবে।"[৭] এই বিশ্বনেশনতন্ত্রের পথে য়ুরোপীয় নেশনতন্ত্র কিভাবে হয়ে দাঁড়াচ্ছিল এক দুরত্যয় বাধা, তা আমরা দুই বিশ্বযুদ্ধের অন্তর্বর্তীকালীন ইতিহাস অনুধাবন করলেই টের পাব। কিন্তু রাষ্ট্রিক ক্রিয়াকর্মে ধর্মনীতির অশ্রদ্ধা রবীন্দ্রনাথকে বিচলিত করেছিল অন্য কারণে। দেশের তৎকালীন রাষ্ট্রীয় আন্দোলনের মধ্যে যে উগ্রপন্থী প্রবণতা বারবার দেখেছিলেন তিনি, সেটাই তাঁকে ভাবিয়ে নিয়ে গেছে চরমনীতির গোড়ার সমস্যায়। বয়কট আন্দোলনের সময় কাপড় পোড়ানো এবং পরে বোমাগুলির বিক্ষিপ্ত ব্যবহার, গুপ্তহত্যা, ইত্যাদির বিরুদ্ধে তাই বারবার মুখর দেখি রবীন্দ্রনাথকে। দেশের ধর্মবুদ্ধিকে বিকৃত করে, অন্যায়কে ন্যায়ের আসনে বসিয়ে দেশের চূড়ান্ত মঙ্গল অসম্ভব—নির্ব্যাজ নিষ্ঠার সঙ্গে এই বিশ্বাসের প্রতি আসক্ত থাকাতেই দেশের স্বাধীনতা আন্দোলনের মূল ধারা থেকে বিচ্ছিন্ন হ'ন তিনি। অবশেষে বলতে হয় তাঁকে 'ঘরেবাইরে' উপন্যাসের সমালোচনার উত্তরে, "দেশকে আমিও ভালোবাসি, তা যদি না হ'ত তবে দেশের লোকের কাছে লোকপ্রিয় হওয়া আমার পক্ষে কঠিন হ'ত না।"[৮]

রবীন্দ্রনাথ বুঝেছিলেন যে একপক্ষ অতিশয়পন্থার আশ্রয় নিলে প্রতিপক্ষ সেই টানে আপনি চরমে চড়ে যায়। তাই একপক্ষকে বহুদিন ধরে নিরস্ত্র ও অনুপায় রাখাও কার্যত এক ধরনের চরমনীতি যার চাপে ধর্মবুদ্ধির বিকৃতি এবং চরমপন্থী প্রতিক্রিয়া অবশ্যম্ভাবী। চরমপন্থার ব্যাপারটা তবে সেই বিশ্বনিয়মেরই এক অনুসিদ্ধান্ত। তবে রাষ্ট্রীয় আন্দোলনে বলপ্রয়োগ প্রসঙ্গে কেন এই নীতিবায়ুগ্রস্ত বিরোধিতা? কারণটা এই যে রবীন্দ্রনাথ সর্বদাই চেয়েছিলেন পাপকে ভিতর থেকে মারতে, অধৈর্য হয়ে বাইরে থেকে মানুষ মারতে তিনি চান নি। তাই উগ্রপন্থীদের উচক্কা তাণ্ডব তাঁকে যেমন দুঃখ দেয়, তেমনি আবার চরকা প্রভৃতি সস্তা শর্টকার্টেরও তিনি আপোষহীন বিরোধী। তিনি বুঝেছিলেন যে পরাধীনতা কোনো বাইরের চাপিয়ে দেওয়া বোঝা নয়, আমাদের অন্তর্মূল পরনির্ভর মনোবৃত্তিরই বাহ্যিক প্রতিফলন। তাই তিনি ভিক্ষাবৃত্তির পরিবর্তে আত্মশক্তি উদ্বোধনের ভেতর দিয়ে বিপ্লবের ক্ষেত্র প্রস্তুত করতেই বেশি আগ্রহী। এইখানে বৈপ্লবিক পরিস্থিতি সম্পর্কেও তাঁর মন্তব্য রেখে যান তিনি :

"পোলিটিকাল যোগ বা ইকনমিক যোগ পূর্ণ যোগ নয়, সর্বশক্তির যোগ চাই।.....সকলের আগে আমাদের যোগসাধন চাই, দেশের সমস্ত চিত্তবৃত্তির সম্মিলন ও পরিপূর্ণতা সাধনের যোগ। বাইরের দিক থেকে কোনো অন্ধ বাধ্যতা দ্বারা এ হতেই পারে না, ভিতরের দিক থেকে জ্ঞানালোকিত চিত্তে আত্মোপলব্ধি দ্বারাই এ সম্ভব।"[৯] কিন্তু এবারে আমরা সরে আসছি আমাদের প্রথম সূত্র থেকে, পৌঁছে যাচ্ছি আমাদের দ্বিতীয় সূত্রে।

কিন্তু দ্বিতীয় সূত্রের আলোচনা শুরুর আগে একটা কথা সেরে নেওয়া ভালো। বুর্জোয়া সংস্কৃতির একটি অনিবার্য লক্ষণ এই যে কল্পান্তের মুখে ভবিষ্যৎ সম্বন্ধে একটা স্বাভাবিক ভয় ফুটে বেরোয়। কিন্তু পরিবর্তনের ব্যাপারে রবীন্দ্রনাথের মন মনে হয় স্বাভাবিকভাবেই সাড়া দিত। রাশিয়ায় এক সংক্ষুব্ধ আবর্তের মধ্যে পড়েও মুগ্ধ হবার মত মনের বলিষ্ঠতা ও পূর্বের ধারণাগুলির সংস্কার করার মত সততা তাঁর ছিল। "গণজাগরণের বিরোধীরূপে তাঁকে কল্পনা করা শক্ত। সেদিকে ভারতের রাষ্ট্রনেতা মহাত্মা গান্ধীর চাইতে তাঁকে অনেক অগ্রসর মনে হয়।"[১০] এই মন্তব্যের সঙ্গে একমত না হয়ে আমি পারি না।

কিন্তু এই মুগ্ধ হয়ে পড়া সত্ত্বেও রবীন্দ্রনাথের জীবনদর্শন এই ভাঙাগড়াকে অন্তর থেকে মেনে নিতে পারে নি। মানুষের স্বাতন্ত্র্যের নামে ব্যক্তির স্বাতন্ত্র্য ও বিধাতার অভিপ্রেত বৈচিত্র্যকে ধ্বংস করা—এই ছিল 'রাশিয়ার চিঠি'তে বলশেভিকদের বিরুদ্ধে অভিযোগের মূল সুর। মানুষের দুটো দিক আছে—একদিকে সে স্বতন্ত্র, অন্যদিকে সে সামাজিক জীব। মার্কসীয় অর্থনীতি দ্বিতীয়টির উপরে বেশি ঝোঁক দেওয়ায় মানবপ্রকৃতির সঙ্গে তার সামঞ্জস্য ঘটে নি—এই ছিল রবীন্দ্রনাথের কথা। এ'ও সেই সঙ্গে বলেন তিনি যে, "সে হিসাবে এরা (কম্যুনিস্টরা) ফ্যাসিস্টদেরই মতো।"[১১]

কিন্তু সশস্ত্র বিপ্লবকে পরিবর্তনের বাহন হিসাবে ব্যবহারে রাশিয়ার সাফল্য তিনি দেখে, মেনে নিয়েও যেন মানতে পারলেন না। 'কালান্তরে' পৌঁছে বলেন তিনি : "ইদানিং পশ্চিমে বলশেভিজ্‌ম্‌, ফাসিজ্‌ম্‌ প্রভৃতি যে-সব উদযোগ দেখা দিয়েছে আমরা যে তার কার্যকারণ, তার আকার-প্রকার সুস্পষ্ট বুঝি তা নয়; কেবল মোটের উপর বুঝেছি যে গুণ্ডাতন্ত্রের আখড়া জমল।..... রাশিয়ার জারতন্ত্র বলশেভিক-তন্ত্র একই দানবের পাশমোড়া দেওয়া। পূর্বে যে ফোঁড়াটা বাঁ হাতে ছিল আজ সেটাকে ডান হাতে চালান করে দিয়ে যদি তাণ্ডবনৃত্য করা যায়, তা হলে সেটাকে বলতেই হবে পাগলামি।"[১২] রাশিয়ায় পৌঁছে রবীন্দ্রনাথ বুঝলেন যে কথাটা যথার্থ নয়। কাঁটাগাছ মরার সঙ্গে সঙ্গে দ্বিতীয় দফা কাঁটাগাছের সারি জন্মায় নি, কারণ মাটিটাই বদল হয়েছে। কিন্তু এই পরিবর্তনের মূল প্রেরণা কোথায়, সে সমস্যার নিহিত ব্যাখ্যাকে তিনি সযত্নে এড়িয়ে গেছেন।

দুই/সমাজ ও রাষ্ট্র

আত্মশক্তি উদ্বোধনের কথায় এসে পড়া মাত্র আমরা নির্দেশ পাই রবীন্দ্রনাথের রাজনৈতিক ভাবনা অনুসরণের দ্বিতীয় জরুরী সূত্রটির। রবীন্দ্রনাথ সমাজ এবং রাষ্ট্রের মধ্যে একটি প্রভেদ নির্দিষ্ট করেছিলেন। এখানে সমাজ বলতে কম্যুনিটি এবং রাষ্ট্র বলতে স্টেট্‌ বুঝতে হবে। এই দুই শক্তির গঠনতন্ত্র ও কর্তব্যকে সুনির্দিষ্টভাবে ভাগ করে দেবার মধ্যে প্রাচীন হিন্দু সভ্যতার বৈশিষ্ট্যের মূল নিহিত ছিল। পাশ্চাত্ত্যে সমাজের সমস্ত কল্যাণকর্মের ভার ছিল স্টেটের হাতে ন্যস্ত, কিন্তু ভারতবর্ষে এই দায়িত্ব ছিল কম্যুনিটির ওপর, রাষ্ট্র থেকে স্বতন্ত্র এক ব্যবস্থাতন্ত্রের ওপর। নানা সাম্রাজ্যের ভগ্নাবশেষের মাঝখানেও তাই ভারতীয় সমাজ অনন্যভাবে টিঁকে ছিল। রাজনৈতিক পালাবদল মানেই সামাজিক পরিবর্তন, এরকম ধারণা তাই একান্ত য়ুরোপীয়।[১৩] য়ুরোপে তাই পলিটিক্সই দেশের জীবনের কেন্দ্রস্থল, কিন্তু ভারতবর্ষে তা নয়।

রবীন্দ্রনাথের নানা সময়কার অর্থনৈতিক ধারণা এবং কাজ—'স্বদেশী সমাজ' প্রবন্ধ বা শ্রীনিকেতন—দাঁড়িয়ে আছে এই সনাতন আদর্শের ভিত্তিতে। এই আদর্শের তাগিদেই বারবার তাঁকে বলতে শুনি, আত্মশক্তি উদ্বোধিত করো, বাংলার গ্রামকে দারিদ্র্য, অশিক্ষা ও মহামারী থেকে উদ্ধার করো, পল্লীর শ্রী ফিরিয়ে আনো, শক্তির সমবায় ও সম্মিলনেই সমৃদ্ধি এটা বোঝো, রাজদ্বারে গলায় কাছা দিয়ে ভিক্ষা করার বদলে আগে নিজের পায়ে দাঁড়াও, অন্তরের দাসত্ব এবং পরনির্ভরতার অভ্যাস পরিত্যাগ করো।

এই সূত্রটির সন্ধান পেতে রবীন্দ্রনাথের পাঠককে বেশিদূর যেতে হয় না। 'আত্মশক্তি' থেকে 'কালান্তর' পর্যন্ত এতবার এতভাবে এ কথা বলেছেন তিনি যে সন্দেহ হয় যে তাঁর এই কথা বোধহয় তখনকার দিনে কারো মনে ধরে নি। কিন্তু আরেকটু অভিনিবেশ প্রয়োজন হয় এই সূত্রের সঙ্গে রবীন্দ্রনাথের অর্থনৈতিক ও রাজনৈতিক সিদ্ধান্তগুলির যোগ ধরে নিতে।

গ্রামের অর্থনৈতিক পুনরুজ্জীবনের ব্যাপারে রবীন্দ্রনাথ একেবারেই বাস্তবপন্থী ছিলেন না, এমন কথা আমার সত্য বলে মনে হয় না। পাশ্চাত্ত্যের শিল্পবিপ্লবোত্তর উৎপাদন প্রক্রিয়ার সঙ্গে ভারতবর্ষকে যে রফা করতে হবে এ কথা তিনি ভালোভাবেই বুঝেছিলেন। যন্ত্রের সমীচীন ব্যবহার যে মানুষের সম্পদ ও অবসরকে প্রসারিত করবে এও তিনি মনেপ্রাণে বিশ্বাস করতেন। কিন্তু যন্ত্রের দাসত্বের মধ্যে যে সর্বনাশ আছে তার আশঙ্কাই হয়ে ওঠে তাঁর কিছু নাটক ও কবিতার মুখ্য উপজীব্য।

ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে যে এই যন্ত্রের দাসত্ব অবশ্যম্ভাবী (মার্কসের এলিয়েনেশন তত্ত্ব স্মর্তব্য) এরকম সুস্পষ্ট কথা অবশ্য আমরা রবীন্দ্রনাথে আশা করি না। অবশ্য দীর্ঘকাল গ্রামের সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থার সঙ্গে পরিচিত থাকায় সমস্যার স্বরূপ নির্ণয়ে তিনি লক্ষণীয় অন্তর্দৃষ্টির পরিচয় দিয়েছেন। "আমেরিকায় যেসব শুনতে পাই ছোটো ছোটো ব্যাবসাকে গিলে ফেলে বড়ো বড়ো ব্যাবসা দানবাকার হয়ে ওঠে, তেমন করেই দুর্বল রায়তের ছোটো ছোটো জমি ছলে বলে কৌশলে আত্মসাৎ করে প্রবল রায়ত ক্রমে জমিদার হয়ে উঠতে থাকে।"[১৪] আইনকে যে প্রবলপক্ষ নিজের সুবিধায় ব্যবহার করতে পারে এ কথাও একই সঙ্গে বলেন তিনি। অতএব রায়তকে বুদ্ধি ও অর্থের তহবিলে সম্পন্ন হয়ে উঠতেই হবে উদ্ধার পেতে হলে।

ধনতান্ত্রিক ব্যবস্থার গোড়ার ব্যাধি যাই হোক না কেন, তার কুফল অতএব সঠিক বুঝেছিলেন রবীন্দ্রনাথ। বাণিজ্যদানব ক্রমশঃই মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ও মূল্যবোধ গ্রাস করে নিচ্ছে, তৈরী করছে এক বিরাট দাসসম্প্রদায় আর এ সবই হচ্ছে অল্প কয়জনের আরাম ও স্বার্থসাধনের জন্য—মোটামুটি এটাই হচ্ছে প্রগতিবাদী সমাজতন্ত্রী শিবিরের কথা। আর এই কথাই দ্ব্যর্থহীন ভাষায় বলেন রবীন্দ্রনাথ 'জাপানযাত্রী' বইয়ে। এও বুঝেছিলেন রবীন্দ্রনাথ যে সম্পদের বিকেন্দ্রীকরণের জন্য চাই ভিন্নতর উৎপাদন এবং বণ্টন ব্যবস্থা। রাশিয়ার নূতন সমাজব্যবস্থা সম্পর্কে অধ্যাপক পেট্রভকে প্রেরিত তাঁর তারবার্তাটি স্মরণীয়: "Your success is due to turning the tide of wealth from the individual to collective humanity."[১৫]

লক্ষ্য করবার মত বিষয় হ'ল এটা যে বাণিজ্য-দানবের স্ফীতি ও সাম্রাজ্যবাদের বিস্তার বিশ্লেষণে রবীন্দ্রনাথ জোর দিয়েছেন রিপুর তাড়নার উপর। উপনিষদের শিক্ষাবলী দ্বারা আজীবন অনুপ্রাণিত রবীন্দ্রনাথের মধ্যে এটা অবশ্য প্রত্যাশিত। কিন্তু এই সনাতন প্রবৃত্তি প্রবল হয়ে ওঠার পেছনে কোন হেতু কাজ করছে এই প্রশ্ন সম্পর্কে রবীন্দ্রনাথ নীরব। তাঁর ধারণায় তিনি সমস্যার মূলে পৌঁছে-ছিলেন নিশ্চয়, কিন্তু আধুনিক প্রগতিবাদীর পক্ষে তাঁর বিশ্লেষণকে বৈজ্ঞানিক বলে মেনে নেওয়া কঠিন।

মানুষের সম্পদকে ব্যষ্টি থেকে সমষ্টির কল্যাণে ফেরাতে কি পথ নে'ন রবীন্দ্রনাথ? এ কথা খুব স্পষ্ট করে উপলব্ধি করেন তিনি যে সাময়িক দাক্ষিণ্য কোনো স্থায়ী সমাধান নয়। ভালো একটা বাসস্থান দিয়ে, দু-চামচ সুপ খাইয়ে বা শীতের

দিনে দুটো উদ্বৃত্ত গরম কাপড় পাঠিয়ে দিয়ে শ্রমজীবীদের বিপ্লব ঠেকিয়ে রাখা যায় না।

"তাই ধনের বৈষম্য লইয়া যখন সমাজে পার্থক্য ঘটে তখন ধনীর দল সেই পার্থক্যকে সমূলে ঘুচাইতে ইচ্ছা করে না, অথচ সেই পার্থক্যটা যখন বিপদজনক হইয়া উঠে তখন বিপদটাকে কোনো-মতে ঠেকা দিয়া ঠেকাইয়া রাখিতে চায়।

"তাই ও-দেশে শ্রমজীবীর দল যতই গুমরিয়া গুমরিয়া উঠিতেছে ততই তাহাদিগকে ক্ষুধার অন্ন না-দিয়া ঘুম পাড়াইবার গান গাওয়া হইতেছে, তাহাদিগকে অল্পস্বল্প এটা-ওটা দিয়া কোনোমতে ভুলাইয়া রাখিবার চেষ্টা।..."[১৬]

সাময়িক সংস্কার নয় তবে চিরকালের ব্যবস্থা। যে অসাম্যের ব্যাধি বিপ্লব ঘটায়, ধনীর অনুগ্রহের ছিঁটেফোঁটায় সে অসাম্য ঘুচবার নয়।

অথচ মার্কসীয় বিপ্লবতত্ত্বের সফল প্রয়োগ দেখেও তাঁর মন সায় দেয় না তাতে। মানুষের দুটি দিকের মধ্যে একটিকে বেশি প্রাধান্য দেওয়ায় মার্কসীয় তত্ত্ব ভারসাম্য হারিয়েছে—এই ধারণার কথা আগেই বলা হয়েছে। রবীন্দ্রনাথ সম্পত্তিকে দেখেছিলেন মানুষের স্বতন্ত্র দিকটির প্রকাশের এক উপায় হিসাবে। অর্থাৎ ব্যক্তিগত সম্পত্তির বিলুপ্তির চেষ্টায় মার্কসীয় তত্ত্ব ব্যক্তিমানুষ অপেক্ষা সামাজিক বা অর্থনৈতিক মানুষকে বেশি গুরুত্ব দিয়ে ফেলেছে। তাঁর মতে সম্পত্তির প্রতি মমতা সংস্কারগত, ওটা তর্কের বিষয় নয়। আমার মনে হয় বলশেভিক তত্ত্বের দুর্বলতার মূল অনুধাবনে আশ্চর্য অন্তর্দৃষ্টির পরিচয় দিলেও এইখানে এসে রবীন্দ্রনাথ যুক্তির ভারসাম্য হারান। মানুষের 'পোসেসিভ' প্রবণতাকে 'ক্রিয়েটিভ' প্রবণতার দিকে প্রবাহিত করার মধ্যে যে সামাজিক মঙ্গল সূচিত হয় এ কথা তিনি জেনেও যেন ভুলে গেলেন। কেবলমাত্র সমবায়নীতির জয়গান গেয়েই অতঃপর শেষ হ'ল তাঁর অর্থনৈতিক বক্তব্য।[১৭] ব্যক্তিগত সম্পত্তির সমর্থনে 'দুই বিঘা জমি'র উপেনের মত এইরকম সেন্টিমেন্টসর্বস্ব মনোভাব যখন দেখান তিনি, তখন তাঁর দৃষ্টিভঙ্গীর আদৌ কোনো বৈজ্ঞানিক ভিত্তি আছে কিনা, এইরকম অস্বস্তিকর সংশয় মনে জাগে।

"এর একটি মাঝামাঝি সমাধান ছাড়া উপায় আছে বলে আমি মনে করিনে—অর্থাৎ ব্যক্তিগত সম্পত্তি থাকবে অথচ তার ভোগের স্বাতন্ত্র্যকে সীমাবদ্ধ করে দিতে হবে। সেই সীমার বাইরেকার উদ্বৃত্ত অংশ সর্বসাধারণের জন্যে ছাপিয়ে যাওয়া চাই। তাহলেই সম্পত্তির মমত্ব লুব্ধতায় প্রতারণায় বা নিষ্ঠুরতায় গিয়ে পৌঁছয় না।"[১৮]

ফিরে আসি দ্বিতীয় সূত্রে। ব্যক্তিগত সম্পত্তির সঙ্গে সামাজিক সম্পত্তির সামঞ্জস্য খুঁজে পান রবীন্দ্রনাথ প্রাচীন হিন্দু সমাজে। সেখানে গ্রামে গ্রামে ধনীর ভোগের সীমা বেঁধে দেওয়া ছিল, তাকে উদ্বৃত্ত সম্পদ ব্যয় করতে হ'ত দেশের কল্যাণে। এর থেকেই রক্ষিত হ'ত গ্রামের পথঘাট, পানীয়, চিকিৎসা, শিক্ষা, পূজাপার্বণ ও যাত্রাগানে। একেই রবীন্দ্রনাথ বলেছেন কল্যাণসম্বন্ধ, বলেছেন ব্যক্তিগত অর্থের সমাজমুখীন প্রবাহ। এটা খুব ভালো করে বোঝা দরকার যে এটা কোনো অনুগ্রহ বা দাক্ষিণ্যের ব্যাপার নয়। এটা ছিল ধনীর এক-প্রকার খাজনা, এর আদর্শ ছিল অনেকটা আধুনিক ওয়েলফেয়ার স্টেটের অনুরূপ। কিন্তু এটা এই সঙ্গে মনে রাখা দরকার যে এই কল্যাণকর্ম ও সামাজিক দায়দায়িত্ব রাষ্ট্রিক যন্ত্র থেকে সম্পূর্ণ পৃথক ছিল। এতে কোনো বর্হিশক্তি, ল অ্যান্ড অর্ডার বা রাষ্ট্রীয় যন্ত্রের চাপ ছিল না, এটা ছিল মানুষের ইচ্ছাবাহিত।

এতক্ষণে আমরা খুঁজে পাচ্ছি দ্বিতীয় সূত্রটির সঙ্গে আমাদের প্রথম সূত্রের গুরুত্বপূর্ণ গ্রন্থি। যেহেতু এই সামাজিক কর্তব্যতন্ত্র ছিল সমাজের অন্তর্নিহিত বিশ্বাসের বহিঃপ্রকাশ, তাই এর মধ্যে একটা ধর্মসাধনার ব্যাপার ছিল। অতএব কুল-দেবতা, কুলধর্ম, কুলগৌরব ইত্যাদি ধারণার কথা আমরা শুনতে পাই। এর পরিণামে আত্মিক উৎকর্ষের চর্চা ছিল সমাজের সমস্ত কাজে। "এই ব্যক্তিগত উৎকর্ষই মানবসমাজের স্থায়ী কল্যাণময় প্রাণবান আশ্রয়।"[১৯] অর্থাৎ আবার আমরা ফিরে গেলাম রবীন্দ্রনাথের গোড়ার ধর্মবোধে, যার স্বাভাবিক ফলশ্রুতি তাঁর সমস্ত রাজনৈতিক ভাবনা।

তলিয়ে দেখলে বোঝা যায় যে, যে দুটি সূত্রের

সন্ধান আমরা পেলাম তা মানবপ্রকৃতির দুই প্রান্ত এবং তার মধ্যবর্তী সেতুকে নির্দিষ্ট করছে। ধর্ম-নীতি ব্যক্তিমানুষের ধ্রুব আশ্রয় এবং সমাজ সামাজিক মানুষের সাধনার অপরিহার্য ক্ষেত্র। আবার একই সঙ্গে ধর্মনীতি হয়ে উঠছে একটি সামাজিক কর্তব্যতন্ত্র, এবং রাষ্ট্র থেকে স্বতন্ত্র এক সামাজিক ব্যবস্থাও হয়ে উঠছে ব্যক্তিমানুষের অন্তরের উৎকর্ষ সাধনের ক্ষেত্র। যন্ত্রযুগের নতুন উৎপাদন প্রণালীকে মানুষের সার্বিক কল্যাণের প্রয়োজনে সংগঠিত করতে হবে, এদিকে মানব-প্রকৃতির স্বাভাবিক বিকাশ যেন কোনোভাবে বাধা-প্রাপ্ত না হয় সেটাও দেখতে হবে—এই বিপরীত প্রান্ত দুটির মাঝখানে রবীন্দ্রনাথ খুঁজেছিলেন এক ভারসাম্যের কেন্দ্র। বিরল অন্তর্দৃষ্টি থাকা সত্ত্বেও তিনি সেই প্রস্তাবিত কেন্দ্রকে শেষ পর্যন্ত দাঁড় করাতে পারলেন না কোনো বৈজ্ঞানিক ভিত্তির ওপর। তাঁর সাধনার ক্ষেত্রও হয়তো ছিল না ওটা। তবু রাজনৈতিক সমস্যা সংক্রান্ত এই দুটি প্রাসঙ্গিক সূত্র আবিষ্কারে ও প্রস্তাবিত সমাধানগুলির দুর্বলতা অনুধাবনে রবীন্দ্রনাথ যে সহজাত বিচক্ষণতার পরিচয় রেখে গেছেন, আধুনিক মনন-বাদীর কাছে তা নিঃসন্দেহে মূল্যবান।

সূত্র নির্দেশ/টীকা

১। এস. এ. ডাঙ্গে : **রবীন্দ্রনাথ : সংস্কারবাদী না বিপ্লবী**, নতুন সাহিত্য (রবীন্দ্র শতবার্ষিকী সংখ্যা), পৃ-১৭১

২। রবীন্দ্র গুপ্ত : **বাঙলা প্রগতি সাহিত্যের আত্ম-সমালোচনা**, মার্কসবাদী (৫ নং), পৃ-১৫১

৩। **কর্তার ইচ্ছায় কর্ম**, রবীন্দ্র রচনাবলী, অষ্টাদশ খণ্ড (বিশ্বভারতী, ১৩৫১), পৃ ৫৫৪-৫৫৫

৪। এস. এ. ডাঙ্গে : **রবীন্দ্রনাথ : সংস্কারবাদী না বিপ্লবী**, নতুন সাহিত্য (রবীন্দ্র শতবার্ষিকী সংখ্যা), পৃ-১৭১

৫। **রাজা প্রজা**, র. র., ১০, পৃ-৪৪৯

৬। **সমূহ**, র. র., ১০, পৃ-৬৪২

৭। **কালান্তর**, র. র., ২৪, পৃ-৪০৮

৮। **ঘরে বাইরে** উপন্যাসের গ্রন্থপরিচয়, র. র., ৮, পৃ-৫২৬

৯। **কালান্তর**, র. র., ২৪, পৃ-৩২৬

১০। সুশোভন সরকার : **রবীন্দ্রনাথ ও অগ্রগতি, নতুন** সাহিত্য (রবীন্দ্র শতবার্ষিকী সংখ্যা), পৃ-৪১। পুরো অনুচ্ছেদটির জন্য লেখক এই প্রবন্ধের কাছে ঋণী।

১১। **রাশিয়ার চিঠি**, র. র., ২০, পৃ-৩২৮

১২। **কালান্তর**, র. র., ২৪, পৃ-৪২৬

১৩। কার্ল মার্কসের দুটি উক্তি প্রাসঙ্গিক :

Do not say that social movement excludes political movement. There is never a political movement which is not at the same time social.

The poverty of Philosophy, (Moscow, n.d.), p. 196.

From the political point of view the state and any organisation of society are not two distinct things. The state is the organisation of society.

Early Texts, ed. D. McLellan, (Oxford, 1971), p. 213.

১৪। **কালান্তর**, র. র., ২৪, পৃ-৪২৯

১৫। **রাশিয়ার চিঠি**-র গ্রন্থপরিচয়, র. র., ২০, পৃ-৪৫৪

১৬। **কালান্তর**, র. র., ২৪, পৃ-২৬৪

১৭। এ কারণে যদি মার্কসীয় সমালোচকরা রবীন্দ্র-নাথকে প্রতিক্রিয়াশীল বলে থাকেন তবে বিস্মিত হবার কিছু নেই। উৎসাহী পাঠক রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গী মার্কসের উক্তির আলোকে পরীক্ষা করে দেখতে পারেন।

Why, those members of the ruling classes who are intelligent enough to perceive the impossibility of continuing the present system . . . . have become the obtrusive and full-mouthed apostles of co-operative production. If co-operative production is not to remain a sham and a snare ; . . . . if united co-operative societies are to regulate national production upon a common plan, thus taking it under their own control, and putting an end to the constant anarchy and periodical convulsions which are the fatality of capitalist production—what else, gentlemen, would it be but Communism . . . ?

The Civil War in France, Selected Works, Vol. 1, (Moscow, 1935), p. 523.

১৮। **রাশিয়ার চিঠি**, র. র., ২০, পৃ-২৯৩

১৯। **রাশিয়ার চিঠি**, পৃ-৩৪৬

শরৎচন্দ্র ঃ ব্যক্তি ও সমাজের দ্বন্দ্ব

তপোব্রত ঘোষ

(১)

শরৎচন্দ্রের জীবনের শেষ বিশ বছরে (১৯১৭-১৯৩৭) রচিত বেশীর ভাগ উপন্যাসের অন্তরঙ্গে লক্ষ্য করা যায় দুই বিরোধী শক্তির এক বিস্ময়কর নিঃশব্দ সংগ্রাম। বলা যায় এই পর্যায়ের প্রায় সব প্রধান নারী চরিত্রগুলিই এই নিঃশব্দ অথচ নিশ্চিত সংগ্রামের প্রেক্ষাপট। সমাজ এবং ব্যক্তি এই সংগ্রামের দুই বিরোধী শক্তি। এই পর্যায়ের কয়েকটি নারীর দিকে তাকালে যে অস্বাভাবিক দীপ্তি চোখে বারবারই ধাঁধা লাগায়, ('কিরণময়ী' চরিত্রটি প্রথম যখন উপন্যাসের মধ্যে এসেছে, সেই দৃশ্যটি স্মর্তব্য) সেই দীপ্তির মূলে আছে তাদের জীবনেরই দুই দ্বান্দ্বিক ভারকেন্দ্রের পরস্পর-বিরোধী ঘাত প্রতিঘাত। তারা প্রত্যেকেই সমাজের অন্ধ দেয়ালগুলোকে ভেঙ্গে বাইরে আসতে চেয়েছে, তাদের ব্যক্তিত্বের ভাঁজগুলো খুলে ধরতে চেয়েছে খোলা আকাশের নীচে। কিন্তু তাদের ঐ 'চাওয়া' কখনও পরিপূর্ণ 'পাওয়া' হয়ে ওঠে নি—এর জন্য সমাজের বাধা যত না বেশী, তাদের নিজেদের বাধা কম নয়। চরিত্রগুলি সমাজের অবিচার এবং নিষ্পেষণের বিরুদ্ধে দাঁড়াতে চেয়েছে, কিন্তু অবাক হ'তে হয় যখন দেখি সেই মুহূর্তেই তাদের মধ্যে জন্ম নিয়েছে এক অনভিপ্রেত পিছুটান। তাদের অগ্রগতির সরলরেখাটিতে মাঝপথেই দেখা গেছে একটি আবর্ত—তাদের পথ বেঁকে গিয়েছে, সেই পথেই তাদের ক্লান্ত প্রত্যাবর্তন সেই পরিত্যক্ত সমাজেরই সিংদরোজায়।

শরৎচন্দ্রের এই পর্যায়ের বেশীর ভাগ নারী-চরিত্রগুলির মধ্যে আমরা শুধু হৃদয়বৃত্তিকেই দেখি না, বুদ্ধির শাণিত ঔজ্জ্বল্যও দেখি। ১৯১৭ সনে কিরণময়ীর মধ্য দিয়ে শরৎচন্দ্রের উপন্যাসে যে বুদ্ধিবাদের সূচনা, সেই বুদ্ধিবাদ ঊর্ধ্বায়িত হ'তে হ'তে ১৯৩১-এ 'শেষ প্রশ্নে' শেষ হয়েছে। সেখানে বুদ্ধির দীপ্তি এত বেড়ে গেছে যে দীপ্তি-ই হয়ে পড়েছে প্রধান, চরিত্র গৌণ। কিন্তু এই বুদ্ধিবাদ যত প্রবলই হোক না কেন, ঐ নারীচরিত্রগুলির মূল ভিত্তি হৃদয়বৃত্তি। বুদ্ধি নয়। ঐ হৃদয়ের গভীরেই সমাজের সঙ্গে তাদের বন্ধন অপ্রতিরোধ্য। চরিত্রগুলি তাদের সমগ্র জীবনের তিক্ত অভিজ্ঞতা ও অপমানের তীব্র প্রতিক্রিয়াকে সম্বল করে বহিরঙ্গের বুদ্ধি ও যুক্তির তীব্র রশ্মিপাতে সমাজের বিশ্লেষণ করে সমাজনীতির দুর্বল দিকগুলিকে বিদ্রূপ করে এবং অনেক সময়ে সমাজ-নীতির বিরোধিতা করতে চায় :

> "একটি রাত্রির বিবাহ অনুষ্ঠান, যা আমার কাছে স্বপ্নের মতো মিলিয়ে গেছে তাকেই জোর করে সারাজীবন সত্য বলে খাড়া রাখবার জন্যে এতবড় ভালোবাসাটা একেবারে ব্যর্থ করে দেবো? আমি এভাবে সতী নাম কিনতে চাইনে।"

কিন্তু এই প্রয়াস শেষপর্যন্ত কার্যকরী হয় নি। বুদ্ধির যে নতুন রাস্তা ধরে তারা সমাজের অন্যায় শাসন থেকে মুক্ত হ'তে, প্রাণিত হ'তে চেয়েছে, শেষ পর্যন্ত হৃদয়াবেগে, চোখের জলে সেই পথটুকু মুছে ফেলে, পুরানো রাস্তায় ফিরে গেছে। সুতরাং, তাদের ঐ বিদ্রোহ ভিত্তিহীন না হ'লেও, ক্ষণিকের। কোথাও না কোথাও সমাজের সঙ্গে তাদের যোগ ছিল অবধারিত এবং চিরন্তন। সেই আকর্ষণই তাদের ফিরিয়ে নিয়ে গেছে এক অচঞ্চল জীবন-কেন্দ্রে। সমাজের প্রতি তাদের বিক্ষোভ খুব প্রবল হ'লেও ঐ অচঞ্চলতাই তাদের মূল চরিত্র।

(২)

শরৎচন্দ্র একটি চিঠিতে তৎকালীন মহিলা সাহিত্যিক লীলারাণী গঙ্গোপাধ্যায়কে লিখেছেন : 'আমি কোথাও বিধবার বিবাহ দিই নাই—এইটি তোমার কাছে আশ্চর্য বলিয়া মনে হইতে পারে। তার উত্তর এই যে সংসারে অনেক আশ্চর্য দ্রব্য আছে এবং চেষ্টা করিয়াও তাহার হেতু খুঁজিয়া পাওয়া যায় না।'

সত্যিই কি যায় না? কিন্তু তাঁর বিভিন্ন চিঠিপত্রে এবং প্রবন্ধে তাঁর ঐ চরিত্রগুলির এই বিশেষ দিকটি সম্পর্কে সচেতনতা লক্ষ্য করা যায়। আপাতভাবে তাঁর চরিত্রগুলি সমাজদ্রোহী হ'লেও হৃদয়ের নেপথ্যে সমাজ এবং সংস্কারের গভীর প্রভাব যে তাদের মধ্যে অনুস্যূত, সে সম্পর্কে তিনি পুরোমাত্রায় সচেতন ছিলেন না। এজন্যই বোধহয় রাধারাণী দেবীকে একটি চিঠিতে তিনি লিখেছিলেন, "আমার লেখায় সত্যকারের দুর্নীতি কোথাও নেই—এ বিশ্বাস যেন তোমার নিঃসন্দেহ থাকে।" তাঁর চরিত্রগুলির কেন্দ্রীয় দ্বিধার কারণ তিনি স্পষ্টভাবেই প্রকাশ করেছেন তাঁর 'সাহিত্যের রীতি ও নীতি' প্রবন্ধে :

"আমাদের সমাজে এ বস্তুটিকে (সমাজনীতিবিরোধী ক্রিয়াকলাপ) লোকে গোপন করিতে চাহে বলিয়াই বোধহয় সুদীর্ঘ সংস্কারে য়ুরোপীয় সাহিত্যের ন্যায় ইহার প্রকাশ্য ডিমোনস্ট্রেসন-এ লজ্জা পায়। এ আমার দুর্বলতা।" সুতরাং দেখা গেল যে তাঁর উপন্যাসের এই পর্যায়ে নারী চরিত্রগুলি, সমাজবিরোধিতা সত্ত্বেও শেষ পর্যন্ত যে অজ্ঞাত স্ববিরোধী আকর্ষণে আবার সমাজের বিবরে ফিরে গিয়েছে বা যেতে চেয়েছে, তার মূলে আছে তাদেরই গুহাহিত দুর্বলতা—প্রকারান্তরে যা লেখকেরই দুর্বলতাকে প্রকাশ করে। এই দুর্বলতা সমাজেরই ঐ 'সুদীর্ঘ সংস্কার'-এর প্রতি, যদিও সেই সংস্কারের নীচতা, ক্ষুদ্রতা ও স্বার্থপরতাকে একদিকে কিরণময়ী, অভয়া, রাজলক্ষ্মী যেমন জানতো, তাদের স্রষ্টাও কম জানতেন না। সেই সংস্কারকেও তিনি অগ্রাহ্য করতে পারেনি, আবার অন্যদিকে :

"গাছের পাতা শুকিয়ে ঝরে যায়, তার ক্ষত নূতন পাতায় পূর্ণ করে তোলে। এই হল মিথ্যে, আর বইয়ের শুক্‌নো লতা মরে গিয়েও গাছের সর্বাঙ্গ জড়িয়ে কামড়ে এঁটে থাকে—সেই হ'ল সত্যি?"

—এই প্রশ্নও সমানভাবে তুলেছেন। তবে কি তিনি মূলতঃ একজন 'পিউরিট্যান' ছিলেন? শরৎচন্দ্রের এই বিস্ময়কর দ্বন্দ্বের একটি কালগত এবং মানসিক পূর্বসূত্র বর্তমান।

(৩)

১৮৯৫-১৯০৫—মোটামুটি এই সময়টি শরৎচন্দ্রের সাহিত্যজীবনেরই একটি গুরুত্বপূর্ণ সময়। এই সময়েই (১৯০২) তিনি রেঙ্গুন গিয়েছিলেন। যদিও তাঁর জীবন সম্পর্কে আমাদের জ্ঞান অধিকাংশই কিম্বদন্তীমূলক, কিন্তু এইটুকু জানা যায় যে রেঙ্গুনে বাসকালেও সমকালীন বাংলা সাহিত্যের সঙ্গে তাঁর যোগ বরাবর বজায় ছিল। এই সময়ে বাংলার পাঠকসমাজে এবং উপন্যাস সাহিত্যে ব্যক্তি ও সমাজ সম্পর্কে একধরণের দ্বান্দ্বিক মনোবৃত্তি বজায় ছিল। উপন্যাসের ধারায় সুস্পষ্টভাবে ব্যক্তিত্বের সবল আত্মপ্রকাশ 'চোখের বালি'তে, এই যুগেই। আবার পরপর, অল্প ব্যবধানে লিখিত 'নৌকাডুবি'তে সমাজশক্তি ও প্রচলিত সংস্কারেরই জয়জয়কার। অন্যদিকে পাঠকসমাজও বঙ্কিমযুগ থেকে বিংশ শতকের সূচনা পর্যন্ত মোটামুটি একই অপরিবর্তিত দৃষ্টিভঙ্গীকে অবলম্বন করে চলে এসেছে। কারণ স্রোতহীন, ভাঁটাপড়া শহর ও গ্রামজীবনের শত কুসংস্কারে বন্দী মধ্যযুগীয় কাঠামো তখনও দৃঢ় এবং স্পষ্ট। অথচ বিংশ শতকের সূচনায় কোলকাতার পাশ্চাত্যমুখী নাগরিক দৃষ্টিভঙ্গীর জন্মও তখন হয়েছে। একদিকে যুক্তিপ্রবণ মননশীলতায় অন্ধ সংস্কারগুলোর স্বতঃসিদ্ধতা সমালোচিত হয়, অন্যদিকে বিগত গ্রামীণ সংস্কার ও ধারণাগুলো আমাদের নবজাগ্রত ব্যক্তিত্বের উপর ছায়াপাত করে। একদিকে রবীন্দ্রনাথের অনুসরণে বুদ্ধিকেন্দ্রিক নবযুগের উপন্যাস লেখা হয়েছে এযুগে, অন্যদিকে গণ্ডীবদ্ধ, মিলিয়ে-দেওয়া-

প্লটের কাহিনীরও অভাব হয়নি। নরেশচন্দ্র সেন-গুপ্ত, চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রভৃতি ঐ দুদিকেই লেখনী চালনা করেছেন।

শরৎচন্দ্রের মধ্যেও ঐ দ্বন্দ্বের ছায়া পড়েছে। তাঁর সৃষ্ট নারীচরিত্রগুলি যে সমাজ, নীতি এবং সংস্কারকে অতিক্রম করতে চেয়েছে—হয়তো কোনও কোনও ক্ষেত্রে করেওছে—সেই পরিত্যক্ত সংস্কার ও সমাজকেই তারা পরমুহূর্তেই দুহাতে আঁকড়ে ধরতে চেয়েছে। বলা চলে পুরানো সংস্কার এবং সামগ্রিক জীবনবোধের প্রতি একই সঙ্গে আপাত-ক্ষুব্ধতা এবং প্রকৃত-মমতার ঐ আশ্চর্য দ্বন্দ্বের সার্থক প্রতিনিধি শরৎচন্দ্র।

(৪)

শরৎচন্দ্রের নারীচরিত্রগুলির ঐ যে বিদ্রোহাত্মক মনোবৃত্তি, তা তাদের নিজেদেরই জীবন থেকে জন্ম নিয়েছে। সমাজের যে প্রচণ্ড নিষ্পেষণ তাদের সহ্য করতে হয়েছে, ঐ মনোবৃত্তি সেই নিষ্পেষণের একটি বিকেন্দ্রিত রূপ। কিন্তু প্রকৃতপক্ষে, তাদের প্রত্যেকেরই মনের গভীর প্রবণতা ছিল সমাজের প্রতি আনুগত্য। কিরণময়ীর মধ্যে আমরা সমাজ-নীতিদ্রোহিতার একটি চরম প্রতিফলন লক্ষ্য করি। কিন্তু কিরণময়ীরই উপরের আবরণটি সরিয়ে নিলে স্নেহ, প্রেম ও বিশ্বাসের ব্যর্থ প্রত্যাশী ট্র্যাজিক একটি চরিত্রের দেখা আমরা পাব। জীবনের কোমল প্রারম্ভে, স্বামীর নাস্তিক্য-প্রবণতা, দারিদ্র্য, অত্যাচার, প্রেমহীন এক দাম্পত্যজীবন এবং সঙ্গে সঙ্গে অনঙ্গ ডাক্তারের কামুক বাহুপাশ তার চার পাশে যে পরিবেশটি গড়ে তুলেছে, তা এককথায় অসহনীয়। যেন উত্তপ্ত ধোঁয়ায় শ্বাসরুদ্ধ এক বদ্ধ ঘর। তার নিজের মনের স্বাভাবিক প্রবণতা হাঁপিয়ে যে সংশয়বাদী, দেহবাদী, উগ্র হিংসুক কিরণময়ীর জন্ম হয়, উপেন্দ্র তাকেই বলেছে "পিঞ্জরাবদ্ধ বন্য পশু।" অঘোরময়ী কিরণময়ীর মধ্যেই একদিন দেখেছিলেন এই ভয়ংকর দাহের ছবি :

"কিরণময়ী প্রজ্জ্বলিত উনানের দিকে চাহিয়া চুপ করিয়া বসিয়াছিল। জ্বলন্ত ইন্ধনের রক্তাভ আলোক প্রচুর পরিমাণে তার মুখে আসিয়া পড়িয়াছে। অঘোরময়ী দ্বারের সমুখে নির্বাক হইয়া দাঁড়াইয়া রহিলেন। আজ যে বস্তুটি তাঁহার চোখে পড়িল, তাহা সম্পূর্ণ হৃদয়ঙ্গম করিবার সাধ্য তাঁহার ছিল না। যে স্তব্ধ মুখের উপরে উনানের রক্তাভ আলোক বিচিত্র তরঙ্গের মতো খেলিয়া ফিরিতেছিল, সেই মুখ তাঁহার সমস্ত অভিজ্ঞতার বাহিরে।"

আর যেদিন এককথায় সমাজের সবরকম নীতি এবং সংস্কারকে পদাঘাত করে কিরণময়ী তার সমস্ত জ্বালা দিবাকরের শরীরে ঢেলে দিল, সেদিন :

'বাহিরে রুদ্ধ পবন গোঁ গোঁ করিয়া চীৎকার করিতে লাগিল, এবং "কিরণময়ীর দুই চক্ষু জ্বলিয়া উঠিল। সুদৃঢ় বলের সহিত দিবাকরকে বক্ষের কাছে টানিয়া লইয়া বলিল, 'জাহাজ যদি ডোবে, আমরা যেন এমনি করেই মরি। তীরে ভেসে যাব, লোকে দেখবে, ছাপার কাগজে উঠবে.....সে কেমন হ'বে ঠাকুরপো।"

এই আত্মবিধ্বংসী মরুভূমির দিকে ভালো করে তাকালে মাঝে মাঝে তার মধ্যেই গোপন এক ওয়েসিসকে হঠাৎ দেখতে পাওয়া যায়। বোঝা যায় কিরণময়ীর তীব্র সমাজদ্রোহী মতবাদ এবং কাজ তার আত্মবঞ্চনা, তার এই আপাত রূপের নেপথ্যে ক্রিয়াশীল, সমাজের প্রতি এক কেন্দ্রানুগ টান। সমাজের কাছেই যে সে পরে ফিরে এসেছে, তা মোটেই বিস্ময়কর নয় :

"কিরণময়ী জিজ্ঞাসা করিয়া উঠিল : 'আচ্ছা ঠাকুরপো, তোমার উপীনদা কি বৌকে বড্ড ভালোবাসেন?'

সতীশ তৎক্ষণাৎ বলিল : 'ওঃ—ভয়ানক ভালবাসেন।'

কিরণময়ী চুপ করিয়া থাকিয়া বলিল : ছোট-বৌকে দেখতে কেমন? খুব সুন্দরী?'

'হ্যাঁ, খুব সুন্দরী।'

কিরণময়ী মৃদু হাসিয়া বলিল, 'আমার মতন?'"

তার কথার মধ্য দিয়েই যে রূপটি আভাষিত হচ্ছে, সে রূপ তার বহিঃরূপের সম্পূর্ণ বিপরীত। তার প্রত্যাশিত জীবন ছিল এক অচঞ্চল, শান্ত ও সমাজ-

অনুমোদিত জীবন। কিন্তু তার দীর্ঘ বিবাহিত জীবন তাকে বিকৃত করে তুলেছে। যে শক্তিতে সে একরাত্রির মধ্যে দীর্ঘকালের সংস্কার পায়ে দ'লে গৃহত্যাগ করেছে, সে জানতো না, তার চেয়েও বড় এক বিপরীত শক্তি তার নিজেরই মধ্যে প্রচ্ছন্ন। সেই শক্তি সমাজের শক্তি, সংস্কারের শক্তি। সেই শক্তি যে তার মধ্যে কত বড়, তা বুঝতে পারি যখন দেখি তার মতো একটি কঠিন চরিত্রও, ঐ শক্তির উজ্জীবনে ভারসাম্য হারিয়ে ফেলেছে—পাগল হয়ে গেছে। যে চরিত্রটি তীক্ষ্ন মননের আলোয় উদ্ভাসিত ছিল, তাকেই শেষ পর্যন্ত দেখলাম উপেন্দ্রের মৃত্যুশয্যায়, মননহীন, যুক্তিহীন এক বিশ্বাসের ধ্বসরতায় :

"আমার আঁচলে মা কালীর প্রসাদ বাঁধা আছে, একটু খাবে? হয়তো ভালো হ'য়ে যাবে। শুনেছি এমন কতলোকে ভালো হয়ে গেছে।"

এই বিশ্বাসই তার চরিত্রের গোপন সত্য। এই বিশ্বাসের পথ ধরেই তার প্রত্যাবর্তন সমাজের ফেলে আসা পথে।

(৫)

অভয়া সমাজ এবং বিবাহের সংস্কারগুলির বিরুদ্ধে শ্রীকান্তের সামনে যে বিক্ষোভে ফেটে পড়েছে—একদিক দিয়ে তার তীব্রতা অনতিক্রম্য, অন্যদিক দিয়ে ঐ বিক্ষোভের কেন্দ্রীয় দুর্বলতা এত বেশী স্পষ্ট যে 'অভয়া' চরিত্রটির অন্তরঙ্গ স্বরূপটিকে একমুহূর্তেই চিনে নিতে পারা যায়। অন্য একদিক দিয়ে অভয়ার ঐ বিক্ষোভের মধ্য দিয়ে শরৎচন্দ্রের নিজের সমাজের ও সংস্কারের প্রতি দুর্বলতা স্পষ্ট হয়ে ওঠে। অভয়া দুশ্চরিত্র স্বামীর নির্দয় অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে এবং যে বিবাহের অর্থহীন মন্ত্রোচ্চারণ স্বামীর ক্ষেত্রে শুধু নিরর্থক প্রলাপের মতো হারিয়ে যায় শূন্যে, সেই 'বিবাহের বৈদিক-মন্ত্রের জোরে স্ত্রীর কর্তব্য বজায় থাকে কি না' সেই প্রশ্নও অকুণ্ঠিতভাবে জিজ্ঞাসা করেছে। সমাজের বিরুদ্ধে তার ঐ জিজ্ঞাসাকে রোহিণীবাবুর মাধ্যমে সে ফুলে ফলে সার্থক করে নিতে চায়।

কিন্তু অভয়া রোহিণীবাবুর সঙ্গে যখন প্রথম গৃহত্যাগ করেছে, তখন সে তার সাময়িক অবলম্বন মাত্র—আশ্রয় নয়। তার আশ্রয় সেই স্বামীই, যার সঙ্গে তার 'অর্থহীন বৈদিক মন্ত্রের' সম্পর্ক। সেই আশ্রয় ভেঙ্গে যাওয়াতেই তার আবেগ, বুদ্ধির সংযোগে তীব্র বিদ্রোহের ভাষায় আত্মপ্রকাশ করেছে। কিন্তু এই মনোবৃত্তি তার প্রকৃত চরিত্র নয়—তার যোগসূত্র যে চিরকালের সংস্কারের শিকলে শত-পাকে বাঁধা। তারই একটু আভাষ :

> "রোহিণীর দরজার কড়া ধরিয়া বার দুই নাড়া দিতেই কবাট খুলিয়া গেল। চাহিয়া দেখি সমুখে অভয়া। অভয়ার চোখমুখ রাঙা হইয়া উঠিল, এবং কোন জবাব না দিয়াই সে চক্ষের নিমেষে ছুটিয়া তাহার ঘরে ঢুকিয়া খিল দিয়া দিল। কিন্তু লজ্জার যে মূর্তি সন্ধ্যার সেই অস্পষ্টালোকেও তাহার মুখের উপর ফুটিয়া উঠিতে দেখিলাম, তাহাতে জিজ্ঞাসা করিবার, প্রশ্ন করিবার আর কিছুই রহিল না।"

অভয়ার বাইরের রূপ তাই যে বিদ্রোহাত্মক মনো-বৃত্তির ইঙ্গিত দেয়, তার প্রকৃত রূপ ঠিক সেই বাইরের রূপের বিপরীত। সেই বিপরীত বিন্দুতে যে অভয়াকে দেখি, সে বিদ্রোহী নয়, বিবাহমন্ত্রকে সে অস্বীকার করে না। স্বামীর নিষ্ঠুরতাকেও সে সমাজশক্তির প্রভাবে নিঃশেষে স্বীকার করে নেয়।

আর এইসঙ্গেই শরৎচন্দ্রের নিজের প্রবণতাটিও খুব স্পষ্ট হয়ে ওঠে। তিনি যে অভয়ার ঐ বিদ্রোহকে অস্বীকার করেছেন তা নয়, আবার সম্পূর্ণ স্বীকারও তিনি করতে পারেন নি। একক ব্যক্তির প্রতি তাঁর সহানুভূতি প্রবল হলেও সমাজশক্তির অন্ধ সংস্কার যে তার ক্ষেত্রেও কতখানি দুশ্চেদ্য—তা বুঝতে পারি অভয়ার প্রতি শ্রীকান্তের কথায় :

> "অন্তর্যামীর কাছে আপনারা হয়তো নিষ্পাপ, কিন্তু মানুষ তো মানুষের অন্তর দেখতে পায় না। প্রত্যেকের জন্যে আলাদা নিয়ম গড়তে গেলে তো সমাজের কাজকর্ম শৃঙ্খলা সমস্তই ভেঙ্গে যায়।"

এখানে সহৃদয়তা থাকলেও শরৎচন্দ্রের উপর

সমাজের অপ্রতিরোধ্য প্রভাব স্পষ্টই প্রকাশিত হয়েছে।

(৬)

"কমল এঞ্জিনের বাঁশী, হৃদয়স্পন্দন নয়"—সমালোচকের এই মন্তব্য স্বীকার করেও যদি তথাকথিত নিষ্প্রাণ ঝক্‌ঝকে এক যান্ত্রিক মতবাদের বিজ্ঞাপন এই চরিত্রটির দিকে আরও গভীরভাবে তাকানো যায়, তবে কি অংশতঃ একটা হৃদয়ের দেখাও আমরা পাই না? 'অংশতঃ' কথাটি বলবার কারণ হ'ল এই যে ১৯১৭-র পর থেকে শরৎচন্দ্রের উপন্যাসে বুদ্ধিবৃত্তির যে উন্মেষ শুরু হয়েছিল, কমল সেই ধারারই শেষ বিন্দু যেখানে বুদ্ধির প্রাধান্য বেশী, হৃদয়বৃত্তির প্রকাশ কম। কিন্তু কম হ'লেও একেবারে হারায় নি। আর সবচেয়ে যা বিস্ময়কর তা হ'ল পূর্বের চরিত্রগুলির মধ্যে যেমন ব্যক্তি ও সমাজের দ্বন্দ্ব ও অবশেষে সমাজশক্তির জয় ঘটেছে, কমলের "বুদ্ধির ঝক্‌ঝকে ইস্পাতের" তলায় যেটুকু হৃদয়ের স্ফুরণ ঘটেছে, সেখানেও ঐ একই দ্বন্দ্বের সূত্রপাত সমাজশক্তির জয় ঘটেছে। অর্থাৎ কমলের ক্ষণিকবাদ তার তর্কে জয়ী হলেও তার জীবনে শেষপর্যন্ত সমাজশক্তিরই পরোক্ষ জয় ঘটেছে। কমল মানুষের মনের ক্ষণিক উপলব্ধিগুলোকে সত্যের মানদণ্ড ধরে নিয়ে যে শেষপ্রশ্নের উত্তর খুঁজেছে—তার বিপরীত পথেই রাজেনের সত্য-পরিক্রমা। কমল বলেছে : "মত আর কর্ম দুইই বাইরের জিনিষ রাজেন, মনটিই সত্য", অন্যদিকে রাজেন বলেছে : "কর্মের জগতে মানুষের ব্যবহারিক ঐক্যই বড়, হৃদয় নয়।" এই 'কর্মের জগত'ই হ'ল সমাজ এবং 'ব্যবহারিক ঐক্য' হ'ল সমাজের শক্তি। কমলের সমাজ-নিরপেক্ষ ক্ষণিকবাদ, রাজেনের ব্যক্তি-নিরপেক্ষ সমাজশক্তির সামনে স্তব্ধ হ'য়ে গেছে। পূর্বের নারীচরিত্রগুলির মধ্যে ব্যক্তি ও সমাজের দ্বন্দ্বের যে গভীর ট্র্যাজেডী মূর্ত হয়ে উঠেছে, কমলের মধ্যে সেই ট্র্যাজেডী সেরকম প্রকাশ না পেলে, তার বুদ্ধিদীপ্ত, একমুখী মনে স্পষ্টতঃ একটি শ্রান্তির সুরকে ধ্বনিত করে তুলেছে : "কমল কহিল : 'জোরে কাজ নেই। বরঞ্চ তোমার দুর্বলতা দিয়েই আমাকে বেঁধে রেখো। তোমার মতো মানুষকে সংসারে ভাসিয়ে দিয়ে যাবো অত নিষ্ঠুর আমি নই...দুনিয়ার সব আঘাত থেকে তোমায় আড়ালে রেখে একদিন যেন আমি মরতে পারি।'"

এই একটি কথার মধ্য দিয়েই কমলের হৃদয় তীক্ষ্ণ সমাজদ্রোহী নিষ্প্রাণ বুদ্ধিবৃত্তিকে অতিক্রম করে যে পথে শেষ পর্যন্ত প্রত্যাবর্তন করেছে, সেই পথেই কিরণময়ী, অভয়া, রাজলক্ষ্মী প্রত্যেককে ফিরে আসতে হয়েছে।

সেই পথ তাদেরই পরিত্যক্ত সমাজের পথ।

(৭)

অনেকের মতে, শরৎচন্দ্রের এই নারীচরিত্রগুলির মধ্যে যে ক্রমাগত সমাজশক্তির জয় ঘটে গেছে, তার কারণ শরৎচন্দ্র গোপনে একজন 'পিউরিট্যান' ছিলেন। অবশ্য শরৎচন্দ্র তাঁর ঐ দুর্বলতাকে নিজেই স্বীকার করে গেছেন। কিন্তু শরৎচন্দ্র পিউরিট্যান ছিলেন কি না কে কথার চেয়েও বড় হ'ল এই চরিত্রগুলির মধ্যের অপূর্ব মাধুর্য—যা আমাদের মুগ্ধ করে। চরিত্রগুলির মধ্যে ঐ দুই বিরোধীশক্তির ঘাত-প্রতিঘাত এবং সূক্ষ্ম অনুভূতিগুলির জ্বলে ওঠা ও নিভে যাওয়া আজও আমাদের আকৃষ্ট করে। বস্তুতপক্ষে, সমাজ এবং ব্যক্তির বিরোধিতা এবং ব্যক্তির পরাজয় কি শুধু শরৎচন্দ্রের যুগেই সীমাবদ্ধ? আজও কি আমরা উপলব্ধির দিক দিয়ে সমাজের অনেক কিছুই না মানতে চাইলেও, চিরায়ত সংস্কারের কানে নতি-স্বীকার করি না? অথবা সমাজের 'পাঁচজনের একজন' হয়ে যা নির্বিচারে মেনে নিই, কেবল মাত্র 'পঞ্চম' হয়ে কি তার বিরুদ্ধে দাঁড়াই না? অথচ শেষপর্যন্ত সমাজকে আমাদের স্বীকার করেও নিতে হয়। মনে হয় বহিরঙ্গ এবং অন্তরঙ্গ, দুদিক দিয়েই আমরা শরৎচন্দ্রের যুগ থেকে অনেক বিষয়ে এগিয়ে এলেও, আজও যে তিনি জনপ্রিয় হয়ে আছেন, তার কারণ ঐ বিশেষ দিক দিয়ে তাঁর চরিত্রগুলির সঙ্গে আমাদের প্রাণের টান আজও ছিঁড়ে যায়নি।

হিন্দু নবজাগরণ ও বঙ্কিমচন্দ্র

কমলকুমার ঘটক

ঊনিশ শতকের শেষ তিন দশকে বাংলাদেশের ধর্ম ও সমাজ জীবনে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে। রামমোহন প্রতিষ্ঠিত ব্রাহ্মসমাজ ১৮৭৮ খৃষ্টাব্দের মধ্যে দ্বিধা বিভক্ত হয়ে যায়। নব্যবঙ্গের অবিসম্বাদিত নেতা কেশবচন্দ্র সেন যোগ, ভক্তি, বৈরাগ্য সাধনায় মন দেন। তাঁর নূতন ধর্মমত নববিধান নামে পরিচিত হয় (১৮৮১)। বিজয়কৃষ্ণ গোস্বামী ব্রাহ্মসমাজ থেকে বহিষ্কৃত হয়ে ভক্তি সাধনায় মন দেন (১৮৮৪-৮৫)। এ সবের ফলে ব্রাহ্মসমাজের প্রভাব ক্রমশ হ্রাস পেতে থাকে এবং নব্য হিন্দুধর্মের উত্থানের সূচনা হয়। দক্ষিণেশ্বরে রামকৃষ্ণ পরমহংস প্রত্যক্ষ ঈশ্বরানুভূতি লাভ করে এক নবযুগের সূচনা করেন। ১৮৮০ খৃষ্টাব্দে নরেন্দ্রনাথ দত্তের সঙ্গে তাঁর সাক্ষাৎ হয়। এই সাক্ষাতের ফল কারও অজানা নাই। ১৮৭৫-১৯০২ খৃষ্টাব্দকে রামকৃষ্ণ বিবেকানন্দ যুগ বা নব্য হিন্দু ধর্মের যুগ বলাই সংগত।

বাংলা সাহিত্যে এই নব্য হিন্দু ধারার প্রবর্তক বঙ্কিমচন্দ্র। বঙ্কিমচন্দ্র বুদ্ধিজীবী, সাধক নন। তাঁর ধর্ম ব্যাখ্যায় যুক্তিবাদ এবং স্বকীয়তার ছাপ সুস্পষ্ট। বিনা বিচারে কোন মতবাদই তিনি গ্রহণ করেননি। কিন্তু "তাঁর চিন্তাতে সে যুগের কঠোর জিজ্ঞাসাগুলির পূর্ণ মর্যাদা তিনি দিতে চেষ্টা করেছিলেন।"[১] ১৮৮২ খৃষ্টাব্দে শোভাবাজার রাজবাড়ীর একটি শ্রাদ্ধ অনুষ্ঠানকে কেন্দ্র করে পাদ্রী হেষ্টির সঙ্গে বঙ্কিমচন্দ্রের স্টেটসম্যান পত্রিকায় কিছু বাদানুবাদ হয়। এই সময় হিন্দু ধর্মের মূল তত্ত্বগুলি সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের মনে কতকগুলি প্রশ্ন জাগে। পজিটিভিস্ট যোগেন্দ্রচন্দ্র ঘোষকে লিখিত বঙ্কিমের Letters on Hinduism এরই ফল। আনন্দ মঠ এর পূর্বে এবং দেবী চৌধুরাণী ও সীতারাম-এর পরে প্রকাশিত হয়। 'ত্রয়ী' নামে পরিচিত এই তিনটি ঔপন্যাসে বঙ্কিমচন্দ্রের ধর্মমতের মূল সূত্রগুলির পরিচয় পাওয়া যায়। বঙ্কিমচন্দ্রের ধর্মচিন্তা তাঁর জীবনের শেষ দশকে (১৮৮৪-৯৪) পরিণতি লাভ করে। ১৮৮৪ থেকে বঙ্কিমের 'প্রচার' ও অক্ষয়চন্দ্র সরকারের 'নবজীবন' প্রকাশিত হতে থাকে। এই দুটি পত্রিকায় বঙ্কিম ধর্ম সম্বন্ধে নিয়মিত আলোচনা করতে থাকেন। তাঁর কৃষ্ণচরিত্র, ধর্মতত্ত্ব, দেবতত্ত্ব ও হিন্দুধর্ম বিষয়ক প্রবন্ধ এবং গীতা ব্যাখ্যা শেষ দশ বৎসরে প্রকাশিত হয়।

এই সময়ে বঙ্কিমচন্দ্রের সাহিত্য চিন্তায় নূতন দৃষ্টিভঙ্গী লক্ষ্য করা যায়। বঙ্কিম নিজেই লিখছেন, "সাহিত্যের আলোচনায় সুখ আছে বটে কিন্তু যে সুখ তোমার উদ্দেশ্য এবং প্রাপ্য হওয়া উচিত, সাহিত্যের সুখ তাহার ক্ষুদ্রাংশ মাত্র। সাহিত্যও ধর্ম ছাড়া নহে। কেননা সাহিত্য সত্যমূলক। যাহা সত্য, তাহা ধর্ম। যদি এমন সাহিত্য থাকে যে তাহা অসত্যমূলক ও অধর্মময়, তবে তাহার পাঠে দুরাত্মা বা বিকৃত রুচি পাঠক ভিন্ন কেহ সুখী হয় না। কিন্তু সাহিত্যে যে ধর্ম ও যে সত্য, সমস্ত ধর্মের তাহা এক অংশ মাত্র। অতএব কেবল সাহিত্য নহে, যে মহত্বের অংশ এই সাহিত্য সেই ধর্মই এইরূপ আলোচনীয় হওয়া উচিত। সাহিত্য ত্যাগ করিও না, কিন্তু সাহিত্যকে নিম্ন সোপান করিয়া ধর্মের মঞ্চে আরোহণ কর।"[২]

ধর্ম বলতে বঙ্কিমচন্দ্র কোন বিশেষ সম্প্রদায়ের ধর্ম বা Religionকে বোঝাননি। তাঁর মতে যে নিত্য সত্য সমস্ত Religionএ আছে তাহাই ধর্ম। যে অবস্থায় মানুষের সর্বাঙ্গীন পরিণতি সম্পূর্ণ হয় তাহাই মনুষ্যত্ব, তাহাই মানুষের ধর্ম।

"The substance of Religion is culture, the fruit of it the higher life" দেবী চৌধুরাণী উপন্যাসে, Letters on Hinduism ও ধর্মতত্ত্বে এ কথা বঙ্কিম পরিষ্কার করেই বলেছেন। তিনি বিশ্বাস করতেন যে মানুষের পক্ষে এই সর্বাঙ্গীন পরিণতি লাভ করা সম্ভব। মানুষের শক্তিগুলিকে বঙ্কিম বৃত্তি নাম

দিয়েছেন। এই বৃত্তিগুলিকে ৪টি শ্রেণীতে ভাগ করা চলে; শারীরিকী, জ্ঞানার্জণী, কার্যকারিণী, চিত্তরঞ্জিণী। "এই চতুর্বিধ বৃত্তিগুলির উপযুক্ত স্ফূর্তি, পরিণতি ও সামঞ্জস্যই মনুষ্যত্ব।"[৩]

মনুষ্যত্বের চরম পরিণতির জন্য আদর্শ প্রয়োজন। বঙ্কিম মনে করতেন এই আদর্শ অদ্বৈতবাদীর 'একমেবাদ্বিতীয়ম' বা হার্বার্ট স্পেনসারএর 'Inscrutable power in nature' এর মধ্যে পাওয়া সম্ভব নয়। "যিনি নির্গুণ তিনি আমাদের আদর্শ হইতে পারেন না.....যাঁহাকে Impersonal God বলি তাঁহার উপাসনা নিষ্ফল, যাঁহাকে Personal God বলি তাঁহার উপাসনাই সফল।"[৪] উপনিষদের ধর্ম বঙ্কিমের মতে অসম্পূর্ণ ধর্ম, পৌরানিক হিন্দু ধর্মই মানুষের শ্রেষ্ঠ ধর্ম। সগুণ ঈশ্বর যেমন মানুষের আদর্শ হতে পারেন, যাঁহাদিগকে মানবদেহধারী ঈশ্বর মনে করা যায় তাঁরাও মনুষ্যত্বের আদর্শ হতে পারেন। যীশুখৃষ্ট খৃষ্টানের আদর্শ, শাক্যসিংহ বৌদ্ধের আদর্শ। কিন্তু হিন্দুর আদর্শ মহাভারতের শ্রীকৃষ্ণ। তাঁহার শারীরিক ও মানসিক বৃত্তিগুলি পূর্ণতাপ্রাপ্ত। তিনি সর্বদা লোকহিতে রত এবং ধর্ম রক্ষার জন্য যুগে যুগে তাঁর আবির্ভাব। হয়ত 'কৃষ্ণ চরিত্র' রচনায় বঙ্কিম নিজের মনোগত আদর্শ দ্বারা চালিত হয়েছেন। কিন্তু তাঁর কৃষ্ণচরিত্রের বিশ্লেষণ বিস্ময়কর। মানবতার পূর্ণ বিকাশ এই কৃষ্ণচরিত্রের মধ্যেই বঙ্কিমচন্দ্র খুঁজে পেয়েছেন।

পূর্ণ মনুষ্যত্ব লাভের উপায় সমস্ত বৃত্তিগুলির উপযুক্ত অনুশীলন। সমস্ত বৃত্তিগুলির ঈশ্বরমুখীনতাই উপযুক্ত অনুশীলন। সেই অবস্থাই ভক্তি। তাহার ফল চিত্তশুদ্ধি। সমস্ত ধর্মের শেষ কথা চিত্তশুদ্ধি। চিত্তশুদ্ধিই প্রকৃত ধর্ম। ধর্মের ফল ইহকালে সুখ এবং পরকালে সুখ। "মোক্ষ আর কিছুই নয় ঐশ্বরিক আদর্শনীত ঈশ্বরানুকৃত স্বভাবপ্রাপ্তি। তাহা পাইলেই সকল দুঃখ হইতে মুক্ত হওয়া গেল এবং সকল সুখের অধিকারী হওয়া গেল।"[৫]

আনন্দমঠ, দেবী চৌধুরাণী ও সীতারাম উপন্যাসে বঙ্কিমচন্দ্র যে ধর্মের কথা বলেছেন তা মূলতঃ কর্মাত্মক ও জ্ঞানাত্মক। কিন্তু ধর্মতত্ত্বে তিনি ভক্তিকেই শ্রেষ্ঠধর্ম বলেছেন। তাঁর সমস্ত জীবনের অনুসন্ধানের ফলে যে সিদ্ধান্তে পৌঁছেছেন তা এই: "সকল বৃত্তির ঈশ্বরানুবর্তীতাই ভক্তি এবং সেই ভক্তি ব্যতীত মনুষ্যত্ব নাই।"[৬] প্রশ্ন হতে পারে যে ত্রয়ী উপন্যাসে বঙ্কিম যে ধর্মের কথা বলেছেন ধর্মতত্ত্বের ধর্ম কি তার থেকে ভিন্ন? এ ক্ষেত্রে মনে রাখা প্রয়োজন, যে ভক্তি বলতে বঙ্কিমচন্দ্র মধ্যযুগের ভক্তির কথা বোঝাননি। মধ্যযুগীয় ভক্তির মূলকথা নির্বিচারে ভগবৎ কৃপার কাছে আত্মসমর্পণ এবং তাঁর প্রসাদলাভ। কিন্তু বঙ্কিমচন্দ্র এ কথা পরিষ্কার কোরেই বলেছেন যে, "বৃত্তি সকলের সমুচিত স্ফূর্তি ব্যতীত মনুষ্যত্ব নাই এবং সেই বৃত্তিগুলি ভক্তির অনুগামী না হইলেও মনুষ্যত্ব নাই। উভয় সমাবেশেই মনুষ্যত্ব। ইহাতে বৃত্তিগুলির স্বাতন্ত্র্য রক্ষিত হইতেছে অথচ ভক্তির প্রাধান্য বজায় থাকিতেছে।"[৭] ভক্তির এই সংজ্ঞা মেনে নিলে বঙ্কিমচন্দ্রের চিন্তাধারায় কোন স্ববিরোধ আছে বলে মনে হবে না।

বঙ্কিমচন্দ্রের ধর্মব্যাখ্যার মূল সূত্রগুলি হিন্দু ধর্ম থেকে গৃহীত। এর মধ্যে নূতন কিছু নাই। কারণ হিন্দু ধর্মের মর্মভাগ অমর, মানবপ্রকৃতিতে তার ভিত্তি। বঙ্কিম এ কথা বিশ্বাস করতেন যে কালভেদে হিন্দুধর্মের বিধির প্রয়োজনীয় পরিবর্তন হয়েছে এবং হবেও। এই পরিবর্তনকে বঙ্কিম স্বাগত জানিয়েছেন। এক্ষেত্রে শতাব্দীর প্রথমের ধর্মসভার নেতাদের সঙ্গে ও তাঁর সমসাময়িক শশধর তর্কচূড়ামণির সঙ্গে তাঁর প্রভেদ লক্ষণীয়। এঁরা প্রাচীন বিধিনিষেধের পরিবর্তনের বিরোধিতা করেছেন। অপরপক্ষে বঙ্কিমচন্দ্র বলছেন যে, "হিন্দু ধর্মে অনেক জঞ্জাল জমিয়াছে, ঝাঁটাইয়া পরিষ্কার করিতে হইবে।" বিনা বিচারে ঋষি বাক্যসকল মস্তকে বহন করিলে "আমরা চন্দনবাহী গর্দভের অবস্থাই ক্রমে প্রাপ্ত হইব। কেবল ভারেই পীড়িত হইতে থাকিব। চন্দনের মহিমা কিছুই বুঝিব না।"[৮]

হিন্দুধর্ম সংস্কারের জন্য জ্ঞানার্জন অপরিহার্য। সে জ্ঞান দুই প্রকার, বহির্বিষয়ক ও অন্তর্বিষয়ক। অন্তর্বিষয়ক জ্ঞান লাভ করা যাবে হিন্দুশাস্ত্রে, উপনিষদে, দর্শনে, ইতিহাসে, পুরাণে, প্রধানত

গীতায়। অন্তর্বিষয়ক জ্ঞানই সনাতন ধর্মের প্রধান ভাগ। কিন্তু তার আগে বহির্বিষয়ক জ্ঞান অর্জন করা প্রয়োজন। বহির্বিষয়ক জ্ঞানের জন্য পাশ্চাত্য শিক্ষার প্রসার দরকার। আনন্দমঠের উপসংহারে তাই বঙ্কিমচন্দ্র ইংরেজের কাছে বহির্বিষয়ক জ্ঞান অর্জনের উপদেশ দিয়েছেন। ধর্মতত্ত্বেও এই বহির্বিষয়ক জ্ঞান Mathematics, Astronomy, Physics, Chemistry, Biology, Sociology পাশ্চাত্যের কাছে যাচ্ঞা করার কথা বলেছেন। কারণ "ইংরেজী শিক্ষায় এদেশীয় লোক বহিস্তত্বে সুশিক্ষিত হইয়া অন্তস্ত বুঝিতে সক্ষম হইবে। তখন সনাতন ধর্মপ্রচারের আর বিঘ্ন থাকিবে না। তখন প্রকৃত ধর্ম আপনাআপনি পুনরুদ্দীপ্ত হইবে।"[৯]

হিন্দুধর্মের সংস্কারের জন্য বঙ্কিম উপনিষদের ধর্ম পুনরুদ্ধারের কথা বলেননি। কারণ বেদ, উপনিষদ বা বুদ্ধের ধর্মের মধ্যে সম্পূর্ণতা তিনি দেখতে পাননি। একমাত্র পৌরাণিক হিন্দুধর্মই জাতীয় ধর্ম হবার উপযুক্ত। বঙ্কিম বেদ থেকে পুরাণ পর্যন্ত হিন্দুধর্মের যে পরিবর্তন তাকে শুভ বলেছেন। কারণ এই পরিবর্তন হিন্দুধর্মকে সর্বাঙ্গ সুন্দর করার চেষ্টার ফলেই হয়েছে। হিন্দুর মন 'Barren and Intellectual' উপাসনায় তৃপ্তি পায়নি।[১০] কাজেই পূর্ববর্তী হিন্দুধর্ম দীর্ঘস্থায়ী হয়নি। পৌরাণিক হিন্দুধর্ম সকলের উপযুক্ত। কারণ এখানে "সতের উপাসনা, চিতের উপাসনা এবং আনন্দের উপাসনা প্রচুর পরিমাণে আছে। বিশেষ আনন্দভাগ বিশেষরূপে স্ফূর্তিপ্রাপ্ত হইয়াছে।"[১১] এই সর্বাঙ্গসম্পন্ন হিন্দুধর্ম স্বভাবতঃই দীর্ঘস্থায়ী হয়েছে। লক্ষ্য করবার বিষয় এই যে বঙ্কিম রামমোহন প্রদর্শিত পথে যাননি। বরং ধর্মের মূল সূত্র এবং সামাজিক বিধির পার্থক্য মনে রেখেছেন। এদিক থেকে তাঁর চিন্তাধারা বিবেকানন্দের চিন্তার সমীপবর্তী। বিবেকানন্দের উক্তি এ প্রসঙ্গে স্মরণীয় "আমি বলি হিন্দুসমাজের উন্নতির জন্য হিন্দুধর্মনাশের কোন প্রয়োজন নাই।.....ধর্মসকলকে সামাজিক সকল ব্যাপারে যেরূপ ভাবে লাগান উচিত তাহা হয় নাই বলিয়াই সমাজের এই অবস্থা।"[১২]

মূর্তিপূজা সম্পর্কেও বঙ্কিমচন্দ্র ও বিবেকানন্দের মতের সাদৃশ্য লক্ষ্য করা যায়। বিবেকানন্দ মূর্তিপূজাকে পাপ বলে মনে করেননি। বরং তিনি ব্রাহ্ম সমালোচকদের সংযত হতে বলেছেন। বঙ্কিমচন্দ্র মূর্তিপূজাকে শ্রেষ্ঠ উপাসনা মনে করেননি। তাঁর মতে যাঁর ঈশ্বর জ্ঞান হয়েছে, সর্বজনে প্রীতি হয়েছে তাঁর পক্ষে মূর্তিপূজার প্রয়োজন নাই। কিন্তু 'যতদিন সে জ্ঞান না জন্মে ততদিন বিষয়ী লোকের পক্ষে মূর্তিপূজা অবিহিত নহে; কেননা তদ্দ্বারা ক্রমশঃ চিত্তশুদ্ধি জন্মিতে পারে।'[১৩] মূর্তিপূজার যে সমালোচনায় ব্রাহ্ম ও খৃষ্টানেরা অভ্যস্ত তার উত্তর বঙ্কিমচন্দ্র হেষ্টিকে দিয়েছেন।[১৪]

"The existence of idols is as justifiable as that of the tragedy of Hamlet or of that of Prometheus . . . . . The homage we owe to the ideal of the human realised in art is admiration, The homage we owe to the ideal of the Divine realised in idolatry is worship."

জাতিভেদ প্রভৃতি সামাজিক প্রথায় যে অবনতি এসেছিল বঙ্কিম তার পূর্ণ সংস্কার চেয়েছেন। কিন্তু জাতিভেদ হাস্যকর বা শোষণের যন্ত্র, বঙ্কিম এ কথা মানেননি। ব্রাহ্মণ এক সময় সমাজের শ্রেষ্ঠ ছিল নিজের যোগ্যতায়। সমাজ ব্রাহ্মণকে ভক্তি করত বলেই সমাজের উন্নতি হয়েছিল। পরিবর্তিত অবস্থায় যে কোন ব্রাহ্মণকে ভক্তি করা চলে না। বরং কেশব সেনের মত মহাত্মা যিনি সুব্রাহ্মণের গুণসকলে ভূষিত ছিলেন তিনি সকলের ভক্তির যোগ্য পাত্র। হিন্দুধর্মের মূল নীতিগুলি যদি সত্য হয় তাহলে সেগুলি পরিত্যাগ করলে লাভ হবে না। বরং সমাজকে সেই নীতি অনুযায়ী সংস্কার কোরতে হবে। বিবেকানন্দ প্রায় এক কথাই বলেছেন। "বুদ্ধ হইতে রামমোহন রায় পর্যন্ত সকলেই এই ভ্রম করিয়াছিলেন যে জাতিভেদ একটি ধর্মবিধান। সুতরাং তাঁহারা ধর্ম ও জাতি উভয়কেই এক সঙ্গে ভাঙ্গিতে চেষ্টা করিয়াছিলেন।"[১৫] বঙ্কিম রামকৃষ্ণ-বিবেকানন্দের যুগেই তাঁর অনুশীলনতত্ত্ব ব্যাখ্যা করেছিলেন। তাঁর ধর্মমতের মৌলিকত্ব এবং কঠোর যুক্তিবাদ স্বীকার করে

নিলেও এ কথা বলা অসঙ্গত হবে না যে সমাজ-সংস্কার সম্বন্ধে তাঁর চিন্তাধারায় শতাব্দীর শেষের বৈশিষ্ট্য প্রতিফলিত। এককথায়, তিনি তত্ত্ববোধিনী সভার যুগের মানুষ নন। বরং তিনি হিন্দু মেলার ও রামকৃষ্ণ যুগের চিন্তাধারার কাছের মানুষ।

হিন্দু মেলার যুগ থেকে হিন্দুধর্মের শ্রেষ্ঠতা প্রচারের যে প্রয়াস চলেছিল মূলতঃ বঙ্কিমের চিন্তা-ধারায় সে প্রয়াসের সমর্থন পাওয়া যায়। হিন্দুধর্মকে তিনি সকল ধর্মের উপরে স্থান দিয়েছেন। হিন্দুর সমস্ত জীবনই ধর্ম। অন্য জাতির বিশ্বাস ঈশ্বর ও পরকাল লইয়া ধর্ম। কাজেই অন্য ধর্ম অসম্পূর্ণ। বঙ্কিমের বিচারে শাক্যসিংহ বা যীশুখৃষ্ট হিন্দুর আদর্শ অবতার শ্রীকৃষ্ণের আসন কখনই পাননি। Letters on Hinduismএ তাঁর একটি উক্তি লক্ষণীয়।[১৬]

"If it (pure monotheism) is found at all it will be found is spheres of lower culture, among Mohamedans for instance."

কাজেই অন্য ধর্মের চেয়ে হিন্দুত্বের শ্রেষ্ঠতা সম্বন্ধে বঙ্কিমচন্দ্র নিঃসন্দেহ। উপন্যাসগুলিতে সাধারণতঃ তিনি মুসলমান শাসনের কঠোর সমালোচনা করেছেন। আনন্দমঠ ও সীতারামে মুসলমান শাসন ধ্বংস ও হিন্দু রাজ্য সংস্থাপনের চেষ্টাকে বঙ্কিমের আদর্শ বললে বোধহয় ভুল হবে না। মুসলমান চরিত্রের কঠোর সমালোচনা তাঁর উপন্যাসে পাওয়া যায়। সাম্প্রতিক কালে একজন প্রসিদ্ধ ঐতিহাসিক বলেছেন যে বঙ্কিম অত্যাচারী মুসলমানের সমালোচনা করেছেন, সাধারণ মুসলমানের নয়।[১৭] একাধিক লেখক এই ধরনের মতের সমর্থনে 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটির উল্লেখ করেছেন। এই প্রবন্ধ থেকে কোন সাধারণ সিদ্ধান্তে আসা কঠিন। সাধারণভাবে বঙ্কিম মুসলমান সংস্কৃতিকে হিন্দু সংস্কৃতির চেয়ে নিকৃষ্ট মনে করেছেন। মুসলমান চরিত্রের সাধারণ সমালোচনাও বঙ্কিম সাহিত্যে বিরল নয়। "ধর, এক ইংরেজ প্রাণ গেলেও পালায় না, মুসলমান গা ঘামিলে পালায়, শরবৎ খুঁজিয়া বেড়ায়। ধর, ইংরেজদের জিদ্ আছে, যা ধরে তা করে মুসলমানের এলাকাড়ি। টাকার জন্য প্রাণ দেওয়া তাও সিপাহীরা মাহিয়ানা পায় না। তারপর শেষ কথা সাহস—কামানের গোলা এক জায়গায়-বই দশ জায়গায় পড়বে না। সুতরাং একটা গোলা দেখে দুশজন পলাইবার দরকার নাই। কিন্তু একটা গোলা দেখিলে মুসলমানের গোষ্ঠীশুদ্ধ পলায়—আর গোষ্ঠীশুদ্ধ গোলা দেখিলেও একটা ইংরেজ পলায় না।"[১৮] (মহেন্দ্রের প্রতি ভবানন্দের উক্তি—আনন্দমঠ) বঙ্কিম সাহিত্যে মুসলমানের প্রতি কঠোর মনোভাব আছে, এ কথা মেনে নিয়েও বঙ্কিমের চিন্তার মূল্যায়ন সম্ভব। প্রথমতঃ বঙ্কিম যে যুগে লিখছেন সে যুগের প্রথম থেকেই সকলে ইংরেজ শাসনকে স্বাগত জানিয়েছেন। রামমোহনও এর ব্যতিক্রম নন। দ্বিতীয়তঃ অষ্টাদশ শতকের মুসলমান শাসনের স্মৃতি ঊনিশ শতকের প্রত্যেক চিন্তাশীল ব্যক্তিকেই পীড়িত করেছিল। কাজেই বঙ্কিম যখন বলছেন "আজ নিয়মের দিন, তখন অনিয়মের দিন। নিয়মের দিনে আর অনিয়মের দিনে তুলনা কর"[১৯] তখন তিনি একটা যুগের অনুভূতিকে প্রকাশ করেছেন। তৃতীয়তঃ জাতীয়তাবাদ বলতে ঊনিশ শতকে হিন্দু জাতীয়তাবাদই বোঝা যেত। রাজনারায়ণ বসু স্বদেশী যুগে Grand father of nationalism নামে পরিচিত ছিলেন। কিন্তু তিনিই 'হিন্দু ধর্মের শ্রেষ্ঠতা' বক্তৃতা দিয়ে হিন্দু নবজাগরণের চেষ্টাকে সাহায্য করেন (১৮৭১)। অবশ্য আদি ব্রাহ্মসমাজের নেতারা বৈদান্তিক ধর্মকেই প্রকৃত হিন্দুধর্ম বলেছেন। বঙ্কিমচন্দ্রের জাতীয়তাবাদ ও হিন্দুধর্ম প্রচারের মধ্যে কোনও বিরোধ নাই। তাঁর মুসলমানের প্রতি কঠোর মনোভাবের মধ্যে কোনও অস্বাভাবিকতা নাই।

এক্ষেত্রে প্রশ্ন উঠবে বঙ্কিম কি মুসলমান রাজ্য ধ্বংসের পরও মুসলমানের ধ্বংস চেয়েছিলেন? নিশ্চয়ই নয়। কারণ বঙ্কিমের অনুশীলন ধর্মে ভক্তির ফল জাগতিক প্রীতি। "এই জাগতিক প্রীতির সঙ্গে আত্মপ্রীতি, স্বজনপ্রীতি এবং স্বদেশ-প্রীতির প্রকৃতপক্ষে কোন বিরোধ নাই।"[২০] বঙ্কিমের অনুশীলন ধর্মে কোনও সম্প্রদায় বা জাতির প্রতি বিদ্বেষের কথা নাই। কাজেই হিন্দু নবজীবন পাওয়ার পর হিংসায় লিপ্ত হবে না। দেশপ্রীতি

ও সার্বলৌকিক প্রীতি, উভয়ের অনুশীলন ও সামঞ্জস্য হলেই ভারতবর্ষ পৃথিবীর শ্রেষ্ঠ আসন পাবে। আনন্দমঠের 'বন্দে মাতরম' ঊনিশ শতকের স্বাধীনতার মন্ত্র হিসাবে স্বীকৃত। স্বাদেশিকতার সঙ্গে জগৎপ্রীতির কোন বিরোধ নাই। বরং জাগতিক প্রীতিতে হিন্দু জাতীয়তাবাদের পরিপূর্ণতা। কাজেই সঙ্গতভাবেই বলা যায় :

"Patriotism was not and could never become the religion of the author of Dharamatattva and was only but a means, albeit essential, to the end which was Jagatiki Priti, love for the whole of creation." [২১]

বঙ্কিম মুসলমানের সমালোচনা করে ঊনিশ শতকের সাধারণ মনোভাবের পরিচয় দিয়েছেন। কিন্তু ধর্মতত্ত্বে ঈশ্বরে ভক্তি ও জাগতিক প্রীতির কথা বলে তিনি ঊনিশ শতকের ভাবধারাকে অতিক্রম করে গিয়েছেন। তাঁর কল্পনার আদর্শ হিন্দুরাজ্যে মুসলমানের প্রতি বিদ্বেষ নাই, আছে সর্বভূতে প্রীতি আর ঈশ্বরে ভক্তি।

ঊনিশ শতকের চতুর্থভাগে যে হিন্দু নবজাগরণ আন্দোলন হয় তাতে বঙ্কিমচন্দ্রের ভূমিকা কি ছিল? এই প্রশ্নের বিচারে কয়েকটি কথা মনে রাখা দরকার। প্রথমতঃ ইংরাজী শিক্ষার প্রসারের ফলে ঊনবিংশ শতাব্দীর প্রথমে হিন্দু যুবকদের মধ্যে তিনরকম মনোভাব দেখা দেয়। একদল যুবক সরাসরি খৃষ্টধর্ম গ্রহণ করেন। দ্বিতীয় দল যাঁদের সংখ্যা উল্লেখযোগ্য, ডিরোজিও পন্থী, স্বাধীন চিন্তাধারার সমর্থক। তৃতীয় দল, ব্রাহ্ম সমাজের ধর্মমতকে শ্রেষ্ঠ বলে মেনে নেন। দ্বিতীয়তঃ রক্ষণশীল হিন্দু সমাজের নেতারা এই তিনটি ধারারই বিপক্ষে ছিলেন। কিন্তু তাঁরা ইংরাজী শিক্ষিত যুবকদের আকৃষ্ট করতে পারেননি। তৃতীয়তঃ এই চারটি ধারাই অল্পাধিক শিক্ষিত ব্যক্তিদের মধ্যে আবদ্ধ ছিল। শতাব্দীর প্রথমে প্রত্যেকটিকেই কলিকাতার নব নাগরিক সংস্কার বলা যেতে পারে। রামকৃষ্ণের আবির্ভাবের আগে কোন আন্দোলনই সারা দেশে পরিব্যপ্ত হয়নি।

হিন্দু কলেজের শিক্ষিত যুবকদল হিন্দুধর্মের প্রতি বীতশ্রদ্ধ ছিলেন। কিন্তু ব্রাহ্মধর্মের বিশুদ্ধ মতবাদ ও জীবনের আদর্শ তাঁরা অনেকেই গ্রহণ করতে পারেননি। ফলে তাঁরা উচ্ছৃংখল ও অনাচারী হয়ে পড়েন। নব্যশিক্ষিত এই যুবকদের বর্ণনা সমসাময়িক সংবাদপত্রে পাওয়া যায়।

"He has a smattering of English . . . . . is ultra fashionable in dress and unceremoniously drags poor Shakespeare and Milton from their repose and misquotes the most familiar passages . . . . . sensual delights are the godesses of his idolatry. He eats beef, cracks a whole battle of Cognac at Spence's or Wilson's".

শতাব্দীর প্রথমের এই যুবকদলের সামনে হিন্দু সমাজের নেতারা কোন আদর্শ দিতে পারেননি। কেবল কঠোর দণ্ডের বিধান দিয়েছেন। বঙ্কিমচন্দ্র শতাব্দীর শেষে নব্য হিন্দুধর্ম বিশ্লেষণ করে শিক্ষিত লোকের সামনে আদর্শের প্রতিষ্ঠা করেন। তাঁর এই বিশ্লেষণ বিশ্বাসের চেয়ে যুক্তিকে অনেক উপরে স্থান দিয়েছে। উপরন্তু হিন্দুধর্মের পরিবর্তনের পথ নির্দেশ করছে। স্বভাবতই শিক্ষিত হিন্দু একে উপেক্ষা করতে পারেননি। বরং নিজ ধর্মে তাঁর বিশ্বাস ফিরে এসেছে। 'প্রচার' এবং 'নবজীবনে' হিন্দুধর্মের আলোচনা দেখলে বোঝা যাবে যে হিন্দু সমাজের শতাব্দীর প্রথমের শংকা কুণ্ঠার ভাব কেটে গিয়েছে। লেখকরা যে ধর্মের কথা বলছেন তা বিবেকানন্দ যুগের Aggressive Hinduism-এর পূর্বাভাষ। বঙ্কিমের চিন্তা রামকৃষ্ণ বিবেকানন্দ ধারা থেকে ভিন্ন। কিন্তু বঙ্কিমের যুক্তিবাদ ধর্ম আন্দোলনের এই ধারার পূর্ণ পরিণতিকে সহায়তাই করেছে, কোন প্রকারে দুর্বল করেনি।

ব্রাহ্ম সমাজের আভ্যন্তরীণ বিপদের সময়েই বঙ্কিমচন্দ্রের বঙ্গদর্শন প্রকাশিত হয় (১৮৭২)। নব্য যুবক সম্প্রদায় বঙ্গদর্শনের প্রতি গভীরভাবে আকৃষ্ট হন। বঙ্কিমের লেখা যুবকদের উপর যথেষ্ট প্রভাব বিস্তার করে, সমসাময়িক ইতিহাসে এর সাক্ষ্য পাওয়া যায়।[২৩]

"The Tattvabodhini was a bit too serious and learned for our youthful minds, while the Bangadarshan with its fictions and poetry and satire as well as historical and social essays appealed more powerfully to us. Bankimchandra rose in our estimation as Sir Walter Scott of Bengal."

যুবকরা একদিকে হিন্দু ধর্মের প্রতি আকৃষ্ট হয়েছিলেন অন্য দিকে বঙ্কিমের রচনায় তাঁদের স্বজাতি প্রীতি ও দেশাত্মবোধ জেগে ওঠে। ভারতবর্ষের ও বাংলার ইতিহাস আলোচনা করে বঙ্কিম আমাদের জাতীয় দুর্বলতাগুলি বিশ্লেষণ করেন। তাঁর এই আলোচনা হিন্দুধর্ম আলোচনার পরিপূরক। বঙ্কিমের মতে স্বাতন্ত্র্যপ্রিয়তা ও জাতি-প্রতিষ্ঠার শিক্ষা আমরা ইংরেজের কাছে পেয়েছি। ধর্মতত্ত্বে স্বদেশপ্রীতিকে বঙ্কিমচন্দ্র সকল ধর্মের উপরে স্থান দিয়েছেন। কিন্তু দেশপ্রীতির ও সার্ব-লৌকিক প্রীতির সামঞ্জস্যের উপদেশ দিয়েছেন। বঙ্কিমচন্দ্রকে কেবলমাত্র হিন্দু জাতীয়তাবাদের প্রচারক মনে করলে তাঁর প্রতি অবিচার করা হবে। এবং হিন্দু জাতীয়তাবাদ স্বদেশপ্রীতি এবং জাগতিক প্রীতিতে পরিপূর্ণতা লাভ করবে, বঙ্কিমের রচনায় এ রকম ইংগিতই পাওয়া যায়। ব্রাহ্ম সমাজের উদার ভাবধারাকে বঙ্কিম প্রতিহত করেছিলেন এ রকম সমালোচনা কোন কোন ঐতিহাসিক করেছেন।[২৪] বঙ্কিমের রচনাতেই এ সমালোচনার উত্তর পাওয়া যাবে। "হিন্দুর ঈশ্বর সর্বভূতময়।.....তাঁহাকে ভালবাসিলে সকল মনুষ্যকেই ভালবাসিলাম। সকল মনুষ্যকে না ভাল-বাসিলে তাঁহাকে ভালবাসা হইল না, আপনাকে ভালবাসা হইল না অর্থাৎ সমস্ত জগৎ প্রীতির অন্তর্গত না হইলে প্রীতির অস্তিত্বই রহিল না। যতক্ষণ না বুঝিতে পারিব যে সকল জগৎই আমি, যতক্ষণ না বুঝিব যে সর্বলোকে আর আমাতে অভেদ ততক্ষণ আমার জ্ঞান হয় নাই, ধর্ম হয় নাই ভক্তি হয় নাই, প্রীতি হয় নাই। অতএব জাগতিক প্রীতি হিন্দুধর্মের মূলেই আছে : অচ্ছেদ্য অভিন্ন জাগতিক প্রীতি ভিন্ন হিন্দুত্ব নাই।"[২৫]

১। ভবতোষ দত্ত, **চিন্তানায়ক বঙ্কিমচন্দ্র** (কলিকাতা ১৯৬১) পৃঃ ৪৭

২। সাহিত্য সংসদ, **বঙ্কিম রচনাবলী ২য় খণ্ড** (কলিকাতা ১৯৬১) পৃঃ ২৪৭

৩। **ধর্মতত্ত্ব ৫ম অধ্যায়। অনুশীলন** পৃঃ ৫৯৫ (বঙ্কিম রচনাবলী ২য় খণ্ড)

৪। **ধর্মতত্ত্ব ৪র্থ অধ্যায়। মনুষ্যত্ব কি?** পৃঃ ৫৯৩

৫। **ধর্মতত্ত্ব ৪র্থ অধ্যায়। মনুষ্যত্ব কি?** পৃঃ ৫৯৩

৬। **ধর্মতত্ত্ব একাদশ অধ্যায়। ঈশ্বরে ভক্তি** পৃঃ ৬২২

৭। **ধর্মতত্ত্ব একাদশ অধ্যায়। ঈশ্বরে ভক্তি** পৃঃ ৬২১

৮। **ধর্মতত্ত্ব ২৪ অধ্যায়। স্বদেশ প্রীতি।** পৃঃ ৬৬৮, ৬৬৫

৯। **আনন্দমঠ** (সাহিত্য পরিষৎ সংস্করণ ১৩৫৪) পৃঃ ১১৭

১০। *English Writings of Bankimchandra* (Bangiya Sahitya Parishad 1940) পৃঃ ৫৪

১১। **ধর্মতত্ত্ব ২৪ অধ্যায়। স্বদেশ প্রীতি।** পৃঃ৬৬৮

১২। গিরিজাশঙ্কর রায়চৌধুরী, **স্বামী বিবেকানন্দ ও বাংলায় ঊনবিংশ শতাব্দী** (কলিকাতা ১৯২৭) পৃঃ ১৫৫

১৩। **ধর্মতত্ত্ব বিংশতি অধ্যায়। ভক্তি।** পৃঃ ৬৪৭

১৪। *English Writings of Bankimchandra* পৃঃ ১০৫

১৫। গিরিজাশঙ্কর রায়চৌধুরী, **স্বামী বিবেকানন্দ ও বাংলায় ঊনবিংশ শতাব্দী** (কলিকাতা ১৯২৭) পৃঃ ১৫৪

১৬। *English Writings of Bankimchandra* পৃঃ ৪৫

১৭। *Amales Tripathi, The Extremist Challenge* (Cal. 1967) পৃঃ ১৭

১৮। **আনন্দমঠ** (পরিষৎ সংস্করণ ১৩৫৪) পৃঃ ২৪

১৯। **আনন্দমঠ** (পরিষৎ সংস্করণ ১৩৫৪) পৃঃ ৩৬

২০। **ধর্মতত্ত্ব ২৪ অধ্যায়। স্বদেশ প্রীতি** পৃঃ ৬৬১

২১। *Amales Tripathi, op. cit.,* পৃঃ ১৭

২২। David Kopf, *British Orientalism and the Bengal Renaissance* (Cal. 1969) পৃঃ ২৫৮

২৩। B. C. Pal, *Memories of my life and times* Vol. I (Cal. 1932) পৃঃ ২২৮

২৪। C. H. Heimsath, *Indian nationalism and Hindu Social Reform* (Princeton 1964) পৃঃ ২৭৪

২৫। **ধর্মতত্ত্ব একবিংশতি অধ্যায়। প্রীতি** পৃঃ ৬৪৯

প্রাজ্ঞতা

বার্ণিক রায়

হে জীবন, কাকে বলো তোমার প্রাজ্ঞতা!

আমাদের প্রাজ্ঞতার অন্ধকারে পাপের গোপন
অপরাধ নিরোধের মতো জ্বলে ওঠে
জলময় জীবনের বিষণ্ন বিষাদে।

মানুষের জীবনে প্রাজ্ঞতা শুধুই বাতুলতা—
শীতময় গাছের বাকলে মেঘের চঞ্চল কান্না
উড়ে যায় দিন শেষে রাতের ব্যথায়;
পাহাড়ের বুক জুড়ে জলের আগুন-তৃষ্ণা
হয়তো কখনো নেভে শাদা বরফের
নিয়তির চাপে, তারপর একদিন দেখি
বুকের পাঁজরে, সারা ফুস্‌ফুসে কালো ক্ষয় রোগ,
ফাঁপ্‌রা-করা অসীম শূন্যতা
ছাই হয়ে মিশে যায় আকাশের গায়

মৃত্যুই প্রাজ্ঞতা :
একালে আমরা তাই সকলেই প্রাজ্ঞ!

৪ঠা মার্চ, ১৯৬৯।

জিষ্ণু দে

বিজ্ঞানের জগতে ম্যাসাচুসেট্‌স্‌ ইন্‌স্টিট্যুট অফ টেক্‌নোলজি বা এম আই টি সুপরিচিত। বিজ্ঞান-কেন্দ্রীক এই বিশ্ববিদ্যালয়ে পৃথিবীর শ্রেষ্ঠ পদার্থ-বিদ, রসায়নবিদ ও প্রাণীবিদ অধ্যাপক ও ছাত্রদের কর্মময় জীবন সুবিখ্যাত। আমেরিকার শিক্ষিততম অঞ্চল বস্টন এলাকায় এই ইনস্টিট্যুট ও পাশের হার্ভাড বিশ্ববিদ্যালয় অবস্থিত।

১৯৬৯ সালের ৩রা ও ৪ঠা মার্চ এই

ইনস্টিট্যুটে একটি বন্ধ্ বা স্ট্রাইক সংঘটিত হয়। ঘটনাটি আমেরিকার ইদানীং শিক্ষাজগতে একেবারে নতুন না। তা হলেও এম আই টি প্রেসের "৪ঠা মার্চ" বইটি খুবই গুরুত্বপূর্ণ কারণ এতে সাধারণ সমস্যারই একটি পূর্ণ রূপ চোখে পড়ে।

আন্দোলনের ইতিহাস

পদার্থবিজ্ঞানীদের বিষয়ে সমাজবিজ্ঞানীদের সাধারণ এক অনুযোগ হচ্ছে তাঁদের সমাজচিন্তার তুচ্ছতা। উদাহরণস্বরূপ অনেক সময়েই দেখা যায় শিক্ষা বা পরীক্ষাব্যবস্থা বিজ্ঞানসম্মত নয় বলে তাঁরা নানা "বৈজ্ঞানিক" শিক্ষাব্যবস্থা চালু করার কথা ভাবেন। কিন্তু সমাজবিজ্ঞানের নিয়ম অনেক-সময়ই বৈজ্ঞানিক নয়।—সমাজব্যবস্থার সর্বাঙ্গীণ একটা পরিবর্তনের কথা বৈজ্ঞানিক ভাবে ভাবা চলে নিশ্চয়ই। কিন্তু আলাদা করে শিক্ষাকে বৈজ্ঞানিক করা যায় না—বিজ্ঞান শিক্ষাকেও নয়। এমনকি বিজ্ঞানের অগ্রগতির ধারাও বিজ্ঞানের নিয়ম অগ্রাহ্য করে সমাজবিজ্ঞানের নিয়ম মেনে চলে বলে অনেক পণ্ডিত মনে করেন[১]। এবং যেহেতু সমাজবিজ্ঞানের নিয়ম অনুযায়ী স্থিতাবস্থা (বা অগ্রগতি) পশ্চাদ-গতির মতই সম্ভাব্য,[২] সেহেতু অনেক সময়েই দেখা যায় বিজ্ঞান পেছু হাঁটছে বা গাড্ডায় পড়েছে।

পদার্থবিজ্ঞানীদের বিষয়ে সমাজবিজ্ঞানীদের অনুযোগের চরম উদাহরণ, ফরাসী দার্শনিক এলুলের আইনস্টাইন বা ওপেনহাইমার বিষয়ে মন্তব্য। তিনি বলেছেন, "আইনস্টাইন, এমনকি অপেক্ষাকৃত সংস্কৃতিপ্রিয় ওপেন্‌হাইমার নিজেদের বিষয়ের বাইরে গেলেই মামুলী তুচ্ছতার ঊর্দ্ধে উঠতে পারেন না।" (জাক্ এলুল; "টেক্‌নলজি-কাল সোসাইটী", ভিণ্টেজ্ পেপারব্যাক্)। বিষয়টির একটি উদাহরণ আমরা পাবো। ওপেন্‌-হাইমার হিরোশিমা ও নাগাসাকি ধ্বংসের কিছুদিন আগেও বলেছিলেন, "আমেরিকান সরকার যাঁরা চালান তাঁরা বিচক্ষণ। তাঁদের হাতে এটম বোমা তুলে দিলে অপব্যবহার হবে, ভাবা ঠিক নয়!"

এম আই টির রিসার্চ স্ট্রাইকের গোড়াপত্তন কিন্তু এক পদার্থবিজ্ঞানের ছাত্র, ফিগেনবাম্ এর বাড়ীতেই। ফিগেনবাম্ ও আরো দুটি ছাত্র কুর্ট্ গট্‌ফ্রিড্ (তখন ভিজিটিং প্রফেসর) ও পরে অধ্যাপক ডেভিড ফ্রিশ্ ও বার্নাড্ ফেল্ড্ এর সঙ্গে আলোচনা করেন। এরা তিনজনেই পদার্থবিজ্ঞানী। পদার্থবিদ্যা বিভাগের বাইরে প্রথম উৎসাহ দেন প্রাণীবিজ্ঞানের ছাত্র কাবাৎ, ও অধ্যাপক সালভাদর লুরিয়া, নোবেল পুরস্কার বিজয়ী লুরিয়া। চমস্কি অবশ্যই এই পর্যায়ের খসড়া প্রস্তাবে রাজী হন। কর্ণেল বিশ্ববিদ্যালয় থেকে হানস্ বেটেকে আমন্ত্রণ জানালে, পদার্থবিজ্ঞানের এই নোবেল পুরস্কার বিজয়ী একদিন বক্তৃতা দিতে রাজী হন। প্রস্তাব হয় ৪ঠা মার্চ রিসার্চ বন্ধ। ফেল্ড্, ফেশ্‌বাখ্ ভাইস্‌কফ্ ও ফ্রান্সিস লো (পদার্থবিদ্) মেসেলসন (হার্ভাড বিশ্ববিদ্যালয়ে প্রাণীবিজ্ঞানী) স্নোলিং (হাভার্ড অর্থনীতিক) ইত্যাদি অনেকে সোৎসাহে সাংগঠনিক কাজে তাঁদের অমূল্য সময় দিতে রাজী হন।

এম আই টির প্রেসিডেণ্ট অধ্যাপক হাওআর্ড জনস্‌ন্ ও প্রভস্ট্ জেরোম্ ভিস্‌নার (ইলেকট্রিকাল ইঞ্জিনীআরিং এর অধ্যাপক ও জন কেনেডীর বিজ্ঞান উপদেষ্টা) ছাত্র ও অধ্যাপকদের সঙ্গে খোলাখুলি সম্পর্ক রাখেন ও প্রগতিশীল। তাই, তাঁদের রিসার্চ স্ট্রাইকের প্ল্যান জানানো হয়। ভিস্‌নার অস্ত্রসম্বরণ ও নিরস্ত্রীকরণের প্রবক্তা হিসাবে, স্বাভাবিকভাবেই, প্রস্তাব করেন ঐ স্ট্রাইকের দিনে, এই সব ব্যাপারে আলোচনা করা হোক। সরাসরি স্ট্রাইকের বিরোধিতা তাঁরা করেননি।

---

(১) এ বিষয়ে সম্প্রতি বহু কাজ হয়েছে তবে টমাস কুনের "স্ট্রাক্‌চার অফ সায়েণ্টিফিক্ রেভোল্যুশন" (শিকাগো বিশ্ববিদ্যালয় : পেপারব্যাক্) বইটিতে সংক্ষেপে অনেক মূল্যবান কথা বলা আছে।

(২) সমাজবিজ্ঞানের বিষয়ে সাধারণ পাঠ্য নানা সস্তা পেপারব্যাক বই বেরিয়েছে। তার মধ্যে আমার মত সমাজ-বিজ্ঞান বিষয়ে অজ্ঞ ব্যক্তির ভালো লাগতে পারে মাইকেল স্টুয়ার্টের "কেন্‌স্ এণ্ড আফ্‌টার।" সমাজ ও বিজ্ঞান সম্বন্ধে একটি বিখ্যাত বই রোজ দম্পতির "সায়েন্স এণ্ড সোসাইটী।" দুটিই পেলিকান পেপারব্যাক।

১৯শে ডিসেম্বর, হার্মান ফেশ্‌বাখের সভাপতিত্বে, প্রথম মীটিং বসে। ইতিমধ্যে ছাত্র ও দু-একজন অধ্যাপক সায়েন্স এ্যাক্‌শন কোঅর্ডিনেশন কমিটি (সংক্ষেপে সাক্‌) বলে একটি সংঘ গঠন করেছেন। ফিগেনবাম প্রথমেই প্রস্তাব করেছিলেন, অধ্যাপকরা সাকের মত আরেকটি কিন্তু আলাদা সংঘবদ্ধ গোষ্ঠী গড়ে তুলুন। এ প্রস্তাব নাকচ হয়ে যায়। কিন্তু, শেষ অবধি, ছাত্র ও শিক্ষকদের একত্রে কাজ করার চেষ্টা বিফল হয় এবং এরকম একটা ভিন্ন সংঘ, উক্‌স্‌—"ইউনিয়ন অফ কনসার্ন্‌ড্‌ সায়েন্টিস্টস্‌" গড়ে ওঠে।

ছাত্ররা স্বভাবতই শিক্ষকদের চেয়ে বেশী প্রগতিশীল ও রাজনৈতিক সংগঠনের কাজে বেশী অভিজ্ঞ। তাছাড়া শিক্ষকরা, এম আই টিকে, ভিয়েতনাম যুদ্ধ ও আমেরিকার সম্পদের অপব্যবহার-এর মতো স্নায়ু-উত্তেজক বিষয়ের সঙ্গে জড়িত করতে ছাত্রদের চেয়ে বেশী ভয় পাচ্ছিলেন। জানুয়ারীতে নিক্সনের বিজ্ঞান উপদেষ্টা, লী দুব্রিজের কাছে প্রতিবাদপত্র পাঠানো নিয়ে এই সংঘর্ষ প্রথম ঘটে। তারপর "সায়েন্স" ম্যাগাজিনে জানুআরীর শেষে, "বিজ্ঞানীরা ৪ঠা মার্চ এম আই-টিতে রিসার্চ বন্ধ করতে চান" এই শীর্ষক প্রবন্ধ বেরোয়। এর পর ২৪শে জানুআরী "বস্টন গ্লোব" পত্রিকা ফিগেন্‌বাম্‌ ও আরেকজন ছাত্রকে ইণ্টার-ভিউ করে ও ছাত্র-শিক্ষক একটি যুক্ত বিবৃতি প্রকাশ করে। সেদিন সকাল থেকেই ডঃ ফেশ্‌বাখের টেলিফোনে অজস্র 'কল' আসতে থাকে। অনেক শিক্ষকই মনে করেন, তাঁদের বক্তব্য অতিরঞ্জিত হয়েছে। এর পরই সাক্‌ ও উক্‌স্‌ ভাগ হয়ে যায়। তারপর থেকে মার্চ পর্যন্ত আর কোন সংঘর্ষ ঘটেনি। উক্‌স্‌ প্রস্তাবে ৫টি ধারা রাখা হয়।

(১) বিজ্ঞান ও টেক্‌নলজি যেখানেই জড়িত সেখানেই নীতির সমালোচনামূলক বিচার; (২) যুদ্ধসংক্রান্ত টেক্‌নলজি থেকে রিসার্চকে সরিয়ে নিয়ে সমাজ ও পারিপার্শ্বিকের সমস্যাসমাধানে নিয়োগের পথ খোঁজা: (৩) ছাত্রদের কাছে এই আশা প্রকাশ যে, তারা মানবকল্যাণের কাজে নিযুক্ত হবে এবং কোন বিনাশকারী অস্ত্র সংক্রান্ত কাজ নেবার আগে তার ফলাফল বিচার করে দেখবে; (৪) দৃঢ়ভাবে এ বি এম (এই প্রবন্ধে বরাবর এ বি এম-এর অর্থ অ্যান্টি ব্যালিস্টিক মিসাইল), নিউক্লিঅর অস্ত্র ও কেমিকাল ও বাইওলজিকাল যুদ্ধসামগ্রীর বিরুদ্ধে মতপ্রচার; (৫) বিজ্ঞানী ও ইঞ্জিনীআরদের সমাজকল্যাণের জন্য গোষ্ঠীবদ্ধ করার সম্ভাবনা খোঁজা। এই প্রস্তাবে, আগে নাম করা বিজ্ঞানীরা ছাড়াও, ব্রুনো রসি, আরভিও কাপ্‌লান্‌, স্টীভেন ভীনবার্গ, ফিলিপ মর্স, (পদার্থবিদ), ডেভিড শুমেকার, আর্ভিং ওপেনহাইম (রয়াসনবিদ), এলিয়ট লীব, কেনেথ হফ্‌ম্যান, ওয়ারেন এমব্রোজ (অঙ্কবিদ্‌), ফ্রাঙ্কো মোদিলিয়ানী, জেরোম রোথেনবার্গ (অর্থ-নীতিক) ইত্যাদি অনেকে নাম দেন।

আলোচনা : প্রথম সভা।

ফিগেনবাম, ছাত্রসুলভভাবে, সভার প্রথম বক্তৃতা পেশ করেন। তিনি বলেন, চার মাস তাঁর থিসিসের কাজ বন্ধ, সংগঠনের কাজে। এবং এই কাজে সব সময় একটা বিষাদ তাঁকে আচ্ছন্ন রেখেছে। বিষাদের কারণ, কেন আমেরিকা ভিয়েতনাম থেকে হাত ওঠায়নি, এবং কেন শিক্ষিত সম্প্রদায় আরো প্রতিবাদে মুখর হয়নি। একটি খুব সাধারণ ভিয়েতনামী ঘটনা তিনি উদ্ধৃত করেন—এক আমেরিকান সৈন্যর রিপোর্ট "অনেক হাত-পা ছড়িয়ে ছিল, কিন্তু জলাজমির মধ্যে সমস্ত গোনা সম্ভব হয়নি। ছটি মাত্র আস্ত ভিয়েতকং দেহ আমরা দেখতে পাই। কিন্তু অন্ততঃ আরো ষাটজন শত্রু আমরা মেরেছি।"

চমস্ককে, অনেকে বলেন, ভাষাতত্ত্বের আইনস্টাইন। সিম্‌বলিকাল লজিক ও অঙ্কভিত্তিক তাঁর থিওরী কিন্তু নানা সামাজিক প্রয়োজনে অঙ্গুলী নির্দেশ করে। চমস্কির থিওরী অনুযায়ী ভাষার সাধারণ ব্যবহার এর সঙ্গে মুক্ত মনের অবিচ্ছেদ্য যোগ। ফলে মুক্তিহানি মানে ভাষাহীনতা!

চমস্কির বক্তৃতায়, স্বাভাবিকভাবেই, নানা গুরুত্বপূর্ণ প্রশ্ন উঠে পড়ে। ১৯৫৯ সালে ফরাসী-

দের ভিয়েতনাম যুদ্ধের সময় স্টেট ডিপার্টমেণ্ট নিঃসঙ্কোচে জানিয়েছিল : কমিউনিজমের ঘাঁটিকে শেষ বিন্দু পর্যন্ত নিশ্চিহ্ন করা দরকার। কিন্তু ১৯৬৯এ তারাই হঠাৎ নিঃস্বার্থভাবে দক্ষিণ ভিয়েতনামীর স্বাধীনতার জন্য লড়ছে, চমস্কি বিশ্বাস করতে চান না। ম্যাকনামারা সম্বন্ধে চমস্কি বলেন : এই সেই লোক, যে চরম দক্ষতার সঙ্গে তাই করে দেখায়, যা কখনো করাই উচিত নয়। "ম্যানেজমেণ্টের হাতেই ক্ষমতা দিতে হবে, কারণ শেষ অবধি তারাই শ্রেষ্ঠ স্রষ্টা—যেহেতু তাদের মালমশলা ভগবানের শ্রেষ্ঠ কীর্তি, অর্থাৎ মানুষ।" বলেছেন ম্যাকনামারা : "ভগবান গণতান্ত্রিক। বুদ্ধি তিনি সমানভাবেই বিলিয়েছেন। কিন্তু তিনি নিশ্চয়ই আশা করতে পারেন তা দিয়ে আমরা সৃষ্টি করব—এবং এই সম্পদসৃজন করানোই হল ম্যানেজমেণ্টের কাজ।" এই একই ভগবানের বিধানেই নিশ্চয় এক সমন্বিত পৃথিবীর অর্থনীতি গ্রথিত করতে হবে, যার মূল মালমশলা আন্তর্জাতিক করপোরেশন। "নিশ্চিত-ভাবেই নতুন এবং আমেরিকান সৃষ্টি" বলেছেন জর্জ বল : "এই ধরনের করপোরেশন করেই পৃথিবীর সম্পদের শ্রেষ্ঠ ব্যবহার করা যাবে। কিন্তু, পৃথিবীর অর্থনীতির আরো সমন্বিত রূপ না হলে, এই করপোরেশনগুলো পূর্ণ স্বাধীনতায় কাজ করতে পারবে না।" এবং চমস্কি বলেছেন : তাহলে এই নিশ্চিত "আমেরিকান সৃষ্টি"র পুরো ফলাফলও "স্রষ্টারা" পাবেন না!

এ বি এম-এর পেছনেও চমস্কি দেখেন অর্থ-নৈতিক লাভ। ২৮টি প্রাইভেট কনট্রাক্টর, ৪২টি প্রদেশে, ১৮২টি কংগ্রেস জেলায় ছড়ানো। তাছাড়া এ বি এম গেলেও আবার অন্য কোন হুজুগ আসবে, যতক্ষণ না জাতীয় প্রয়োজনের আপেক্ষিক গুরুত্ব-সূচীর পরিবর্তন আসে।

চমস্কির পর আসেন এক মজার বক্তা, যিনি সগর্বে নিজের পরিচয় দেন জেনারেল ওয়েস্টমোর-ল্যাণ্ড, ও পরে এ্যাব্রাম্‌স্‌এর উপদেষ্টা ও সরকারী যুদ্ধযন্ত্রের নানাগলিতে ভ্রমণকারী হিসাবে। নাম উইলিঅম ম্যাকমিলান। ইউনিভার্সিটী অফ ক্যালি-ফোর্ণিয়া (লস এঞ্জেলস্‌) থেকে ইনি আসেন—বিজ্ঞানীদের, ভিয়েতনাম যুদ্ধের ব্যাপারে, সরকারকে আরো সক্রিয় সাহায্য করা উচিত—এই কথা জানাতে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে বিজ্ঞানীরা যেরকম যুদ্ধের ব্যাপারে জড়িত ছিলেন, সেরকম হলে ভিয়েতকংরা অনেকদিন আগে হেরে যেতেন, ম্যাকমিলান মনে করেন। এবং সেক্ষেত্রে দুপক্ষেরই মানুষ মারা যেত কম! "মানবিক কারণেই যুদ্ধকে সংক্ষিপ্ত করার জন্য" তিনি আহ্বান করেন এ যুগের বুশ, কনাণ্ট, ইউরে, ফের্মি, ওপেনহাইমার, দুব্রিজদের এগিয়ে আসতে। "খবরের কাগজের ভিয়েতনাম যুদ্ধের একপেশে চেহারার প্রকাশকে অগ্রাহ্য করে, ভিয়েতকংদের দমন করার জন্য আমেরিকান সরকারের হাত শক্ত করতে বিজ্ঞানীরা এগিয়ে আসুক। ছেলেভুলানো ছেড়ে আমাদের বোঝা উচিত পশ্চিমের ভেড়া ও কমিউনিস্ট চিতাবাঘ আজ যুদ্ধে লিপ্ত এবং চিতা তাঁর গায়ের দাগ পাল্টাচ্ছে না সহসা।" আরো অনেক বিষয়ে ম্যাকমিলান সাহেব অনেক জ্ঞান দিয়েছেন। তার মধ্যে, রসায়নবিদ্‌ হিসাবে, রাসায়নিক গ্যাস যুদ্ধে ব্যবহারের বিষয়ে তাঁর বক্তব্য, খুবই প্রণিধানযোগ্য। পৃথিবীর বিজ্ঞানীরা এর বিরুদ্ধে আকারণেই প্রতিবাদে মুখর। কারণ তিনি দেখাচ্ছেন, এই সব গ্যাস, মাত্র কিছুক্ষণের জন্য আঘাতের ক্ষমতা কেড়ে নিয়ে, যুদ্ধে উভয় দিকের মানুষেরই প্রাণহানির আশঙ্কা কমিয়ে দিচ্ছে। তিনি জানিয়েছেন সর্বদেশে পুলিশ ব্যবহৃত গ্যাস-এর মতোই নিরীহ গ্যাস সি এস আমেরিকা ভিয়েতনামে ব্যবহার করে। বর্ণাল পীস লাইব্রেরী (লণ্ডন) ও বার্ট্রাণ্ড রাসেলের ইণ্টারন্যশানাল ওআর ক্রাইমস্‌ ট্রিব্যুনাল-এর দৌলতে অবশ্য এসম্বন্ধে আরো কিছু তথ্য সাধারণ্যে প্রকাশিত।[৩]

(৩) স্টীভেন রোজ সম্পাদিত "কেমিক্যাল ও বাওলজি-কাল ওয়ারফেরার" বইটিতে এবিষয়ে বহু তথ্য আছে। Faculté de Médecine de Paris এর প্রফেসর, এম এফ কাহ্‌ন, রাসেল কমিশনের হয়ে ভিয়েতনামে যান। তিনি দেখেন সি এস ঘন অবস্থায় ভিয়েতকং—আশ্রয়স্থল ছোট্ট গুহা বা কুঁড়েঘরে কুড়ি বাইশ পাউণ্ড পর্যন্ত ছড়িয়ে দেবার মত বোমা আমেরিকা ব্যবহার করে। কাহ্‌ন ও তাঁর বন্ধু-বান্ধবরা দেখেন ২০০ থেকে ২৫০০ মিলিগ্রাম/(মিটার) সি এস দিলে দশ ঘণ্টার মধ্যে কিছু ইঁদুরের দু তৃতীয়াংশ মরে যায়। এ থেকেই এই নির্দোষ টিয়ার গ্যাসের ক্ষমতা অনুমেয়। বইটিতে বলাই বাহুল্য, আরো অনেক তথ্য আছে যা উৎসাহী পাঠক দেখে নিতে পারেন।

কালে সর্বদেশে তা প্রণিধানযোগ্য। "আমাদের নতুন সরকার প্রজাদের অনুমতি নিয়ে গঠিত অর্থাৎ প্রজাতান্ত্রিক। তাই, শুধু শক্তিই যথেষ্ট নয়। চাই ঠকানো (deception)। যখনই কোন সরকার প্রজাদের ভালোভাবে ঠকাতে শেখে, তখনই আমরা তাকে রাজনীতিতে আধুনিক বলি।" এই অর্থেই শিক্ষাজগতের ক্ষমতার প্রশ্ন ওঠে। অ্যারিস্টটলীয় (বা ভারতীয়) ধ্যানের অর্থে নয়, বেকনিয়ান পরিবর্তনের অস্ত্র হিসাবে জ্ঞানকে ব্যবহার করলে তা এই ঠকানোর বিরোধী হয়ে ওঠে। শিক্ষাজগতের এই ক্ষমতা, ৎসিন্ মনে করেন, এতদিন আমরা নষ্ট করেছি। "কিন্তু আর তা আমরা করতে পারি না। আমাদের বলতে হবে আমরা প্রথমে মানুষ, মানুষের ভবিষ্যতে উৎসাহী। তারপর আমরা বিদ্যোৎসাহী, এ্যাকাডেমিক। এক ঘণ্টার মধ্যে, পক্ষপাতহীন বিদ্যাচর্চার স্বপক্ষে, তিনটি লেখা চোখে পড়ে তাঁর। (১) ওআল্টার লিপম্যান, নিউ রিপাব্লিকে পুনর্মুদ্রিত প্রবন্ধে; (২) ড্যানিয়েল বেলের এক প্রবন্ধে; (৩) রিচার্ড হফ্স্টাটার-এর কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের প্রারম্ভিক বক্তৃতায়। কিন্তু, যখন সমাজে সকলেই নিজের উদ্দেশ্য ও অভিসন্ধি অনুযায়ী ছুটেছে, তখন সেই সমাজেরই শিক্ষা-প্রতিষ্ঠানে কিছু বুদ্ধিমান সৎ লোকজন, উদ্দেশ্য-বিহীন বিদ্যাচর্চা নিয়ে পড়ে থাকলে তার বিপদ অনিবার্য। আমাদের ক্ষমতা, সত্যকে খুলে ধরবার ক্ষমতা। আমাদের দেশে, এই বিরাট অশুভ সময়ে দাঁড়িয়ে, আমাদের পথ বেছে নিতে হবে। টাকার জন্য বুদ্ধি ও জ্ঞান আমরা নিলামে চড়াতে পারি, আমরা তা নষ্টও করতে পারি। কিন্তু সরকার পছন্দ করে না, এভাবে তাকে ব্যবহার করতে পারি, তাতে সরকারের দমনের সম্ভবনা জেনেও, যাতে করে সমাজকে পাল্টে দেওয়া যেতে পারে।"

ৎসিনের পর রাবিনোভিচ্ (পদার্থবিদ্যা) বলেন, সভাপতি লুরিয়া ছাড়া তিনিই একমাত্র বিজ্ঞানী বক্তা। এবং সভাপতি কিছু বলবেন না জানিয়েছেন, খুব বিচক্ষণভাবেই। এবং তিনি বয়োজ্যেষ্ঠ। তিনি রাশিয়ায় কমিউনিস্ট বিপ্লব দেখেছেন, নাৎসী শাসনে জার্মানীতে থেকেছেন, ইংলণ্ডে পাঁচ ও আমেরিকায় বহু বছর থেকেছেন। সার্বিক আন্তর্জাতিকতা থেকে বিপ্লবের সংকীর্ণতম জাতীয়তাবাদী হওয়ার রূপ তিনি দেখেছেন রাশিয়ায়, ও কম ঘনিষ্ঠভাবে, চীনে। এবং আমেরিকা আগের চেয়ে বেশি করে সাম্রাজ্যবাদী (imperialist) হচ্ছে, এও তিনি অনুভব করছেন। যদিও তিনি এখনো এই সরকারকেই নিজের পক্ষে শ্রেয়ঃ বোধ করছেন, তবু ভবিষ্যতের পক্ষে এ যথেষ্ট ভালো নয়। অধ্যাপক রাবিনোভিচ্ "এই সরকার ঐ সরকার, এই অর্থ-নীতি ঐ অর্থনীতি" : এই সহজ হিসাবে স্বভাবতঃই বিশ্বাস করেন না। উসুসী নদীর দুপাশে চীন-রাশিয়া রণসজ্জায়। এবং আমেরিকার কংগ্রেস নোংরা জঘন্য, এ ভেবেও লাভ নেই। তিনি মনে করেন বিজ্ঞানীদের এখনো একটা ভূমিকা রয়েছে—আন্তর্জাতিক ভূমিকা। আর ঠিক এইরকম এক ভূমিকা রয়েছে আজকের তরুণ সমাজের। এঁদের নতুন চিন্তাধারা attitude গড়ে উঠ্ছে। তার পরে গড়ে উঠবে নতুন সংগঠন Institution কারণ চিন্তাধারা না হলে সংগঠন হয় না।

এর পর ওঠেন আমেরিকার নতুন বামসংঘ, এস্ ডি এস্, এর এরিক্ মান্। এপর্যন্ত আলোচনায় ছিল এম আই টি, কংগ্রেস, ভিয়েতনাম এমনকি চীন, রাশিয়া। মান্ই প্রথম উঠে বলেন তৃতীয় জগতের কথা। দুর্দশাগ্রস্ত সেই এশিয়া ও আফ্রিকার নির্বাক মানুষদের কথা, যারা সত্যি আণবিক যুদ্ধের ভয়ে ভীত নয়। কারণ, এক হিসাবে, তাদের দৈনিক জীবনই আণবিক যুদ্ধের মত ভয়াবহ।

মান্ আন্তর্জাতিক চিন্তার স্বাধীনতার (academic freedom) ধারণাকেও আঘাত করেন। বস্টনের শ্রমিকদের হয়ে, তাঁর ইচ্ছা করে, ম্যানেজ-মেণ্ট ক্লাশে ঢুকে বলতে, এই শিক্ষার আসল অর্থ কী। মানেজমেণ্ট শিক্ষা : যা মানুষকে ও যন্ত্রকে একই হিসাবে ফেলে কাজ করে। এই শিক্ষাদানের স্বাধীনতা, বা এমনকি ভিয়েতনামীদের মারবার বিরুদ্ধে প্রতিবাদের স্বাধীনতার তুলনায় মানুষকে হত্যা করার স্বাধীনতা, যা সরকারের রয়েছে, তা অনেক বেশী ভয়াবহ সন্দেহ নেই। তাছাড়া পেণ্টা-গণই তো সমস্ত অপরাধের দায়ভাগী নয়—ঠাণ্ডা

ম্যাকমিলানের পর পদার্থবিদ ভিক্টর ভাইস্‌-কফ্‌ বিজ্ঞানের পশ্চাদগতির সম্ভাবনা ইঙ্গিত করেন, তবে উইনস্টন চার্চিলকে উদ্ধৃত করে। তাঁর মতে বিজ্ঞানের সুব্যবহার করা ও অপব্যবহার বন্ধ করা দুভাবে করা চলে। ভেতর থেকে ও বাইরে থেকে। শেষ অবধি বিজ্ঞানীরা আশাবাদী, এই বলে তাঁর বক্তৃতা শেষ।

দ্বিতীয় অধিবেশন।

রোনাল্ড প্রোব্‌স্টাইন্‌ এম আই টির মেকানিকাল ইঞ্জিনীয়ারিং-এর অধ্যাপক। তিনি তাঁর ফ্লুইড মেকানিক্স-এর জ্ঞান ব্যবহার করছেন পলিউশন ও ডিস্যালিনেশন সংক্রান্ত রিসার্চ-এ। তাঁর বক্তৃতায় জানা যায়, অন্যান্য অধ্যাপকরাও এইরকম সমাজ-বিষয়ক রিসার্চে চলে আসছেন। উদাহরণ : প্রফেসর জেম্‌স্‌ কেক্‌ (এটম বোমা ও ব্যালিস্টিক মিসাইল অভিজ্ঞ), প্রঃ এ্যাশার শ্যাপিরো (জেট প্লেন ইঞ্জিনের কাজ বিখ্যাত), প্রঃ জেম্‌স্‌ ফে (ব্যালিস্টিক ও অ্যাণ্টিব্যালিস্টিক মিসাইল-এ অভিজ্ঞ)। প্রোবস্টাইন ও পরে ডেটন, গ্রিনেত্তি ও গ্রুণবার্গ এইভাবে রিসার্চকে সমাজবিষয়ক সমস্যায় পুনর্নিযোজনের কথা (রিকনভার্সন এরই নাম) বলেন। নানা সমস্যা আলোচিত হয়।

আলোচনার শেষে প্রশ্নোত্তরে একজন প্রফেসর গ্রুণবার্গকে সোজাসুজি প্রশ্ন করেন : "প্রফেসার গ্রুণবার্গ, আপনারা এই সিস্টেমের ভেতরে কাজ করছেন ত্রিশ বছর এবং আপনারা এটম বোমা, হাইড্রোজেন বোমা, মিসাইল ইত্যাদি করেছেন। ভবিষ্যতে আপনাদের যা বলা হচ্ছে, তাই করবেন না কি করে জানছেন?" গ্রুণবার্গ : "আমি এর কোন সহজ জবাব দিতে পারছি না। কিন্তু আমার মনে হয়, বাইরে থেকে নীতিবিচার ও নৈতিক শ্রেষ্ঠত্ব প্রমাণ করে লাভ নেই। আমাদের কিছু করবার মতো রাজনৈতিক উপায় বার করতে হবে। কোনায় দাঁড়িয়ে বকবক করা, মিসাইল তৈরী করার মতই অর্থহীন।"

প্রশ্নকর্তা : "মিসাইল খুবই অনীতিগতভাবে স্পষ্ট জিনিস ও বর্তমান! নীতিবিচার আমি করছি না। আমার একটা ভয় রয়েছে মনে!"

তৃতীয় বৈঠক : শিক্ষাজগৎ ও সরকার।

বস্টন বিশ্ববিদ্যালয়ে সরকার সম্বন্ধে অধ্যাপক হাওয়ার্ড ৎসিন (যাঁর পরিচয় বইটিতে ভুলক্রমে বাদ পড়ে গেছে) তৃতীয় বৈঠকের শুরু করেন। বুদ্ধিজীবী ও মূর্খ, আমেরিকার পি এইচ্‌ ডি প্রেসিডেণ্ট উড্রু উইলসন ও জার নিকোলাস, সমানতালে এগিয়ে গিয়েছিলেন প্রথম মহাযুদ্ধে। এ থেকেই বোঝা যায় বুদ্ধির সঙ্গে চরম নির্বুদ্ধিতার এক যোগাযোগ। "Idiot's delight" বলেছেন রবার্ট শেরউড। যুদ্ধের দুই মুখ। একটা হেলেন অফ ট্রয়, আরেকটি বেবুনের পশ্চাদ্দেশ—বলেছেন জিরাদো। ৎসিন্‌ যুদ্ধের মূর্খতা দিয়ে শুরু করেছেন এভাবে।

তাঁর দ্বিতীয় বক্তব্য সমান বলিষ্ঠ। সরকার ক্ষমতা ধরে। তাই, কোনো সরকার ক্ষমতার ভিন্ন কোনো উৎস ততটাই পছন্দ করে, যতটা জন্‌ ডি রকিফেলার পছন্দ করেন তাঁর আওতার বাইরের তৈল শোধনাগার। ইতিহাসে, সরকার তত বেশী টেঁকে, যত বেশী তারা অন্য ক্ষমতার সূত্রকে দমন বা আত্মসাৎ করতে পারে।

তাই যদি ছাত্ররা আর বিজয়ের জন্য প্রাণপাত না করতে চায়, যদি তারা জয়লাভ কথাটাতেই বিশ্বাস না করে, যদি শিক্ষাজগৎ যুদ্ধকে মূর্খ মনে করে সরকারকে বাধা দেয়, তাহলে সরকার সাধারণ উপায়ে তাদের দমন করবে, আশ্চর্য কি! তাছাড়া বন্ধুত্ব ও বিলিয়ন ডলার—এর লোভ? কত চাকরী! পদার্থবিজ্ঞানী এটম বোমা তৈরী করবে। প্রাণীবিজ্ঞানী রোগের বীজাণু। রসায়ণবিদ হলে নার্ভ গ্যাস তৈরী করবে, যাতে ছয় হাজার ভেড়া মারা গেল উটা প্রদেশে। ("অবশ্য ভেড়া, মানুষ নয়। কিন্তু মানুষও ভেড়া হয়ে যাবে না তো?") রাজনীতি-বিজ্ঞানী হলে কাউণ্টার ইন্‌সার্জেন্সি যুদ্ধপ্রক্রিয়ার ওপর কাজ করবে। এম আই টি এই কাজের জন্য নাকি বিখ্যাত!

কিন্তু তাহলে সরকারের ভয়ের কি কারণ আছে? ৎসিন্‌ এ প্রশ্নর যা জবাব দিয়েছেন, সর্ব-

যুদ্ধের পিতা হলেন প্রগতিবাদীরা। উইলিয়ম বাণ্ডি, ম্যাক্‌জর্জ বাণ্ডি, জন কেনেডি, রবার্ট কেনেডি, এড্‌লাই স্টিভেন্‌সন, হুবার্ট হাম্‌ফ্রি। একটি প্রশ্ন মান্‌ তোলেন, যা নিয়ে পরেও অনেক আলোচনা ওঠে। ১৯৫০ সালে বিজ্ঞানীরা কেন এটম বোমার বিরুদ্ধে দাঁড়াননি? মানের মতে (১) তাঁরা জানতেন তাঁদের সরিয়ে অন্য বিজ্ঞানী-দের দিয়ে কাজটি করানো যেতো, (২) তাঁদের প্রতিবাদের ইচ্ছাও হয়নি।

মিলিটারী বা ক্যাপিটালিজম্‌কে সরাসরি আক্রমণ করা তো সম্ভব নয়। কেউ ভাবে না, আমি ক্যাপিটালিজমে যাচ্ছি। তারা বলে, আমরা যাচ্ছি জেনারেল মোটর্স-এ, ফোর্ড ক্রাইসলার, আই বি এম, সি আই এ, এ এফ এল, সি আই ওতে—নামগুলি কি খুব আলাদা? আমরা সবাই সেই লোকটিকে চিনি যে ফিসফিস করে বলে, "আমি এদের কাছে বিক্রী হয়ে যাচ্ছি মনে হচ্ছে, জানি। কিন্তু একটু দাঁড়াও। আসছে মাসেই আমি সমস্ত চক্রান্ত ফাঁস করে দেব। তখন আমি তো কেউ কেটা নয়...তখন আমার প্রতিবাদে গর্জে ওঠার অন্য অর্থ দাঁড়াবে।" প্রকৃতজীবনে, কেউ কেটা নয় এমন লোককে প্রতিবাদ করে উঠতে দেখা যায় খুব কমই। মান্‌-এর মতে সরকারের সঙ্গে থেকে তাকে পরিবর্তন করা সম্ভব না।

ক্যালিফোর্ণিয়া বার্কলের সোশিওলজি ইতি-হাসের অধ্যাপক ফ্রানজ্‌ শুরমান্‌ চীন ও আমেরিকার বৈদেশিক নীতিবিশেষজ্ঞ এবং যুদ্ধবিরোধী। যুদ্ধ ও শহরের মৃত্যু এই দুটিই ধণতন্ত্রের বিভীষিকা। তিনি যা বলেন, তা আমরা আগেও শুনেছি Who Needs the Negroes বই-এ (পেপারব্যাক)। ওক্‌ল্যান্ড বা হাণ্টার্স পয়েণ্টের মত সানফ্রান্সিস-কোর কালোবস্তিতে (ghetto) দোকানই নেই বললে হয়। দোকান যা আছে, তাতে চড়া দাম। আমেরিকার বড়লোকরা অবশ্যই শহরে থাকে না। তাদের দামী গাড়ী থাকে। শহরে তো আবর্জনা ও নিগ্রো। তাছাড়া শহরে নিগ্রো রায়ট ঘটানো হয়। এবং তারপর চলে রায়ট পুলিশের তাণ্ডবলীলা। শুরম্যান তাই এক কথায় বলেন : আমার কাছে বর্ণবিদ্বেষ মানেই শহরের মৃত্যু।

রিসার্চের বিষয়ে শুরম্যান্‌ বলেন : "ঘটনার পেছনের লজিক বার করার একটা আনন্দ থাকলেও ক্রমশঃ তা গতানুগতিক হয়ে যায়। তখন বাকি থাকে সমস্যা সমাধান (problem solving)। কে সমস্যা দেয় তার ওপর নিশ্চয়ই সমস্যার গুরুত্ব নির্ভর করে।" বিশ্ববিদ্যালয় তো গোটা সরকারী তন্ত্রেরই অংশ। এ ব্যাপারে মানের সঙ্গে তিনি একমত। টাকাও ফেডারেল টাকা। একমাত্র উপায় টাকা নিয়েও নিজেদের বিচারবুদ্ধি অনুযায়ী সমস্যা নেওয়া ও সমাধান করা। তা কি সবসময়ে সম্ভব?

অর্থনীতিবিদ শেনলিং, হয় চটে নয় ঠাট্টা করে শুরু করেন, রাবিনোভিচ ও মানকে নিয়ে। বার্ণাড ফেল্ড যখন তাঁকে "উক্‌স"-এর প্রস্তাব পাঠান তাতে ছিল : "একদল বিজ্ঞানী আমেরিকান সরকারের ধ্বংসনীতির উদ্ভাবক। কিছু গণ্যমান্য বিজ্ঞানী বিরোধিতা করেও খুব একটা কিছু করতে পারেননি।" শেনলিং ভাবছিলেন, তিনি কোন দিকে? রাবিনোভিচের কথায় তিনি নিশ্চিন্ত হলেন। তিনি কোনো দিকেই নয়। তিনি বিজ্ঞানীই নয়, অর্থ-নীতিবিদ্‌।

আর মান্‌সাহেব তাঁর ক্লাশে সবিনয়ে আসবেন কিনা, এ প্রশ্নটি শেনলিং-এর কাছে গুরুত্বপূর্ণ। শিক্ষাজগৎ তখনই একটা গোষ্ঠী হিসাবে সম্ভব, যখন পরস্পরের প্রতি সকলের শ্রদ্ধার ভাব থাকে। এবং তা কি আজ আছে?

শেনলিং একটা পরিস্কার ভাগ করতে চান। এক ভাগ সরকারের বিরোধিতা করেই যেটুকু পারে করবে। আর অন্য ভাগে শেনলিং নিজে। তিনি মনে করেন আমেরিকা সরকার শতছিদ্র। সর্বক্ষণ গুপ্ত তথ্য ও লোকজন এই সব ছিদ্র দিয়ে ঢুকছে, বেরোচ্ছে। এবং একটু বিনয়সহ চেষ্টা করলে যে কোন সরকারী ব্যক্তিকেই ধরে উপদেশ দেওয়া যায়। এভাবে কাজ করলে ফল হওয়ার সম্ভাবনা অনেক বেশি। শেনলিং আরো বলেন কয়েক বছরের মধ্যে টাকা পয়সার সমস্যাটা (money problem) মিটে যাবে। হেলার (Heller) প্ল্যান শহরে টাকা ঢালবে। তখন শিক্ষাজগৎ ও শহরের সরকারী কর্তাদের পরস্পরের প্রতি শ্রদ্ধা ও বোধ না থাকলে টাকাটায় কাজ কিছু হবে না।

চতুর্থ বৈঠক

এম আই টির এআরোনটিকসের অধ্যাপক ট্রিলিং পরের অত্যন্ত চিত্তাকর্ষক চতুর্থ বৈঠকের শুরু করেন। সকালের সভায় তাঁরা এক উত্তেজিত স্নায়ুতন্ত্রে আঘাতের নিদর্শন পেয়েছেন। রাবিনোভিচ ও তরুণদের দৃষ্টিভঙ্গীর পার্থক্যে দেখেছেন বিষয়টির সম্পর্কে সকলে কত সচেতন। ট্রিলিং মনে করেন বিশ্ববিদ্যালয়ের কাজ শিক্ষাদান নয়, শিক্ষা সৃষ্টি। (এ ধরনের কথা রবীন্দ্রনাথ ঠাকুর আমাদের বলেছেন, কিন্তু কোন বিশ্ববিদ্যালয় বিশ্বাস করে বলে মনে হয় না)। খালি এই সৃষ্টির কাজে শিক্ষক ও ছাত্রদের সমান দায়িত্ব। দুই নম্বর কাজ, নিজেদের শিক্ষার খুঁটিয়ে বিচার ও শিক্ষার সঙ্গে সাধারণ সংস্কৃতির সমন্বয়। তাছাড়া এই শিক্ষার সাধারণ তথ্যাবলী ও দৃষ্টিভঙ্গী দুইই তরুণ জেনারেশনের কাছে পেঁাছে দেওয়াও বিশ্ববিদ্যালয়ের কাজ। তিন নম্বরে, ট্রিলিং বলছেন, "আজকাল অনেকেই অনুভব করছেন সামাজিক সমস্যাবলীর সমাধানে বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব আছে। এই দায়িত্ব নিয়ে, বিশ্ববিদ্যালয়ের মধ্যে থেকেই কাজ করা তাঁদের কর্তব্য, তিনি মনে করেন। এ দিক দিয়ে তিনি রোমাণ্টিক বিপ্লবের বিরোধী—শেলিং-এর সঙ্গেই একমত, যে যদিও কাজটা খুবই শক্ত তবু এভাবেই এগোনো দরকার।"

এর পরের দুটি বক্তৃতা আমেরিকায় সমধিক প্রচারিত। প্রথমটি ক্যালিফোর্ণিয়া ২৯নং জেলার সেনেটর জর্জ ব্রাউন জুনিঅর। দ্বিতীয়টি প্রাণীবিজ্ঞানী নোবেলপুরস্কার প্রাপ্ত জর্জ ওয়াল্ডের "জেনারেশন ইন সার্চ অফ এ ফিউচার।"

ব্রাউন বলেন, আমেরিকান সমাজে প্রকৃত গণতন্ত্র আজ অনুপস্থিত। তাঁর নিজের নির্বাচনী কেন্দ্রের শতকরা একজন মাত্র তাঁকে সক্রিয় সমর্থন জানায়। তিনি মনে করেন, এই শতকরা একজনকেই বিশ্ববিদ্যালয়ও সক্রিয়ভাবে সঙ্গে পেতে পারে। তিনি একজন দক্ষিণ আফ্রিকান, রোণাল্ড সেগালের বই-এর উল্লেখ করেন "অ্যান আমেরিকান : এ কনফ্লিক্ট অফ্ ক্লিড এণ্ড রিয়ালিটি"।—সেখানে লেখক বলছেন পৃথিবীর অধিকাংশের কাছে আমেরিকা আজ মুক্তি ও ভবিষ্যতের দ্যোতক না হয়ে অতীত ও পরাধীনতার প্রতীক। প্রতিটি সত্তার স্বাধীনতার কথা বললেও, আমেরিকা যে খোলা সমাজ বলে নিজেকে পরিচয় দেয়, তা সে নয়। টাকার এক-চেটিয়া খেলায় স্বাধীনতার প্রয়োগ বন্ধ হয়ে গেছে। হিংসা বাড়ার কারণ, ভোগ্যপণ্যনির্ভর সংস্কৃতি মানুষকে আনন্দ দেয় না। এভাবে যদি চলে, আমেরিকার স্নায়বিক বিচ্যুতি অবশ্যম্ভাবী।

ব্রাউন জেনারেল ইলেক্ট্রিক কোম্পানীর এক রিপোর্ট উদ্ধৃত করে জানান : দেশের আগামী পনেরো বছরে, এই সার্ভের মতে, আটটি প্রবণতা (trend) দেখা দেবে। প্রথম হচ্ছে, ব্যায় করবার মতো প্রকৃত আয়ের শতকরা পঞ্চাশ ভাগ বৃদ্ধি।

শিক্ষার বৃদ্ধি হবে। শিক্ষিতরা ক্রমশঃ কাজের বিষয়ে ও শাসনের বিরুদ্ধে স্বাধীনচেতা হয়ে উঠবে।

অপটু শ্রমিকদের জন্য কাজের ভাগ করা চলতে পারে। কিন্তু কলেজশিক্ষিতদের জন্য, কাজের পরিধি বাড়ানোর দরকার হবে, বোধহয়।

প্রতিষ্ঠানদের ক্ষমতা বাড়বে। "দেশের জন্য ভালো" বললেই কোন দেশের পক্ষে যে কোন কার্যসূচী গ্রহণ করা বিপজ্জনক হয়ে দাঁড়াবে।

এইভাবে আটদফা যে সামাজিক প্রবণতার সূচী করেছে জেনারেল ইলেকট্রিক কোম্পানী, তার সঙ্গে মিল খুঁজে পাওয়া যায় কোন-বেণ্ডিট্দের মতো নতুন বাম তরুণদের বিশ্লেষণের : "কমিউনিস্ট, ট্রটস্কিআইট্, মার্ক্সিস্টরা ক্যাপিটালিস্টদের মতোই সাধারণ মানুষকে উপর থেকে চালানোর কথাই ভাবেন। ফলে গণতন্ত্র এক কর্মসূচী অনুমোদন করার তন্ত্র, প্রণয়নের তন্ত্র নয়।" এই অবস্থার জন্যই, ব্রাউন মনে করেন, ভিয়েতনামের মত ঘটনা আমেরিকার মানুষকে অনুমোদন করতে হয় বা সহ্য করতে হয়।

ব্রাউন অনেক বই উদ্ধৃত করেন—কিন্তু মজার কথা সবগুলিই সমালোচনা থেকে। অবশ্য তা সত্ত্বেও একথা হাজার বার মানতে হয়, ব্রাউনের মত "শিক্ষিত" রাজনীতিবিদ্ পেলে যে কোন দেশ ভাগ্যবান। তিনি যে কত প্রগতিবাদী তার উদাহরণ

তাঁর বক্তৃতার শেষের মন্তব্য—"যদি কোন শিক্ষক ইউনিয়ন সংগঠনের কাজে, ভিয়েতনাম বিষয়ে প্রতিবাদে, জলের তলায় স্কুবা ডাইভিং, যোগাভ্যাসে অভ্যস্ত হন কিম্বা আনন্দ পান এল এস ডিতে বা নিউ থিওলজিতে—তাহলে তাঁর ছাত্রদের তা জানা উচিত। আর এইরকম ধরনের লোকই আমাদের প্রতিষ্ঠানে বেশি বেশি দরকার।"

ছাত্র, শিক্ষক ও ব্যবস্থাপকদের সমাজের সমস্যা সমাধানের প্রতি উৎসাহের জন্য এম আই টিকে অভিনন্দন জানিয়ে তিনি শেষ করেন।

ওআল্ডের লেখার টুকরো উদ্ধৃতি অন্যায়। তাঁর গোটা বক্তৃতার স্বল্পসংক্ষিপ্ত ভাবানুবাদ দেওয়া গেল :

"সবাই অবগত যে পৃথিবীর নানা জায়গায় গত বছর থেকে (১৯৬৬-৬৮) ছাত্রদের বিক্ষোভ দেখা গেছে—ইংলণ্ডে, জার্মানীতে, ইটালী, স্পেন, মেক্সিকোতে আর অবশ্যই আমেরিকায়। এবং মেক্সিকোয় এই বিক্ষোভের মানে ফ্রান্সের সমার্থক নয় বা টোকিওতে এই ঘটনার গুরুত্ব অন্য রকম। কিন্তু ছাত্ররা বিশ্বশুদ্ধ পাগল হয়ে হঠাৎ এই জিনিস করছে, এরকম না ভাবলে এর একটা সাধারণ অর্থ খুঁজতে হয়।

এই অর্থর জন্য অতদূরে যাবার প্রয়োজন নেই। আমি হার্ভাডে ৩৫০ জন প্রথম/দ্বিতীয় বর্ষের ছেলেমেয়ের ক্লাশ নিই। এই কয় বছরে ক্রমশই বেশি করে মনে হচ্ছে কি একটা গণ্ডগোল হয়ে গেছে—শিক্ষায় ও শেখায়। যেন একটা সাধারণ বোধ যে শিক্ষা এখন অপ্রাসঙ্গিক হয়ে যাচ্ছে।

ক্লাশে বক্তৃতা আর কথোপকথনের যতটা অমিল আছে আমরা ভাবি ততটা সত্যি নেই। বক্তৃতা দিতে দিতে শ্রোতাদের মুখ চোখে পড়ে; এবং নতুন তথ্য বক্তার কাছে ফিরে আসতে থাকে। আমার মনে হচ্ছিল, বিশেষতঃ এবছর, যথেষ্ট যেন ফিরে আসছে না। ছাত্রদের কাছ থেকে জানবার চেষ্টা করেছি, কিন্তু বিশেষ কিছু তারা বলতে পারেনি।

কিন্তু, আমার বোধ হয়, আমি যেন তাদের চেয়ে বেশি বুঝি। এই গোটা ছাত্রদের যুগটাই একটা অস্বস্তিতে ভোগে। ওরা বোধহয় এর গোড়ার কারণটা জানেও না। আমি এই অস্বস্তি অনেক বেশী বুঝি। তাছাড়া সবচেয়ে বড় কথা আমিও এই অস্বস্তির অংশীদার।

কি নিয়ে ছেলেরা এত বিচলিত? ওরা কেউ কেউ বলবে ভিয়েতনাম যুদ্ধ। আমি মনে করি আমেরিকার গোটা ইতিহাসে ভিয়েতনাম যুদ্ধ সবচেয়ে লজ্জাকর ঘটনা। আমেরিকাই যুদ্ধ-অপরাধ (war crime)ধারণার স্রষ্টা। আমরা অনেক যুদ্ধ-অপরাধ করেছি ভিয়েতনামে। কিন্তু আমরা দ্বিতীয় বিশ্বযুদ্ধেও অপরাধ করেছি। নুরেমবুর্গ বিচার ও যুদ্ধাপরাধের প্রস্তাবনার আগেও। জার্মানীর শহরের স্যাচুরেশন বম্বিং এক যুদ্ধাপরাধ বা হিরোশিমা ও নাগাসাকিতে এটম বোমা ফেলাও যুদ্ধাপরাধ। আমরা লড়াইএ হারলে আমাদের নেতাদের কাঠগড়ায় জবাবদিহি করতে হত, হয়তো।

আমি এই সব ইতিহাস ঘাঁটছিলাম সম্প্রতি। এবং এর মাঝে একটা চালাকি(gimmick) লুকিয়ে আছে। পরিস্কার লেখা নেই। কিন্তু পূর্বাপর সম্বন্ধের মধ্যে আছে। চালাকিটা এই যে, যদি একবার বলা যায়, আক্রান্ত হয়ে কেউ প্রতিরোধ করছে, তাহলেই সব দোষ মাপ। তাই সব দেশের যুদ্ধ-বিভাগই এখন প্রতিরক্ষা-বিভাগ। এ সমস্তই আমাদের যুগের ভাঁওতার অংশবিশেষ। আমেরিকার ভূতপূর্ব সেক্রেটারী অফ স্টেট, ডীন রাস্ক—যিনি মনে করেন যুক্তির অভাবে এক কথা বার বার বললেই বিশ্বাস্য হবে—তিনি তাই বার বার বলেন, ভিয়েতনামে আমরা আক্রমণ প্রতিহত করছি। এবং তাহলে নিয়ম অনুযায়ী যাই আমরা করি না কেন, সবই ন্যায্য।

যুদ্ধঅপরাধের যদি কোনো অর্থ থাকতে হয়, তাহলে তা আক্রমণ প্রতিহত করার বুজরুকির আওতার বাইরে। কতগুলি গর্হিত কাজ সর্বকালে সর্বদেশে সর্ব অবস্থায় অন্যায্য ঘোষণা করা দরকার।

আমার মনে হয় আমরা ভিয়েতনামে হেরে গেছি—যা আরো অনেকেরই মনে হয়। ভিয়েতনামীদের একটা গোপন অস্ত্র আছে—যা তাদের মরতে রাজী হবার ইচ্ছা, আমাদের মারবার ইচ্ছার চেয়েও বেশী। ব্যাপারটা দাঁড়ায় এই : তারা যেন বলছে, "তোমরা আমাদের মারতে পারো, কিন্তু অনেককে মারতে হবে। হয়তো আমাদের সবাইকে।"

ঈশ্বরের কৃপা, আমরা আজও তা করতে প্রস্তুত নই।

তবু আমরা অনেক দূর এসেছি—অনেক আমেরিকান অসুস্থ বোধ করবার পক্ষে যথেষ্ট। এমনকি আমাদের লড়াই করার লোকদের অসুস্থ করার পক্ষে যথেষ্ট। আমাদের জাতীয় প্রতীক পচে দুর্গন্ধ ওঠার পক্ষে যথেষ্ট।...কিন্তু ভিয়েতনাম যুদ্ধ, লজ্জাকর ও জঘন্য—কিন্তু সেও একটা বৃহত্তর কঠিন পরিস্থিতির একটি বর্তমান রূপ মাত্র।

আংশিকভাবে ছাত্রদের নিয়ে আমার অসুবিধার কারণ, তারা প্রায় সবাই দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে জন্মেছে। ঠিক দ্বিতীয় যুদ্ধের সময় থেকে আমেরিকান জীবনে কতকগুলি নতুন বিকৃতি দেখা দিয়েছিল। আমরা ভেবেছিলাম এগুলি চলে যাবে, আমরা স্বাভাবিক জীবনে ফিরে যাব। কিন্তু ২০ বছর এই বিকৃতি আমাদের সঙ্গেই থেকে গেল। এগুলোকেই স্বাভাবিক জীবনের অঙ্গ ভাবতে ছাত্ররা অভ্যস্ত। কারণ তারা অন্য কিছু জানে না। তারা ভাবে সব সময়েই পেণ্টাগণ, বিরাট সৈন্য-বাহিনী ও ড্রাফ্‌ট্‌ আমাদের জীবনে ছিল। কিন্তু এসব নতুন জিনিস। এবং আমার মতে আমেরিকা বলতে আগে যা বোঝা যেতো, তার সঙ্গে এসব মেলে না।

কজন জানে যে দ্বিতীয় যুদ্ধের ঠিক আগে আমাদের এক লক্ষ ঊনচল্লিশ হাজার সৈন্য ছিল এয়ার ফোর্স সমেত?...এমনকি ১৯৫০এ—সেই ঠাণ্ডা যুদ্ধ, ট্রুম্যান ডক্‌ট্রিনের দিনেও সংখ্যা কমে দাঁড়িয়েছিল ছয় লাখে।

এখন আমাদের পঁয়ত্রিশ লাখ সৈন্য আছে—ছ'লাখ ভিয়েতনামে, তিন লাখ অন্যান্য প্রশান্ত-মহাসাগরীয় অঞ্চলে, আড়াই লাখ জার্মানীতে। কয়েক মাস আগে আমাদের জানানো হয়েছে তিন লাখ ন্যাশানাল গার্ড ও দু'লাখ রিজার্ভ লোককে শহরে রায়ট দমন করার জন্য বিশেষ শিক্ষা দেওয়া হয়েছে।

এরকম সৈন্যবাহিনী রাখলে তারা কাজ খুঁজবেই! ভিয়েতনাম আজ বন্ধ হলে কাল বিদেশে অন্য কোথাও, বা দেশে অন্য কোন ঐরকম কাজে, তারা লিপ্ত হবে।

আর ড্রাফট সম্বন্ধে আমার বক্তব্য খুব সহজ। ড্রাফট তুলে নেওয়া হোক।...ছ'হাজার ড্রাফটের বয়সী ছেলে ক্যানাডায় গেছে, দু'তিন হাজার ইওরোপে এখন অবধি পাওয়া হিসেব অনুযায়ী। মনে হচ্ছে আরো বেশী যাবে বলে তৈরী হচ্ছে।... ড্রাফট বন্ধ করার একটি বিল আসছে কংগ্রেসে ম্যাক্‌গভার্ণ, হ্যাটফিল্ড থেকে গোল্ডওআটার পর্যন্ত সকলের উৎসাহে। আশা করি বিলটি গৃহীত হবে; কিন্তু যখনই আমি দেখি ব্যারী গোল্ড-ওআটার ও আমি এক মত ঘটনাটা আমাকে ভাবিয়ে তোলে। নানাজনে একমত হবার কারণ—ড্রাফট্‌ বন্ধ করারও নানা উপায় আছে। আমার মনে হয় ড্রাফট্‌ বন্ধ করে সৈন্যবাহিনীর সংখ্যাও কমানো দরকার।...

আরেকটা কথা এই বিষয়ে শোনা যায় : স্বেচ্ছা-সেবক দিয়ে সৈন্যদল গড়তে গেলে মাইনে অনেক বাড়াতে হবে। জোর দিয়ে কথাটা বারে বারে বলা হয় বলে অনেকেই কথাটা বিশ্বাস করে। আমি মনে করি না কথাটা ঠিক। আমাদের বর্তমান সৈন্য-বাহিনীর অধিকাংশই স্বেচ্ছাসেবক। প্রথম পর্যায়ে যারা ঢোকে তাদের ৪৯% সত্যি স্বেচ্ছায় আসে, ৩০% ড্রাফটের চাপে কিন্তু স্বেচ্ছায় ও মাত্র ২১% ড্রাফটে! দ্বিতীয় পর্যায়ে তো সকলেই স্বেচ্ছা-সেবক বটেই।

...আরেকটা জিনিস আমাকে খুব বিচলিত করে। ইদানীং আমাদের সমস্ত বিজ্ঞান পরিষদ ওআশিংটনে অফিস করে...সকলের মতো "লবী" করতে।...এইসব অফিসে ব্যুরোক্রাটরা আরো টাকা, আরো ক্ষমতার পেছনে ছোটে। আর প্রতিরক্ষা বিভাগে তো টাকা উড়ছেই!

এর ফলে নানা অদ্ভুত ঘটনা দেখা যায়। আমি প্রাণীবিজ্ঞানী। এক বছর আগে আমেরিকান প্রাণী-বিদ্যা ইনস্টিট্যুট (A.I.B.S.) এক ন্যক্কারজনক বুজরুকির (nauseating display of hypocrisy) চালে ফোর্ট ডেট্রিক প্রস্তাবিত দুটি আলোচনা সভার ব্যবস্থা করে। প্রথমটার নাম ডিফোলিয়েশন (ভিয়েতনামে জঙ্গল ধ্বংসের নামে সবুজবিধ্বংসী অভিযান) না দিয়ে দেওয়া হল, "লিফ এ্যাবসিশান"

বা গাছের পাতার অসুখ। দ্বিতীয়টির সঙ্গে ভাইরাস ছড়িয়ে রোগপ্রচারের কোন সম্পর্ক ছিল না। না ঃ তার বিষয় ছিল "বাইরের ডি এন এ অনুপ্রবেশের ফলাফল"!...

আমার মনে হয় না এই মিলিটারী প্রতিষ্ঠান ও তার আশি মিলিয়ন ডলার বাজেটের সঙ্গে থেকে অতীতের আমাদের জানা আমেরিকার মান বজায় রাখা সম্ভব। সমস্ত দেশের জীবনকে কলুষিত করছে। সব কিনে নিচ্ছে : ব্যাঙ্ক, কলকারখানা, বিশ্ববিদ্যালয় এমনকি শেষ অবধি শ্রমিক ইউনিয়ন পর্যন্ত।

প্রতিরক্ষা বিভাগে অবশ্য সব সময়েই অর্থাভাব শোনা যায়। কিন্তু অভাবসত্ত্বেও আশি বিলিঅন ডলার নিয়ে তারা বেশ কিছু রোমাঞ্চকর অমানুষিক কাজ করে ফেলছে। উদাহরণস্বরূপ রকি পাহাড় অঞ্চলে ডেনভারের কাছে, এক স্নায়ু পঙ্গু করা বিষ তারা বিরাটভাবে তৈরী করা শুরু করে। ফলে অচিরে আনুষঙ্গিক আবর্জনা ফেলার এক সমস্যা দাঁড়ালো। তাতেও না ঘাবড়ে তারা দু'মাইল লম্বা সুড়ঙ্গ খুঁড়ে ডেনভারের তলায় এমনভাবে বিষাক্ত জল ভরতে থাকল যে গত দু'বছর ধরে ডেনভারে ক্রমশঃ বেশি করে ভূকম্পন দেখা যাচ্ছে। একটা বড় রকমের ভূমিকম্পের সম্ভাবনাও রয়েছে। এখন প্রশ্ন উঠছে ঐ বিষজলের ভূগর্ভ হ্রদ যথাস্থানে ছেড়ে রাখাই শ্রেয়? না ঝুঁকি নিয়ে তাকে সরানো ভালো? (ন্যুইয়র্ক টাইমস্ জুলাই ৪, ১৯৬৮; সায়েন্স, সেপ্টেম্বর, ২৭, ১৯৬৮)।

উটার স্কাল্ উপত্যকায় নার্ভগ্যাসে মৃত ৬০০০ ভেড়ার কথা অনেকেই জানেন। অদ্ভুত ঘটনা, যার কারণ আজও সঠিক বোঝা সম্ভব না; কারণ নিকটতম পরীক্ষাগার ছিল ৩০ মাইল দূরে।

ভিয়েতনামে যে পরিমাণ বোমা ফেলা হয়েছে তা চিন্তার অতীত। মে সান্ নামে একটা গ্রামেই যা পড়েছে তা ৪২-৪৩ সালে গোটা ইউরোপে বোমাবর্ষণের বেশী এবং জাপানে গোটা ২য় বিশ্বযুদ্ধে যা পড়েছিল তার চেয়েও বেশী। বসন্তের মত চেহারা হয়েছিল সেখানে মাটির। (ন্যু ইয়র্ক টাইম্স্, মার্চ ২৮ ১৯৬৮)।

সরকারের অস্তিত্বের অর্থ হতে পারে বাঁচার ও বাঁচানোর কাজে। আমাদের সরকার জীবন ছেড়ে মৃত্যুর সঙ্গে জড়িয়ে পড়েছে—মরা ও মারার কাজে! তাই প্রতিরক্ষায় আমাদের জাতীয় বাজেটের ৬০% ও জাতীয় আয়ের ১২% চলে যায়।

আবার আলোচনা হচ্ছে আমরা এ বি এম ব্যবহার করব কিনা। এখানে অনেকে সে বিষয়ে বলার জন্য আছেন। আমি ১½ বছর আগের এম আই টি ও হার্ভাডের এক আলোচনা সভায় একটি ঘটনার কথা বলব। সবাই বলছিল সেণ্টিনেল ও এ বি এম অপ্রয়োজনীয়। সবচেয়ে এ ব্যাপারে অভিজ্ঞরা কিন্তু বললেন "এ তো সব স্থির হয়ে গেছে। সেটা ধরে নিয়ে আমরা এগোই। মৃত একটা প্রশ্ন নিয়ে আলোচনা করে লাভ নেই।"

এই জাতীয় কথাবার্তার প্রথা এখন সর্বাধিক প্রচারিত। ভাগ্যক্রমে এ বি এম মৃত প্রশ্ন নয়। এ বি এম আণবিক অস্ত্র। আণবিক অস্ত্রকে বন্ধ করতে ব্যবহৃত আণবিক অস্ত্র। এবং সমস্ত আণবিক অস্ত্র বিষয়ে সমস্ত পৃথিবীর জীবিত লোকের জীবন্ত প্রশ্ন আছে!

"এই সমস্তই জীবনের সত্য, একে মেনে নিতে হবে" এই প্রথা চলবে না। এ সমস্ত জীবনের সত্য না, মৃত্যুর সত্য। আমি এ সত্য মানি না, আপনাদেরও অনুরোধ করি মানবেন না। বারেবারে আমাদের ওপর চাপ দেওয়া হয়, "স্থির হয়ে গেছে" এরকম প্রস্তাব মেনে নিতে হবে। কিন্তু এ সমস্ত মেনে নেওয়া সম্ভব নয়। এই সমস্ত নিয়েই আমাদের লড়তে হবে, যা স্থির তাকেই অস্থির করতে হবে।

আমাদের বলা হয়েছে রাশিয়া ও আমেরিকা যা অস্ত্র তৈরী করেছে তাতে পৃথিবীর প্রতি নরনারী শিশুর মাথা পিছু ১৫ টন টি এন টির সমান বিস্ফোরক পদার্থ মজুত আছে। আরো নাকি তৈরী করতে হবে—কারণ এই নাকি "জীবনের সত্য ঘটনার অন্যতম।" অস্ত্রসংবরণ হবেই। তার আগেই আমরা আরো বেশ কিছু অস্ত্র করে ফেললে তবেই বেশ এগিয়ে গিয়ে অস্ত্রসংবরণ করেও আমরা রাশিয়াকে টেক্কা দিতে পারব আমাদের প্রতিরক্ষা সেক্রেটারী বলেছেন।

এ সমস্তই পাগলের প্রলাপ। আণবিক অস্ত্রের প্রতিরোধ নেই। এ বি এম তৈরীর চেয়ে অনেক

সহজ এ বি এম এড়িয়ে আণবিক বোমা ফেলা। আমরা এ বি এম-এর সঙ্গে সঙ্গেই তৈরী করছি মির্ভ (MIRV) যা দিয়ে এ বি এমকে নিষ্ক্রিয় করা যায়। আণবিক যুদ্ধ ঘটলে তাহলে কম করেও পাঁচ কোটি আমেরিকান মারা যাবে।

এবং বাকীরা খবরের কাগজে খবরটা নিশ্চিন্তে পড়বে কি? হিরোশিমা, নাগাসাকিতে দু'লাখ লোক আমরা মেরেছিলাম কি শুধু? না সমান সংখ্যক লোককে অন্ধ, খোঁড়া করে, পুড়িয়ে বিষিয়ে, দীর্ঘদিন কষ্ট দিয়ে মেরেছি? এই ভাবেই ঘটনাটা হবে। শুধু কয়েকজনের অন্ত্যেষ্টি ক্রিয়া নয়—দেশজোড়া অসহায়, আহত, স্থিরমৃত্যু লোকেদের তিলে তিলে দগ্ধানো। আর যারা বেঁচে গেছে তাদের সশস্ত্র চেষ্টা, অকলুষিত খাবার ও জল অন্যের কাছ থেকে নিজের জন্য কেড়ে নেওয়ার চেষ্টা।

কয়েক মাসে আগে জর্জিয়ার সেনেটর রিচার্ড রাসেল বলেছেন, "যদি আবার এ্যাডম ও ইভ থেকে শুরু করতে হয় আমি চাই তারা হবে আমেরিকান, ইওরোপীয় নয়।" ঐ কথা কি আমেরিকান সেনেটরের দেশপ্রেমিক বক্তৃতা? তাহলে আমি আজ এখানে দাঁড়িয়ে বলতে চাই : এই একজন নোবেল প্রাইজ প্রাপ্ত বিজ্ঞানী অন্ততঃ মনে করে ঐ কথাগুলি দাগী আসামীর উন্মত্ত প্রলাপের সমান।

আমি জানি কি আমাদের ছাত্রদের অস্বস্তিতে ফেলছে। আমরা এই নতুন যুগের মানুষদের সামনে দাঁড়িয়েছি, যারা জানে না নিশ্চিতভাবে, তাদের কোন ভবিষ্যৎ আছে কিনা।

আমি বৃদ্ধ হয়ে যাচ্ছি। আমার ভবিষ্যৎ, বলতে গেলে, আমার পেছনে রয়ে গেছে। কিন্তু এই আমার ছাত্রদের কথা সব সময় আমার মনে খোঁচায়; আর আমার বাচ্চারা আছে—দু'জন, একজন সাত একজন নয় বছরের। এদের সকলের ভবিষ্যৎ আমার কাছে আমার নিজের ভবিষ্যতের চেয়ে অসীম মূল্যবান। তাই এরা শুধু একা নয়। আমাদের যুগের লোকও এদের সঙ্গে জড়িত। আমরা সবাই এক-সঙ্গেই আছি। আমরা চীন বা রাশিয়ার সঙ্গে পাল্লা দিচ্ছি এ চিন্তাই ভুল, তুচ্ছ চিন্তা। ওভাবে চিন্তায় শুধু পরস্পরের মৃত্যু। আমরা এক জাতি এবং গোটা দুনিয়া আমাদের জিতে নিতে হবে। এই বিশ্বজগতে জীবন আরো আছে। কিন্তু আমরাই একমাত্র মানুষ।

আমাদের কাজ জীবনকে নিয়ে, মৃত্যুকে নিয়ে নয়।"

